Vol. VI, No. 1 & 2, January & July 2019 | ISSN-2348-3849

# MANAN





“বেঁচে থাক বিদ্যাসাগর চিরজীবী হয়ে,
সদরে করেছ রিপোর্ট, বিধবাদের হবে বিয়ে।...”

An Academic Peer Reviewed Journal of
All Bengal State Govt. College Teachers' Association

// MANAN

**An Academic peer reviewed Journal of**
**All Bengal State Govt. College Teachers' Association**

**Vol. VI, No. 1 & 2, January & July 2019**

**Board of Advisors:**
Professor Dr. Nimai Ch. Saha, Honourable V.C. Burdwan University
Professor Dr. Laksminarayan Gupta, Retd. Prof. of English, Burdwan University
Professor Dr. Debidas Chattaraj, Retd. Prof. of Mathematics, Presidency College (presently University)
Professor Subrata Panda, Retd. Prof. of English, Maulana Azad College
Professor Dr. S.C. Biswas, Retd. Prof. of L.I.S., Burdwan University
Professor Dr. Arup Kr. Das, Dept. of Bengali, Calcutta University
Professor Dr. Parthasarathi Mukhopadhyay, Dept. of L.I.S., Kalyani University
Pranab Hazra, Librarian, Sidho-Kanho-Birsa University
President, ABSGCTA
Dr. Susanta Roy Karmakar, General Secretary, ABSGCTA
Treasurer, ABSGCTA

**EDITOR**

**Dr. Shyam Sundar Kundu**

**BOARD OF EDITORS**

Prabir Ghosh Roy
Dr. Debnarayan Roy
Dr. Bikash De
Prof. Ariktam Chatterjee
Prof. Sujata Rani Rai
Dr. Tapas Kr. Pal
Dr. Pranab Kr. Ganguly
Dr. Gautam Bandyopadhyay
Dr. Sourav Chakrabortty
Sujit Chattopadhyay
Dr. Sutapa Sanyal
Prof. Rhitabrata Chatterjee
Dr. Malay Kr. Mukhopadhyay
Prof. Debasish Banerjee
Prof. Chandra Sekhar Pandit
Dr. Avishek Ghatak
Dr. Tuhin Subhra Sarkar
Dr. Asraf Ali

**Published by: The General Secretary, All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, 2nd floor, 210, B. B. Ganguly Street, Kolkata-700012.(Registered under W.B. Societies Registration Act 1961, No. S/46170 of 1984-85.)**

# INSTRUCTIONS TO AUTHORS

**1. Manuscripts:**

In text format >M S Word & A-4 format >Font: Times New Roman, size-12, with 1.5 line spacing following British spelling and submitted to the Board of Editors, MANAN, Academic Journal of All Bengal State Govt. College Teachers' Association, Goenka College of Commerce and Business Administration, through mail to any one of the following mail.id > dr.s.s.kundu@gmail.com/ subidar@redifmail.com/ sutapa2007.sanyal@gmail.com

**2. Structure:**

* Title: not more than 20 words,
* Authors including designation and name of the College/Institution,
* Mail Id of the Author* (Asterisk/to whom correspondence should be addressed),
* Keywords: not more than 10 words,
* Abstract: within 50-100 words,
* Introduction: not more than 200 words,
* Result and Discussion: if required for science, within 2000 words,
* Main article: for Arts, not more than 3000 words,
* Conclusions: not more than 200 words,
* Experimental Section: for science, as required.

3. Notes and References in the article the number of the references (may be placed as superscript) at the end of the article. References should be listed alphabetically/serially as follows:

* For Book, e.g. > De, Sushil Kumar. History of Sanskrit Poetics. Calcutta: Pharma K.L.M. Pvt. Ltd., 1976. (Insert ISBN if available).
* For journal article: e.g.>Watts, A.G. & Kidd, J.M. "Guidance in the United Kingdom: past, present and future". In - British Journal of Guidance & Counseling. 2000. Vol. 28(4). P-485-502. (Insert ISSN if available).
* In case of Conference Proceedings: e. g.> TECTONIC EVOLUTION OF THE HIMALYAS AND TIBET. PROCEEDINGS OF A ROYAL SOCIETY DISCUSSION MEETING HELD ON 11 AND 12 NOVEMBER 1987. ORGANIZED AND EDITED BY R.M. SHACKLETON, J.F. DEWEY AND B.F. WINDLEY. London: THE ROYAL SOCIETY, 1988.
* In case of Newspaper Article, e.g.> Poddar, Ashis. "Ramayana microfilm in wobbly hands: Microfilm of Original Manuscript of Krittibas Ojha Gathering Dust at Fulia Museum". In-Times of India. November-2, 2009. P- 5.

* In case of anonymous Document> Upanisad Granthabali. Edited and translated by Swami Gambhirananda.7th Ed. Kolkata : Udbodhan Karyalaya, 2015. Vol. I-III.
* In case of Classics> Kautiliya's Arthasastra. Translated by the Late Mahamahopadhyay, Arthasastravisarada Vidyalamkara Panditaraja Dr. R. Samsastry. With an Introductory note by the Late Dr. J. F. Fleet. 6th Ed. Mysore: Mysore Printing and Publishing House, 1960.
* In case of Webliography, e. g. > http://www.erg.sabanciuniv.edu (accessed on January 2019)
* Chart and diagram should be prepared in M S Office (Word/ Excel) and placed along with the text, however if find difficult then it may be placed at the end of the article with proper appendix.
* Acknowledgments: as required. The date and place of the Interview is to be mentioned.

**N. B. : Paper should be sent with a request to the Editor with an undertaking, that the article/paper/report is original and never published anywhere in any form earlier.**

**Published by:** The General Secretary, All Bengal State Govt. College Teachers'Association. Goenka College of Commerce and Business Administration. 2nd Floor, 210, B. B. Ganguly Street, Kolkata-700012. (Registered under W.B. Societies Registration Act, 1961, No. S/46170 of 1984-85)

**Printed at:** Century Press
Sudipta Sarkar
21 Patuatola lane, Kolkata-700009.
Mobile : 9830240480 E.mail : sudipta.press@gmail.com

**MANAN**

**An Academic peer reviewed Journal of**
**All Bengal State Govt. College Teachers'Association**

**Vol. VI, No. 1 & 2, January and July 2019**

## EDITORIAL

I feel proud to say that in spite of many difficulties, our Academic Journal 'MANAN' Vol. VI, No.1&2, 2019 has now been published. Ours is an Academic Organisation, every member of our Association and many other learned persons having thrust for knowledge and information have been provided with ample opportunity for their intellectual exercise according to their area of interest. There is no denying of the fact that 'MANAN' extends this intellectual platform for the enrichment of our field-specific and subject-specific knowledge. I like to mention in this context that I had a desire to publish a commemorative volume on Ishwar Chandra Vidyasagar on the occasion of his two hundred years of birth anniversary and I feel glad to say that it is possible for me to successfully publish a few important articles on Vidyasagar as our tribute to this great man and educationist, a philanthropist and above all a great social reformer that our country has ever produced. So, on the eve of the publication of this volume I never miss the opportunity to express my deep sense of gratitude and many heart-felt thanks to those who have, in spite of their busy schedule, contributed their valued writings for the publication of the present Volume i.e. Vol. VI, No1&2, 2019.

Dr. Shyam Sundar Kundu through his rigorous studies has drawn our attention to a significant contribution left by Vidyasagar towards the development and further enrichment as well as preservation of the Sanskrit College Library. Perhaps this valuable contribution of Vidyasagar was not known to many of us. Dr. Kundu has pin pointedly thrown light to this hidden fact. This aspect of Vidyasagar's contribution was based on the original letters and reports during the tenure when he was the Principal of The Sanskrit College. Dr. Pranab Kumar Ganguly has focused on the ever memorable role played by Ishwar Chandra Vidyasagar for the emancipation of women for which every Indian women will remember this great humanist with due regard. Dr. Rabin Ghosh has analysed an important aspect of the literary works of Vidyasagar i.e. his literary works based on translating classic books of Hindi, English and Sanskrit. Mr. Ghosh has explained in a very elegant manner that Vidyasagar did never mechanically translate any book, rather he successfully made addition, alteration and modification to the extent it is required for its assimilation with his work of translation. Dr. Goutam Patra in his article on Vidyasagar has

rightly pointed out that in spite of continuous opposition from several corners he continued with his movement against the atrocities on the women in order to give them a place of dignity through their educational and socio-cultural development. Mr. Sujit Chattapadhyay in his writings has logically explained the reciprocity in the life and thoughts of the two stalwarts-Vidyasagar and Akshay Kumar Dutta. Sri Chattapadhyay has explained in unambiguous term that unlike Akshay Kumar the protest made by Vidyasagar against the then social evils was not confined to reformatory writings; rather he provided an able leadership to achieve his goal.

Moreover, apart from the writings on Vidyasagar, articles from other fields of knowledge have also found place in Part 2 in the present Volume. Prof. Salma Ahmed of Jahangirnagar University, Dhaka, has very convincingly discussed from historical perspective the evolution and gradual development of photography and its present state in the context of Bangladesh, the country waiting to celebrate within a couple of years its 50th anniversary of Independent year. This article is rightly designed with some rare photographies which has thrown light on the photographers also, whose contributions are often out of sight to the common people. Mr. Kaustav Chakraborty has contributed an article which is very pertinent and relevant through his writings he has shown. I am thankful to all of my learned contributors.

It is to be noted that the contributors solely deserve the credit for their writings but at the same time, are equally responsible for the criticism or dispute, if any, for the publication of their articles. Our Association (i.e. All Bengal State Govt. College Teachers' Association) will not be responsible in case of any question or dispute arising out of their articles that have been published. I conclude with an appeal to all of my learned colleagues and other learned persons to contribute their valuable articles for regular publication and further enrichment of this peer-reviewed journal '**MANAN**'

**Dr. Shyam Sundar Kundu**

MANAN

**An Academic peer reviewed Journal of**
**All Bengal State Govt. College Teachers'Association**

**Vol. VI, No. 1 & 2, January and July 2019**

## CONTENTS


| Sl. No. | Article | Author | Page |
|---|---|---|---|
| 1. | সংস্কৃত কলেজ লাইব্রেরি ও অচেনা বিদ্যাসাগর ঃ চিঠিপত্রের আলোকে | ডঃ শ্যামসুন্দর কুণ্ডু | 1-43 |
| 2. | Remembering Iswar Chandra Vidyasagar for his contribution for women empowerment | Dr. Pranab Kumar Ganguly | 44-52 |
| 3. | আন্তঃসাংস্কৃতিক প্রেক্ষাপটে বিদ্যাসাগরের কথাগ্রন্থের মূলানুগত ও মৌলিক স্বরূপ | ড. রবিন ঘোষ | 53-64 |
| 4. | Vidyasagar: Emancipation of women and Contemporary social customs in colonial Bengal | Dr. Goutam Patra | 65-71 |
| 5. | Vidyasagar and Akshay Kumar Dutta : A Reciprocity in Life and Thoughts | Sujit Chattopadhyay | 72-80 |
| 6. | আলোকচিত্রের ক্রমবির্বতন ঃ প্রেক্ষিত বাংলাদেশ | সালমা আহ্‌মেদ | 81-99 |
| 7. | Bats harbor infectious SARS-Corona Viruses but are not affected by them. Why? | Kaustav Chakraborty | 100-104 |

*m*ANAN, Vol. VI, No. 1 & 2, January & July 2019 ISSN-2348-3849

# সংস্কৃত কলেজ লাইব্রেরি ও অচেনা বিদ্যাসাগর ঃ চিঠিপত্রের আলোকে

**ডঃ শ্যামসুন্দর কুণ্ডু ***

সংস্কৃত কলেজের অধ্যক্ষ হিসেবে ভীষণ আগ্রহ জানিয়ে, এককথায় বলা যায় ব্যাকুল হয়ে চিঠি পাঠাচ্ছেন বিদ্যাসাগর উর্ধতন কর্তৃপক্ষের কাছে। ঘটনাচক্রে এবং হঠাৎই তাঁর কাছে এসে পড়েছে একটি পুঁথি, রামায়ণের পুঁথি, যেটি নির্ভেজাল, সঙ্গে টীকাও আছে। এমন একটি অমূল্য পুঁথি তো হাতছাড়া করা চলে না; কিনতেই হবে তাঁকে। এবং সেটি কেনা হবে সংস্কৃত কলেজ লাইব্রেরির জন্যে — যাতে অনেকেরই গোচরে আসবে। সহকর্মী, শিক্ষার্থী এবং ভবিষ্যৎ প্রজন্ম তা চাক্ষুষ করতে পারবে; গবেষণার জন্য কাজেও লাগবে। তবে কিছু নিয়ম মেনে করতে হবে। দামটা কম নয় — ১১০ (একশো দশ) টাকা। সে আমলে যখন চার টাকা মণ ধান কেনা যেত বলে শোনা যায়, তখন একটা পুঁথির এই দাম যে যথেষ্টই বেশি — একথা বিদ্যাসাগরের মতো লোকের অজানা থাকার কথা নয়। [প্রসঙ্গত জানাই — বাংলাদেশে ফসল হিসেবে ধানের প্রাচুর্য্য ছিল বরাবরই — এমনকি শায়েস্তা খানের সময়ে টাকায় আট মণ ধান কেনা যেত বলে ঐতিহাসিক তথ্য পাওয়া যায় — '... In his time (i.e. Shāyista Khān (1663), (nephew of Nūr Jāhān) rice it is said, sold at the rate of eight mounds per rupee'. ['Memoirs of Gour And Pandua', by Khan Sāhib Ābid Āli Khan (1924). Edited and revised by H. E. Stapleton, Director of Public Instruction, 1930, p. 25]

তবে উপায়ও একটা রয়েছে, সেটা জানানো যেতে পারে উর্ধতন কর্তৃপক্ষকে, যাতে সরকারী কোষাগারে ততোটা চাপ না পড়ে। আগে লাইব্রেরিতে থাকা উদ্বৃত্ত বই বিক্রি করে কিছু টাকা জমা আছে কাউন্সিলের তহবিলে — সেটার কিছু অংশ এই পুঁথিটি কেনার জন্য ব্যবহার করা যেতেই পারে। মনে মনে অনেক আশা নিয়ে ডিরেক্টর অব পাবলিক ইনস্ট্রাকশনকে চিঠি লিখলেন তিনি; সময়কাল ২২ জুলাই ১৮৫৮। ডিরেক্টর অব পাব্লিক ইনস্ট্রাকশন আর কেউ নন — অনেকদিন ধরে ঐ পদে কাজ করা ইংরেজ অফিসার ডব্লিউ গর্ডন ইয়ং। চিঠির বয়ান কোনরকম ভূমিকা না করে সরাসরি ঃ

"... from Eshwrchndra Shrma, Principal of the Sanscrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"A very valuable manuscript of the Ramayana in original Sanscrit with commentaries being procurable at the sum of Rupees 110/- and it is being desirable to have such a copy in the College Library. I have the honour to solicit your permission to purchase it, the price being paid from the sale proceeds of the Library Books which were in deposit with the late

* W.B.E.S. Section Grade Librarian, Govt. College of Art and Craft, Calcutta, 28, J.L. Nehru Road, Kolkata-700 016. E-mail : dr.s.s.kundu@gmail.com

Council of Education and from which fund Sanscrit works have on several occasions been purchsed with sanction." (Files letters sent, 1857-59, Vol. IX, Sanskrit College).

**সংস্কৃত কলেজ লাইব্রেরির কর্মীবৃন্দ ও বিদ্যাসাগর ঃ**

বিদ্যাসাগর চরিত্রের অনেক পরিচয় সমাজ জানে, সেখান থেকে অন্য দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করি। সংস্কৃত কলেজের অধ্যক্ষ হিসেবে কলেজে লাইব্রেরির প্রতি তাঁর মনোভাব কী ছিল — লাইব্রেরিতে যুক্ত লাইব্রেরিয়ান, অন্যান্য কর্মীবৃন্দের প্রতি তাঁর 'করুণা' কতটা বর্ষিত হয়েছিল, তথা লাইব্রেরির সংগ্রহ সম্পর্কে তিনি কীভাবে নিজেকে জড়িয়ে নিয়েছিলেন — সে সম্পর্কে সামান্য আলোকপাত করাই এই প্রবন্ধের উদ্দেশ্য। মূলতঃ কয়েকটি পর্যায়ে এই আলোচনা এগিয়ে নেওয়া যাবে এবং এ সম্পর্কে তাঁর লেখা চিঠিপত্রগুলিই মূলতঃ এই আলোচনায় মুখ্য ভূমিকা নেবে। যদিও সব চিঠির কথা নয়, কেবলমাত্র বাছাইকরা কিছু চিঠি নিয়েই আলোচনা এগিয়ে নেওয়া যাক।

প্রথমে বলে নিই লাইব্রেরির দায়িত্বপ্রাপ্ত লাইব্রেরিয়ান এবং সেখানে কর্মরত কর্মীবৃন্দের প্রতি তাঁর মনোভাবটি কেমন ছিল, তাঁদের তিনি কী চোখে দেখতেন, কর্মীদের কোনরকম সুবিধা-অসুবিধার কথা উর্দ্ধতন কর্তৃপক্ষের গোচরে আনতে তাঁর কোনরকম দ্বিধা ছিল কিনা — ইত্যাদি। এই আলোচনাপর্বে এটা জানিয়ে রাখা ভালা যে সংস্কৃত কলেজের প্রতিষ্ঠাকাল ১৮২৪ সাল এবং এই প্রতিষ্ঠানে কর্মী হিসেবে বিদ্যাসাগরের প্রথম প্রবেশ এপ্রিল ১৮৪৬ সালে — পদটি ছিল অ্যাসিস্টেন্ট সেক্রেটারির। নানা কারণে তিনি বছর ঘুরতে না ঘুরতেই ইস্তফা দেন, সেটি গৃহীত হয় জুলাই ১৮৪৭ সালে। ১৮৫০ সালে ডিসেম্বর মাসে আবার এখানে তাঁর নিয়োগ হয় সাহিত্যের অধ্যাপক হিসেবে — এ ব্যাপারে যে তথ্য পাই সেটি এরকম ঃ

F. J. Mouat, Secretary to the Council of Education, in his letter No. 3601, dated 14 December 1850, to J. P. Grant, Secretary to the Government of Bengal Stated :

'I have the honour by direction of the Council of Education to report for the information of the Government and for communciation to the offices of Pay and Audit that Pundit Muddun Mohun Tarkolunkar Professor of Sahitya at the Sanscrit College of Calcutta having resigned his post it has been filled up by the appointent to it of Pundit Iswar Chundra Vidyasagar." (Education Department Procedings No. 11, 18 December 1850).

এখানে বিদ্যাসাগরের একটি শর্ত ছিল, সেটি এই— যদি কাউন্সিল তাঁকে 'executive powers of a Principal' হিসেবে কাজ করার সুযোগ দেয় তবে তিনি এই পদ গ্রহণে রাজী। মোয়াট সাহেবের প্রচেষ্টায় সেটিও সম্ভব হয় এবং ১৮৫১ সালের জানুয়ারী মাসে সংস্কৃত কলেজের প্রিন্সিপ্যালের দায়িত্ব অর্পণ করা হয় তাঁর হাতে। এ সম্পর্কিত চিঠিটি এরকম ঃ

W. Seton - Karr, Under Secretary to the Government of Bengal, in his letter No. 37, dated 22 Janury 1851, to Vidyasagar Stated :

"I am directed by the Deputy Governor of Bengal to inform you that His Honour has been pleased this day to appoint you to be Principal of the Sanscrit College on a salary of Rs. 150 per mensem." (Education Department Proceedings No. 5, 29 January 1851).

আগেকার কর্মজীবন এবং সংস্কৃত কলেজে প্রবেশের কথা বিদ্যাসাগর নিজেই তাঁর লেখায় প্রকাশ করেছেন এভাবে ঃ

"Vidyasagar in his letter No. 867, dated 2 May 1853, to W.P. Palmer, Civil Auditor Furnished a short account of his previous appointments : "Sheristadar of the College of Fort William from December 1841 to March 1846. Assistant Secretary to the Government Sanscrit College from April 1846 to July 1847. Head Writer and Treasurer of the College of Fort William from March 1849 to November 1850. Professor of Sahitya in the Government Sanscrit College from December 1850 to 21st January 1851." (Files for letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College).

সংস্কৃত কলেজে প্রিন্সিপ্যালের দায়িত্ব এবং তার আগে অন্যান্য দায়িত্ব নেওয়ার কথাটা বলা হল এই কারণে যে, তাহলে পরে ঘটে যাওয়া ব্যাপারগুলো বুঝতে সুবিধা হবে। ১৮৫১ সালে প্রিন্সিপ্যালের দায়িত্ব নেওয়ার পর জুলাই মাসে এমন একটি ঘটনার সম্মুখীন হতে হয়েছিল বিদ্যাসাগরকে যেটি অভূতপূর্ব। একজন অধ্যাপক পণ্ডিতের সংস্কৃত কলেজের অধ্যাপনা থেকে বয়সজনিত কারণে পুস্তকাধ্যক্ষ, অর্থাৎ লাইব্রেরিয়ানের পদে যোগদানের ইচ্ছা প্রকাশ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সেই পদে আসীন। পুস্তকাধ্যক্ষের নির্ধারিত বেতন কম, তাই তিনি বেতন চাইছেন অধ্যাপকের — যেটি তিনি আগেই পেতেন। তাঁর বেতন অপরিবর্তিত থাকলো, পদটি বদলাবদলি করা হল— সবই বয়সজনিত কারণে। এবং বর্তমানে যাতায়াত বাবদ অতিরিক্ত খরচ তিনি চাইছেন, প্রমাণ হিসেবে ফোর্ট উইলিয়াম কলেজের উদাহরণ পেশ করেছেন।

সাধারণভাবে উর্ধতন কর্তৃপক্ষ কাউকে কোন পদে অতিরিক্ত দায়িত্ব বা কেবলমাত্র দায়িত্ব দিলে আগের বেতন দেওয়ার সংস্থান থাকে এবং বিভাগকে সেভাবেই নির্দেশ দেওয়া হয়। এখানেই শেষ নয়, বিশেষ ব্যক্তি নিজেই আগেকার বেতনের সাথে সাথে যাতায়াত বাবদ মাসে ২০ টাকা করে চেয়ে বসেছেন, সঙ্গে নমুনা পেশ। তাই উল্লেখ করা হয়েছে যে এটি 'অভূতপূর্ব'। আগে অধ্যাপকের দরখাস্তটি তুলে ধরি। ১৯ জুলাই ১৮৫১ সালে কাশীনাথ তর্কপঞ্চানন সংস্কৃত কলেজের প্রিন্সিপ্যালকে চিঠি লিখেছেন ঃ

গবর্ন্নমেন্ট সংস্কৃত বিদ্যালয় পণ্ডিতপ্রধান
শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহোদয়েষু,

গবর্ন্নমেন্ট সংস্কৃতবিদ্যালয় পুস্তকাধ্যক্ষ শ্রীকাশীনাথ তর্কপঞ্চানন পণ্ডিতের সাময়িক বিজ্ঞাপন

ইং ১৮২৫ সালে এই সংস্কৃত বিদ্যালয়ে আমি স্মৃতিশাস্ত্রের অধ্যাপনাকর্ম্মে নিযুক্ত হইয়াছিলাম আমার শিষ্যশাখায় এই বিদ্যালয় এবং দেশে দেশে ধর্ম্মাধিকরণ শোভিত হইয়াছে ইডুকেশন গবর্ন্নমেন্ট কমিটের ইংলন্ডীয় ও বঙ্গীয় অধ্যক্ষ মহাশয়েরা প্রায় সকলেই আমার বিদ্যাবুদ্ধি বয়স ও দুরবস্থা বিশেষরূপে জ্ঞাতা আছেন এইক্ষণে আমি এই কর্ম্ম ত্যাগ করিলে অন্নাভাবে সপরিবারে মৃত্যু হয় কর্ম্ম করিলে পদব্রজে গমনাগমন করিতে পথমধ্যেই মৃত্যু উপস্থিত হয় উভয়থাই মৃত্যু সম্ভাবনায় মহাসঙ্কট উপস্থিত অতএব এক্ষণে আমার প্রার্থনা এই যে আমাকে যানারোহণে গমনাগমনার্থ ২০ টাকা মাস ২ দিতে আজ্ঞা হয় পুস্তকাধ্যক্ষের বেতন পূর্বে ৬০ টাকা ছিল সে বিবেচনায় ইহাতে অধিক ব্যয় হইতে পারে না এবং ফোর্ট উইলিয়াম কালেজে বৃদ্ধ পণ্ডিত ও মৌলবির প্রতি এমত রীতি আছে পরন্তু আমাকে অধিককাল পর্যন্ত দিতে হবে এমত বোধ হয় না অথবা সংস্কৃত কালেজের ছাত্রদিগের বার্ষিক পরীক্ষার্থ আমাকে নিযুক্ত করিলে

ঐ বেতনে আমার যানারোহণ স্বচ্ছন্দরূপ নির্ব্বাহ হইতে পারে অথবা সংস্কৃত কালেজের লেখক দ্বারা যেসকল পুস্তক লিখিত হইয়াছে ও হইতেছে যে সকল পুস্তকের শোধনবিনা বৃথাব্যয়মাত্র অতএব ঐসকল পুস্তক শোধনার্থ আমার তদুপযুক্ত বিশিষ্য বেতন স্থির হয় আমার এই নিবেদনপত্র আপনি ইংলন্ডীয় ভাষায় শ্রীযুক্ত দয়াময় অধ্যক্ষ মহাশয়দিগের চক্ষুঃ কর্ণগোচর করিলে পূর্ব্বলিখিত যে আমার উভয়থাই মৃত্যুসঙ্কট উপস্থিত হয় তাহার আবশ্যক নিবারণ হইতে পারে ইহাতে এই প্রাচীন বৃদ্ধ পণ্ডিতের প্রতি যেমত অনুমতি হয় বিজ্ঞাপনমিতি ইং ১৮৫১ ১৯ জুলাই।

সংস্কৃতবিদ্যালয় পুস্তকাধ্যক্ষস্য
শ্রী কাশীনাথ তর্কপঞ্চাননস্য”

[Files for letters sent, 1849-51, Vol. 6. Sanskrit College.]

জুলাই মাসের ১৯ তারিখে ঐ আবেদন পত্র পাওয়ার পর দেখা যাচ্ছে বিদ্যাসাগর সেপ্টেম্বর মাসের প্রথম তারিখেই ঐ চিঠি পাঠিয়ে দিচ্ছেন কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারির কাছে। তিনি লিখছেন—

Letter No. 743 dated 1 September 1851 from Eshwarchndra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education :

“I have the honour to transmit for submission to the Council of Education, an application from the present Librarian Pundit Kasinath Tarkapanchanana together with an English translation of it.

Pundit Kasinath was appointed in 1847 as 5th Professor of Grammar. His old age coming in the way of right discipline of the class under his charge the council were pleased to have his post exchanged with that of the Librarian in May last. The salary attached to the 5th Grammar Professorship is 40 Rupees per mensem, and that to the Librarianship 30 Rupees. Though placed in the Library, Pundit Kasinath has been allowed to draw his former pay 40 Rupees, the new Grammar Professor getting the Librarian’s Salary. If his old age be taken into consideration, the applicant deserves the kind attention to the Council.”

[Files for letter sent, 1849-51, Vol. 6, Sanskrit College].

দুটো চিঠির পরিপ্রেক্ষিতে এটা পরিষ্কার যে পুস্তকাধ্যক্ষ (অর্থাৎ লাইব্রেরিয়ান) পদের সাথে অধ্যাপক পদ বদল হয় এবং অধ্যাপক পদের থেকে দশ টাকা কম ছিল পুস্তকাধ্যক্ষের বেতন। যাতায়াত বাবদ কুড়ি টাকা যোগ করলে ষাট টাকা হয় — সেটিই চাইছিলেন কাশীনাথবাবু। আবার কুড়ি টাকা চাওয়া যে অমূলক নয়, তার স্বপক্ষে উদাহরণও হাজির করেছেন — সব মিলিয়ে ব্যাপারটা ভেবে দেখার মত। এবং উদাহরণের ব্যাপারটা নিশ্চয়ই বিদ্যাসাগরের অজানা ছিল না, কারণ তিনি নিজেই ফোর্ট উইলিয়াম কলেজে হেড-রাইটার এবং কোষাধ্যক্ষ হিসাবে কাজ করে এসেছেন মাত্র কিছুদিন আগে। তাই কি বিদ্যাসাগর খানিকটা সময় নিয়েছেন চিঠিটি কাউন্সিলে পাঠানোর আগে? অথবা খানিকটা বাধ্য হয়েছেন পাঠাতে? এটা বলতে হচ্ছে একারণে যে জুলাই ২০ থেকে আগস্ট ৩১ পর্যন্ত এতগুলো দিন পার হবার পরে সেপ্টেম্বরের প্রথম তারিখে তিনি সমস্ত উল্লেখ করে অধ্যাপকের পক্ষে চিঠি পাঠালেন কর্তৃপক্ষকে।

ফলাফল কি হয়েছিল সে প্রসঙ্গ উল্লেখ না করেই বলা যায় যে ৮ই নভেম্বর কাশীনাথবাবুর মৃত্যু হয়তো সমস্যা বেশিদূর এগিয়ে যাওয়ার সুযোগ দেয়নি। এবং অতি দ্রুত ১০ নভেম্বর ১৮৫১ সালে বিদ্যাসাগর তাঁর চিঠিতে কাউন্সিলের সেক্রেটারিকে সে খবর জানান। একই সঙ্গে তিনি লাইব্রেরিতে নিয়োগের জন্য একজনের নাম প্রস্তাব

করেন এবং তার কাছ থেকে তিনি বিশেষ সহযোগিতা পাবেন — এমন কথা জানিয়ে বর্তমান বেতন থেকে কমিয়ে আগের বেতন অর্থাৎ মাসিক ৩০ টাকায় লাইব্রেরিয়ান নিয়োগ করার সুপারিশ করেন ঃ

'Letter No. 751, dated 10 November 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education.

"I have the honour to report, for the information of the Council of Education, that on the 8th instant, Pundit Kasinath Tarkapanchanan, the Librarian expired.

Pundit Kasinath, before being placed in charge of the Library, was in the chair of the Fifth Grammar Professor, when by the late arrangements an exchange of duties took place between him and Pundit Girishchandra Vidyaratna, the then Librarian, the Council were pleased to allow Pundit Kasinath, on account of his old age, to retain his Professor's salary of 40 Rupees a month, Girishchandra drawing the Librarian's pay 30 Rupees per mensem. Such being the case, I beg leave to recommend, that the Council be pleased to allow Pundit Girishchandra to draw Fifth Grammar Professor's Salary of 40 Rupees per month and the Librarian's pay be brought down to its former amount Rupees 30 per mensem; and that Tarasankar Sharma be appointed to succed Pundit Kasinath Tarkapanchanan.

Tarasankar is one of the most distinguished student of the Insititution. ... His character is unexceptionable. In addition to his eminent proficiency in Sanscrit, he possess a fair knowledge in English Literature. When, in June last, the overcrowded state of the Grammar classes required a sub-division of the pupils he was temporarily appointed to take charge of a class and discharged his duties very satisfactorily. If the Council be pleased to appoint Tarasankar to the Librarian's post, I shall derive great assistance from him."

[Files Letters sent, 1849-51, Vol. 6, Sanskrit College]

এখান থেকে সেই সময়ে লাইব্রেরিয়ানদের বেতন সংক্রান্ত ব্যাপারে বিদ্যাসাগর কিন্তু কিছুটা হলেও সদর্থক ভাবনা প্রকাশ করেননি বলেই মনে হয়। না হলে সংস্কৃত কলেজের প্রিন্সিপ্যাল হিসেবে যখন যা ভালো ভেবেছেন সেভাবে কাউন্সিলের কাছে প্রস্তাব পেশ করছেন। সে যুগে তাঁর স্বচ্ছতা এবং প্রতাপের কাছে প্রশাসকগণ বেশিরভাগ ক্ষেত্রেই সায় দিয়েছেন, তাঁর প্রস্তাব মেনেই সরকারি নির্দেশনামা বের হয়েছে দেখা যায়। অথচ এ সময় সুযোগ থাকা সত্ত্বেও লাইব্রেরিয়ানপদের বেতন-বৃদ্ধির ব্যাপারে তাঁর করুণা বর্ষিত হল না সেভাবে।

অন্যদিকে ১৮৫৪ সালে এপ্রিল মাসে তিনি চিঠিতে প্রিন্সিপ্যাল হিসেবে কাউন্সিলের কাছে বেতন-বৃদ্ধি সংক্রান্ত ব্যাপারে সুপারিশ করতে গিয়ে প্রথমেই উল্লেখ করেছেন এভাবে ঃ

Letter No. 969, dated 8 April 1854,

"...from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to the Secretary to the Council of Education.

"I have the honour to submit the following remarks for the kind consideration of the Council.

For many years past, in most instances for a period of upwards of twelve years, the

Professors and Pundits of the Sanscrit College have received no increase of Salary and as I can vouch the zeal, industry and ability during the last three years, I feel most anxious that a general increase of salary should be granted to the present incumbents. It would be remembered that, with our very limited staff of masters, the chance of promotion very rarely occurs. Under these circumstances, I consider that the teachers in this department are fairly entitled to much higher scale of remuneration that the Government allowance assigned for this Institution will permit me to recommend. I beg that the Council will be pleased to increase the salaries of all the Professors and Pundit in the Sanscrit Departments, ten Rupees per month all round.

With regard to the English Department, I also feel compelled to recommend an increase to the allowances of the Professors of Literature and mathematics. They each receive at present 100 Rupees per month. But in consequence of the recent demand of teachers for Government as well as private Educational Service, their services, I have reasons to believe, would be gladly availed of, at 150 Rupees per month. They therefore cannot be reasonably expected to remain in the Sanscrit College at their present pay. I have therefore to propose that their salaries be increased to 150 Rupees per month. ...

In conclusion, I hope the Council will be pleased to sanction the changes which I have ventured to submit for their consideration and orders.

Table exhibiting the present and proposed expenditure of the Sanscrit College

| Items | Present | Proposed | Remarks |
|---|---|---|---|
| Principal | 300 | 300 | |
| Professor of Philosophy | 90 | 100 | |
| Professor of Law | 90 | 100 | |
| First Pundit | 50 | 60 | |
| Second Pundit | 45 | 55 | |
| Items | Present | Proposed | Remarks |
| Fifth Pundit | 30 | 40 | |
| English Department | | | |
| Professor of Literature | 100 | 150 | |
| Professor of Mathematics | 100 | 150 | |
| First Teacher | 80 | 60 | This arrangements has alredy been proposed in a seperate letter |
| | … | | |
| Librarian | 30 | 30 | |

[Files for Letters sent, 1851-54, Vol.-7, Sanskrit College]

দেখা যাচ্ছে সংস্কৃত কলেজে ইংরাজি বিভাগের প্রফেসারদের বেতনবৃদ্ধির ব্যাপারে তিনি অনেক বেশি দরাজহস্ত, প্রস্তাব থেকে সেটাই প্রমাণ হয়। এখানেও লাইব্রেরিয়ানের বেতনবৃদ্ধির ব্যাপারে তাঁর কৃপাদৃষ্টি বর্ষিত হয়নি — এমন ভাবনা আমাদের অবাক করে বইকি! অথচ অন্যান্যদের বেতনবৃদ্ধির সঙ্গে সঙ্গে একই যুক্তিতে লাইব্রেরিয়ানের ক্ষেত্রে সেই সুযোগ ছিল বলেই মনে হয়।

এ প্রসঙ্গে অন্য একটি চিঠির ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। সংস্কৃত কলেজে 'ম্যানুস্ক্রিপ্ট কপিস্ট' হিসেবে দুটি পোস্টে দুজন কাজ করতে করতে কাজ হারাচ্ছেন — এমন সময় যাতে ঐ দুজন আর্থিক অসুবিধা কিছুটা কাটিয়ে উঠতে পারেন, সেজন্য কলম ধরেছেন বিদ্যাসাগর। একটি চিঠিতে কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারির কাছে সুপারিশ পাঠাচ্ছেন—

Letter No. 836, dated 7 December 1852, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Secretary to the Council of Education.

I have the honour to transmit, for submission to the Council of Education, an application from Ramratna Chatterjee and Govindram Pandit, Manuscript copyists at the Sanscrit College, whose services were dispensed with on the 1st Ultimo agreeably to the orders of the Council of Education under date, the 31st July and 7th September last.

In consideration of the distress to which the applicants have been reduced in consequence of their dismissal from their respective places, I beg to take the liberty to recommend their circumstances to the favourable notice of the Council and to request that they will be pleased to make some sort of provision for them, at least in the shape of compensation as prayed by them.

[Files for Letters Sent, 1851-54, Vol.7, Sanskrit College.]

দেখা যাচ্ছে এই দুজন কিন্তু কিছুটা হলেও বিদ্যাসাগরের কৃপাদৃষ্টি পেয়েছিলেন — ফলাফল যাই হোক।

পরীক্ষা নেওয়া সংক্রান্ত ব্যাপারে অবশ্য অধ্যাপকদের সঙ্গে সঙ্গে বিদ্যাসাগরের ব্যবস্থাপনায় সংস্কৃত কলেজের লাইব্রেরিয়ানকেও অন্তর্ভুক্ত করা হয়েছিল এবং সব মিলিয়ে সেই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করা গেছিল — এমন বিবরণ কিন্তু সরকারী রিপোর্টেই পাওয়া যায়—

"The subjects of the Junior Scholarship Examinations were : (i) Literature (2) Rhetoric (3) Sanscrit Essay and (4) Translation from Sanscrit into Bengali.

The examinations were conducted by the Principal and the Professors of Rhetoric and Literature and the Librarian. The result of the examination is very satisfactory.

[General Report on Public Instruction in the Lower Provinces of the Bengal Presidency, for 1852-55.]

এই সরকারী রিপোর্ট তৈরি করার সময় নিশ্চয় সংস্কৃত কলেজের অধ্যক্ষের পাঠানো প্রতিবেদন/রিপোর্টটিকেই তুলে ধরা হয়েছিল। অর্থাৎ লাইব্রেরিয়ানকে তখন মানসিকভাবে প্রফেসরদের সমতুল হিসাবে ধরে নিয়ে ঐ কাজে যুক্ত করা গেছিল — যা স্পষ্ট জানা যাচ্ছে প্রতিবেদন থেকে। [এটা বিশেষভাবে উল্লেখ করা হল এ কারণে যে এই

রাজ্যেই একটা মহাবিদ্যালয়ের কর্মকর্তারা মালদা জেলায় লাইব্রেরিয়ানকে ইউনিভার্সিটির পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে দায়িত্ব দেওয়া হবে কিনা — এমন প্রশ্ন তুলে তাঁকে সেখান থেকে বাদ দেবার কথা বলেছিলেন। অর্থাৎ ১৮৫২-৫৫ সালে যখন রাজ্যে এই প্রথা চালু হয়েছিল, সেখানে তারপর অনেক পরে এ নিয়ে প্রশ্ন তুলে মহাবিদ্যালয় কর্তৃপক্ষ এই প্রথা নিয়ে প্রশ্ন তুলে ছোট মনের পরিচয় দিয়েছিলেন। বিষয়টি লাইব্রেরিয়ান টেনে নিয়ে যান বিশ্ববিদ্যালয় পর্যন্ত, শেষে পরীক্ষা নিয়ামক একটি চিঠিতে (নং 674/CE 2002, dt. 12.04.2002) এ ব্যাপারে স্পষ্ট নির্দেশ দিতে বাধ্য হন — যাতে করে লাইব্রেরিয়ানকে পরীক্ষার কাজে যুক্ত করা হয়— কলেজ কর্তৃপক্ষের তরফে। লাইব্রেরিয়ানদের শিক্ষক সমতুল করার মামলা তাই অহেতুক ছিল না। এমনকি সরকারী কলেজ — লাইব্রেরিয়ানদের 'ওয়েস্ট বেঙ্গল এডুকেশন সার্ভিসে' অন্তর্ভুক্ত করা তো এই সেদিনকার ঘটনা (২০১৯ অক্টোবর, এটি ক্যাবিনেট মিটিং করে সিদ্ধান্ত হয় যার নাম্বার হল— 1658-Edn. (A)/10M-97/15 (Part) dated 21.10.2019)। এটা নতুন করে করতে হয়নি, ১৯৩১ সালে ব্রিটিশ সরকার 'Bengal Education Code' তৈরি করার সময় লাইব্রেরিয়ানদের ব্যাপারটা সুপারিন্টেডেন্ট এবং শিক্ষকদের সাথে সমতুল করে 'এডুকেশন সার্ভিস ক্যাডারে' (যেটা W.B.E.S. বলে পরিচিত) অন্তর্ভুক্ত করেই রেখেছিলেন, স্বাধীন ভারত তথা পশ্চিমবঙ্গে এই ব্যাপারটা বুঝতে বাহাত্তর বছরের বেশি পার হয়ে গেল। এটি না থাকায় কতভাবে লাইব্রেরিয়ানরা কত রকমের সুযোগ থেকে দূরে থেকে গেলেন। যেমন পি.এইচ.ডি., এম.ফিল — ইত্যাদি আর্থিক সুবিধা থেকে দূরে থেকেই অবসর নিয়ে সরে গেলেন কর্মক্ষেত্র থেকে, অনেকে।



GOVT. OF WEST BENGAL
WANTED PART-TIME LECTURERS

Applications on plain papers with biodata & attested xerox copies of mark sheets are invited from Indian nationals for the post of part-time Lecturers in Chemistry, Physics, Botany, Zoology, Mathematics, Bengali, English, Nepali, Hindi, History, Economics, Political Science, Geography, Commerce, Philosophy on a monthly remuneration of Rs. 400 (fixed) and a part-time Librarian on a monthly remuneration of Rs. 225 (fixed).

**Qualification**: Part-time Lecturers: (i) A consistently good academic record (vide explanation below) with minimum 55% marks in Master's degree and second class Honours degree in the relevant subject or equivalent foreign qualifications. (ii) Good power of expression in Nepali or Bengali-spoken and written. For Librarian (i) M.A./M.Sc./M.Com. plus M. Lib. Sc. (ii) Good power of expression in Nepali or Bengali.

**Explanation**: A consistently good academic record shall mean an overall good record of all assessments throughout the academic career; that is to say, securing at least 55% marks on an average in all examinations taken together, namely Madhyamik or equivalent, Higher Secondary or equivalent, Honours and Master's degree stage. Application must reach the following address within 15 days from the date of publication of this advertisement. Government of West Bengal, Principal, Darjeeling Govt. College, P.O. & Dist. Darjeeling 734101, West Bengal.

*Ref. 'The Statesman' dt. 26.05.1996*

আর একটা তথ্য দিই। সরকারী কলেজে আংশিক সময়ে কাজ করার জন্য সরকার একটি বিজ্ঞাপন বের করেন (নং ICA/1879 (7)/96) প্রকাশ হয়েছিল 'The Statesman' পত্রিকায়, 26.05.1996 তারিখে। যেখনে আংশিক সময়ের অধ্যাপকদের জন্য মাসিক বরাদ্দ ছিল **চারশো টাকা,** আর আংশিক সময়ে লাইব্রেরিয়ানদের মাসিক বরাদ্দ ধার্য হয়েছিল দুশো **পঁচিশ টাকা।** এখানেই শেষ নয়— অধ্যাপকদের জন্য আবশ্যিক শিক্ষাগত যোগ্যতা ছিল একটা বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি; লাইব্রেরিয়ানদের জন্য ছিল দুটো পোস্ট- গ্র্যাজুয়েট ডিগ্রি এবং আবশ্যিক। এটা এখানে বিস্তৃত করে বলা হল এজন্য যে, এই প্রজন্মের কলেজ লাইব্রেরিয়ানদের এটা জানা থাকা ভালো।]

আগের প্রসঙ্গে চলে আসি। দুজন পুঁথি কারকের কাজ নিয়ে কাউন্সিল অব এডুকেশন সিদ্ধান্তটি নিয়ে রেখেছিলেন অনেক আগেই ১৮৫২ সালের জুলাই মাসে। তবুও ঐ দুটি মানুষের কাজ যেন সে বছর দুর্গাপুজা পর্যন্ত বহাল থাকে — এমন প্রস্তাব পেশ করেছিলেন স্বয়ং বিদ্যাসাগর। [Files for Letters Sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

আর একটি ঘটনায় বিদ্যাসাগর ভীষণ কঠোরতা অবলম্বন করেছিলেন — কারণটা ছিল কর্তব্যে অবহেলা, এবং এ জিনিস তিনি কখনই সহ্য করতে পারতেন না। মানুষের বিপদে তাদের হয়ে যেমন দরবার করতে দ্বিধা করতেন না, তেমনি কেউ কর্তব্যে অবহেলা করলে তার জায়গায় অন্য কাউকে বহাল করবার জন্য সুপারিশ করতেও তিনি দ্বিধা করতেন না। এমনই একটি চিঠির উল্লেখ করি যেটি সংস্কৃত কলেজ তথা লাইব্রেরির সঙ্গেই জড়িত। ১৯ জুলাই ১৮৫২ সালে প্রিন্সিপ্যাল হিসেবে বিদ্যাসাগর চিঠি পাঠাচ্ছেন কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারি মোয়াটকে :

"Letter No. 809, dated 19 July 1852, ... from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to report for the information of the Council of Education, that one Kangalee Roy, a furrash attached to the Library of this Institution, having in January last, obtained leave of absence for one month, has absented himself more than 6 months. It being inconvenient to wait any longer for his return, and to have his duties discharged by a substitute, I beg leave to recommend that M. ... be appointed permanently in his room."

[Files for Letters sent, 1851-54, Vol. 7 Sanskrit College.]

এই চিঠির বয়ান থেকেই পরিষ্কার যে কর্তব্যে অবহেলা তিনি কখনোই মানতে পারতেন না, এবং সিদ্ধান্ত নিতে দ্বিধা করতেন না, সে সিদ্ধান্ত যত কঠিনই হোক না কেন।

এবারে চলে আসি সংস্কৃত কলেজ লাইব্রেরির সম্পদ সংগ্রহ নিয়ে আলোচনায়। প্রথম দিকে সংগ্রহের কিছুটা এশিয়াটিক সোসাইটি থেকে পাওয়া এবং তৎকালীন পণ্ডিত মানুষজনের কাছ থেকে দান হিসেবে পাওয়া ছাড়াও কেনাও হয়েছিল ঃ

"Many valuable works have been purchased for the Library of the Institution (Sanscrit College) during the past session. The Asiatic Society of Bengal has presented to the Library Several numbers of the Bibliothica Indica, and Raja Radhakanth Bahadur, the 7th Volume of his valuable "Shabda Kalpa-drama". (General Report on Public Instruction in the Lower Provinces of the Bengal Presidency, from 1 October 1850 to 30 September 1851.]"

স্মরণ করা যেতে পারে বিদ্যাসাগরের সংস্কৃত কলেজে প্রিন্সিপ্যাল পদে যোগদানের তারিখ ১৮৫১ সাল। ১৮৫২-৫৫ সালের 'General Report on Public Instruction in the Lower Provinces of the Bengal Presidency' বিদ্যাসাগরের প্রিন্সিপ্যাল হওয়ার কাছাকাছি এবং এই রিপোর্ট তাঁরই তৈরি রিপোর্টের প্রতিফলন, যা থেকে 'General Report...'টি তৈরি হয়েছিল বলেই মনে হয়। সেখান থেকে কিছু অংশ তুলে ধরা হল ঃ

"The (Sanscrit College) Library is in good condition and much frequented by students. One hundred and seventeen volumes of valuable Sanscrit Works published here and in Europe have been added to the Library. Several Numbers of the Bibliotheca Indica have been presented by the Asiatic Society of Bengal." আগের রিপোর্টে আমরা রাধাকান্তদেব সংকলিত 'শব্দকল্পদ্রুম'— বইটি সংগ্রহ করা ছিল জানতে পারছি। রাজা অবশ্য পরে নিজেই ঐ সংকলনের পরের সংখ্যাগুলি সরাসরি সংস্কৃত কলেজে পাঠিয়েছেন, সেটি জানতে পারছি বিদ্যাসাগরের চিঠি থেকে, তিনি ১৮৫১ সালে চিঠি দিয়ে জানাচ্ছেন—

"Letter No. 744, dated 2 September 1851 from Eswarchandra Sharma, Principal of the Sanscrit College, to Raja Radhakant Bahadoor :

"I have the honour to acknowledge, with thanks, the receipt of a copy of the seventh volume of your Shabdakalpadruma and to acquaint you that it has been deposited in the Library of the Sanscrit College, recording as a present from you." [Files for Letters sent, 1849-51, Vol. 6, Sanskrit College.]

এছাড়া ১৮৫৮ সালে শেষ খণ্ডটির প্রাপ্তি স্বীকার করেছেন, এটি 'appendix' হওয়ায় বোঝা যায় কাজটি শেষ হয়েছে ঃ

"Letter No. 1235, dated 18 August 1858, from Esharchandra Sharma, Principal of the Sanscrit College, to Rajah Radhakant Bahadoor :

"I have the honour to acknowledge, with thanks, the receipt of a copy of the appendix to the Sabdakalpadruma, which you have kindly presented to the College Library."

**বইপত্র ও অন্যান্য লাইব্রেরী সামগ্রী কেনা**

এবারে সংস্কৃত কলেজ লাইব্রেরিতে বইপত্র কেনার কথায় আসি। জানুয়ারী ১৮৫১ সালে কলেজ প্রিন্সিপ্যালের দায়িত্ব নিয়ে বিদ্যাসাগর ঐ বছরই মার্চ মাসে যে সমস্ত বইয়ের তালিকা তৈরি করে কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারির কাছে পাঠিয়েছিলেন — সেটাকে প্রথম দিকের নমুনা হিসেবে বিবেচনা করলে ভুল হবে না। ঐ তালিকা খুঁটিয়ে দেখলে বোঝা যাবে সেগুলির প্রায় বেশিরভাগই বিদেশী প্রকাশনা। এবং শুধু তালিকা চূড়ান্ত করাই নয়, তা সংগ্রহ করার সম্ভাব্য হদিশও দিয়েছেন, এবং কত খরচ হবে তার হিসেবও ঃ

Letter No. 706, dated 28 March 1851 from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.F.C. Hayes, Officiating Secretary to the Council of Education :

"I have the honour to reuest that you will be good enough to obtain the sanction of the Council of Education for the purchase of the works noted in the margin for

1. Lassen's Pracrita Language
2. Lassen's Git-Gobind.
3. Chezy's Shakuntala.
4. Shakuntala (German Edition).

5. Meghaduta.
6. Panchatantra.
7. Boethlingk's Panini.
8. Westerguard's Sanskrit Radicals.

the Library of the Sanscrit College as they are constantly required for reference. These books have been published in Europe and are placed in the Rooms of the Asiatic Society for sale. Two copies of each of the works will answer the purpose of the College. The cost of the whole will amount to Rupees 94 only."

[File for letters sent, 1849-51, Vo. 6, Sanskrit College.]

চিঠিটা পড়লে আশ্চর্য হতে হয় — সে সময় বই-সংক্রান্ত ব্যাপারে কত খবর তিনি রাখতেন। অথবা ফোর্ট উইলিয়াম কলেজে সেরেস্তাদার (১৮৪১-৪৬) এবং পরে Head Writer এবং Treasurer (১৮৪৯-৫০) হবার সুবাদে তিনি তাঁর অভিজ্ঞতা কাজে লাগিয়েছেন। প্রতিটি বইয়ের আলাদা আলাদাভাবে দাম উল্লেখ না করলেও মোট দামের উল্লেখ করাতে মনে হয় তিনি প্রতিটি বইয়ের দাম হিসেব করেই মোট দামের উল্লেখ করেছিলেন। এসব দরদাম সাধারণভাবে মনে থাকার কথা নয়, হতে পারে তাঁর মতো সেরা পণ্ডিত মানুষটির কথা আলাদা; অথবা তালিকা তৈরি করার আগে এবং পরে দুটি প্রতিষ্ঠানে যোগাযোগ করে নিশ্চিন্ত হয়ে এটা তৈরি করে যথাযথ জায়গায় পাঠিয়েছেন। অথবা এসব করার দরকার পড়েনি, সংস্কৃত কলেজ লাইব্রেরিতেই ঐ সমস্ত বইগুলি আগে থেকেই সংগ্রহ করা হয়েছিল — যেহেতু চিঠির এক জায়গায় '... as they are constantly required for reference' কথাটি পাচ্ছি। কিন্তু 'These books ... are placed in the Rooms of Asiatic Society for Sale' কথাগুলি লেখাতে আমাদের অনুমান — সঠিক বইপত্রের খোঁজ খবর তিনি যত্ন সহকারে রাখতেন অবশ্যই।

১৮২৪ সালে প্রতিষ্ঠিত সংস্কৃত কলেজের শিক্ষার্থীরা ইংরেজি শিক্ষাতে পারদর্শী হোক — এমন আশা নিয়ে ১৮২৭ সালে শাসকগণ ইংরেজি ভাষা ও সাহিত্য পঠন-পাঠনের ব্যবস্থা করেন। ক্রমাগত এ ব্যাপারে উন্নতি না হওয়ায় ১৮৩৫ সালে বিভাগটি বন্ধই করে দেওয়া হয়। ১৮৪২ সালে দুজন শিক্ষককে নিয়ে পুনরায় বিভাগটি চালু করা হয়, এতেও আশানুরূপ ফল না হওয়াতে নভেম্বর ১৮৫৩ সালে বিভাগটি পুনর্গঠিত হয়। দুজন অধ্যাপক ও তিনজন শিক্ষক পদ নিয়ে যাত্রা শুরু হলে সরকার তার সুফল দেখতে পেলেন। এই পুনর্গঠনের সময় কিন্তু বিদ্যাসাগর কলেজে প্রিন্সিপ্যাল পদে আসীন; তাঁর যোগদান ১৮৫১ জানুয়ারী। (General Report on Public Instruction, in the Lower Provinces of the Bengal Presidency, from 27 January, to 30 April 1855)। এ প্রসঙ্গে ১৮৫২ সালের আগস্ট মাসে শুধুমাত্র ইংরেজি বিভাগের জন্য পাঠানো বইয়ের তালিকায় একবার চোখ বোলানো যেতে পারে এবং বিভাগীয় অধ্যাপক শিক্ষকদের কথা ভেবে এই বইগুলির তালিকা কাউন্সিলের কাছে পাঠানো হয়েছিল এবং তার সুফল পাওয়া গেছিল তা বলাই বাহুল্য। গভর্নমেন্ট বুক এজেন্টকে বিদ্যাসাগর যে বইগুলির তালিকা দিয়ে চেয়ে পাঠালেন তা এরকম ঃ

"Letter No. 741, dated 27 August 1851, ... from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing and forwarding the undermentioned Books for the use of the English Department of this Institution.

| | | |
|---|---|---|
| Webster's English Dictionary | 1 | Copy |
| Walkar's English Dictionary by Smart | 1 | " |
| Mill's Logic | 1 | " |
| Mill's Political Economy | 1 | " |
| Hallame's Literature of Europe | 1 | " |
| Elphinstone's India | 1 | " |
| Murray's India | 1 | " |
| Mill's British India | 1 | " |
| Tytler's Elements of History | 1 | " |
| | 9 | copies |

[Files for letter sent, 1849-51, Vol. 6, Sanskrit College.]

একটু খেয়াল করলে দেখা যাবে সেই সময় সেক্রেটারি-কাউন্সিল অব এডুকেশন এবং গভঃ বুক এজেন্টের দায়িত্ব দেওয়া হয়েছিল একই মানুষকে — মোয়াটকে। সংগৃহীত এ সমস্ত বই নিশ্চয়ই পঠন-পাঠনের মান বহু গুণ বাড়িয়েছিল, শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে নতুন উৎসাহ জুগিয়েছিল। ১৮৫১ সালে নভেম্বর মাসে আবার তিনি মোয়াট সাহেবকে তালিকা পাঠাচ্ছেন বই কেনার অনুরোধ জানিয়ে। এই তালিকায় চোখ বোলালে দেখা যাবে এগুলি নির্দিষ্ট কোন বিভাগের জন্য নয় — চিঠিতে সংস্কৃত কলেজের কথা লেখা আছে ঃ

"Letter No. 753, dated 25 November 1851, ... from Eshwarchandra Sharma, Principal of the Sanskrit College, to E.J. Mouat, Government Book Agent:

"I have the honour to request that you will be good enough to purchase the Books mentioned in the margin for the use of the Sanscrit College."

| | | |
|---|---|---|
| Elphinstone's India | 1 | copy |
| Murray's India | 1 | " |
| William's Middle Ages | 1 | " |
| William's Constitutional History of England | 1 | " |
| Stewart's Philosophy of Mind | 1 | " |

[Files from letters sent, 1849-51, Vol. 6, Sanskrit College.]

এতক্ষণ সম্ভাব্য প্রথম দিকের বইয়ের তালিকা নিয়ে বলেছি। এবারে পেমেন্ট সংক্রান্ত ব্যাপারে একটু

আলোকপাত করি। ডিসেম্বর ১৮৫১ সালে একটি চিঠিতে তিনি মোয়াটকে জানাচ্ছেন— বইগুলি কেনা হয়েছে, বিল পাঠাচ্ছেন ব্যবস্থা নেওয়ার জন্য। একই সঙ্গে তালিকায় থাকা ৬নং বইটির (পঞ্চতন্ত্র, প্রথম তালিকা দ্রষ্টব্য), দু কপি কেনার অনুমোদন পাওয়া গেছিল, কিন্তু এশিয়াটিক সোসাইটির স্টোরে কোন কপি না থাকায় অন্যভাবে তিনি মাত্র একটি কপি জোগাড় করতে পেরেছেন, সেই বিলটিও সংযুক্ত করা হল ঃ

"Letter No. 756, dated 4 December 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education :

"Agreeably to the orders of the Government, dated 13th May last forwarded from the Council's office under date 17th idem certain Sanscrit Books were purchased from the Asiatic Society. I beg leave to enclose the bill for its being passed. I further beg leave to state that the Government order authorized to purchase two copies of the Panchatantra. But the work not having in the Asiatic Society's store, I procured only one copy from a different quarter, the bill whereof is also herein enclosed."

[Files for letter sent, 1849-51, Vol. 6, Sanskrit College.]

বোঝাই যাচ্ছে 'পঞ্চতন্ত্র' বইটি শিক্ষার্থীদের জন্য তিনি কতোটা উপযোগী ভেবেছিলেন।

আগে আমরা দেখেছি ইংরেজি বিভাগটি শুরু হয়েও কেমনভাবে বন্ধই হয়ে গিয়েছিল; বলা যায় বিদ্যাসাগরের অধ্যক্ষতায় সেটি পুনর্গঠন করা হয়েছিল এবং আশানুরূপ ফলাফল দিতে শুরু করে। এ জন্য বেশি সংখ্যক প্রফেসর ও টীচার পদ সৃষ্টি ও নিয়োগ হবার সাথে সাথে এই বিভাগে নিজস্ব একটি লাইব্রেরিও যে সত্যিই জরুরী — এটা বিদ্যাসাগর নিজে অনুভব করেন। এতদিন এই বিভাগের জন্য যে সমস্ত বইপত্র কেনার অনুরোধ জানানো হয়েছিল তা ছিল প্রারম্ভিক পর্যায়ের, সেখানে ইংরেজি সাহিত্যের সুবিশাল সাহিত্যভাণ্ডার থেকে বাছা বাছা বই (অনেক পরে রবীন্দ্রনাথ যাকে বলেছেন 'চোখা চোখা বই') যেমন অধ্যাপকদের উপযোগী হবে, তেমনি শিক্ষার্থীদের আগ্রহ বাড়াবে, অন্ততঃ কিছুটা হলেও এই সাহিত্যের সঙ্গে প্রাথমিক পরিচয় তাদের পাঠাভ্যাসকে বাড়িয়ে তুলবে। কোন বিভাগের নিজস্ব লাইব্রেরি থাকার ব্যাপারে বিদ্যাসাগরের ভাবনা তাই অনন্য, হয়তো এদেশে তিনিই পথপ্রদর্শক। এদেশীয় কোন প্রশাসক অন্ততঃ সে যুগে আর কেউ এরকমভাবে ভেবেছিলেন কিনা কে জানে! একই সঙ্গে লাইব্রেরির বরাদ্দ বাড়ানো দরকার — এ কথাটিও কর্তৃপক্ষের গোচরে আনার জন্য তাঁর আগ্রহ আমাদের এমন মন্তব্য করতে উৎসাহ দেয়। কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারি মোয়াটকে ডিসেম্বর ১৮৫১ সালেই তিনি জানাচ্ছেন ঃ

"Letter No. 759, dated 12 December 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to state, for the information of the Council of Education, that the Book allowance of 25 Rupees a month for the English Department has been applied to the purchase of class books, most of which are of a mere elementary character, such as spelling books, Prose and Poetical Readers, different sorts of elementary Grammars and Geographies, Catechism of Histories, Goldsmith's Histories of Greece, Rome and England,

Magmall's Historical Questions, Keith's use of the Globe's etc. etc. I beg leave to propose that henceforth, the allowance be appropriated to the purchase of standard works with a view to the formation of a good little Library.

If the council be pleased to sanction the proposal, it will be much more advantageous to the students than to have their class books from the college store. The elementary class books being of moderate price, the pupils ought to and can provide themselves with these without much inconvencience, whereas it is not easy for all to purchase valuable standard works to which the students will have access if a Library be formed, as proposed."

ছাত্রদের পক্ষে কতোটা দরদ প্রকাশ পেয়েছে, বিশেষ করে অর্থনৈতিকভাবে দুর্বল ছাত্রদের জন্য— তা চিঠির ছত্রে ছত্রে প্রকাশ পেয়েছে এবং যুক্তিজাল সাজানোতেও তিনি সিদ্ধহস্ত।

এখানেই শেষ নয়, একই সঙ্গে সংস্কৃত কলেজের মূল লাইব্রেরিটিও যেন অবহেলিত না হয় সে ব্যাপারেও তিনি কলম ধরে কর্তৃপক্ষকে অবহিত করেই অনুযোগ করেছেন যে লাইব্রেরির জন্য নিয়মিত অর্থ বরাদ্দ হয়ই না। আবার বিকল্প একটি আয়ের সন্ধান দিয়েছেন, যা থেকে যে অর্থ আসবে তা যেন এদেশে বা ইউরোপে প্রকাশিত সংস্কৃত গ্রন্থাদি কেনার ব্যাপারে ব্যবহৃত হয়। এতে দু-তরফেই অনেক উপকার হবে। এমন স্পষ্টভাবে তাঁর আগে কেউ এমনকি এতদূর ভাবতেই পারেননি, চিঠিতে প্রস্তাব দেওয়া তো অনেক দূর। বিষয়টি আরও পরিষ্কার করে বলা যাক। পাঠকের স্মরণে থাকতে পারে লাইব্রেরিয়ান কাশীনাথ তর্কপঞ্চানন যখন বিশেষ একটি আবেদনে অধ্যক্ষ বিদ্যাসাগর মহাশয়কে অনুরোধ করেন, সেখানে এক জায়গায় তিনি উল্লেখ করেছেন যে, — "সংস্কৃত কালেজের লেখকদ্বারা যেসব পুস্তক লিখিত হইয়াছে ও হইতেছে ..." ইত্যাদি। তাহলে লিখিত বা প্রকাশিত সেই "সকল পুস্তক" রাখা হতো কোথায়? সংস্কৃত কলেজ লাইব্রেরিতেই, এবং দীর্ঘদিন সেই "সকল পুস্তক" এক জায়গায় জমা হয়ে থাকলে তার পরিণতি কী হতে পারে, অধ্যক্ষ হিসাবে বিদ্যাসাগর স্বচক্ষে দেখেছিলেন। সংস্কৃত কলেজকে নূতন করে গড়ার কথা অনেকেই বলেন — সে নিয়ে প্রচুর আলোচনা, স্তুতিও বিদ্যাসাগরের ওপর বর্ষিত হয়, কিন্তু কলেজ লাইব্রেরিটিকেও যে তিনি নিজের বুদ্ধি দিয়ে সংস্কার করেছিলেন — এটা অগোচরে থেকে গেছে।

যা হোক, চিঠির শেষাংশ তুলে ধরি, তবেই এমন আলোচনা গুরুত্ব পাবে। শেষাংশে তিনি প্রস্তাব দিচ্ছেন— "I would further beg leave to propose that the Council be pleased to authorize the sale of the super - abundant copies of certain Sanscrit Works in the Library. Even if class books were allowed to be taken in all cases from the Library, more than one hundred copies of several works will ever remain on the shelves untouched and to be worm-eaten. As there is no regular book allowances for the Sanscrit Department, the income from this source may be applied to the purchase of Sanscrit works published here and in Europe." এবং আরও মজার যে এই সঙ্গে তিনি বইয়ের একটা তালিকা এবং হিসেবও দিয়ে দিয়েছেন — "I beg to enclose herein a memorandum of books proposed for sale."

তবে মনে হয় এ ব্যাপারে লাইব্রেরিয়ান তারাশঙ্কর শর্মা, যাঁকে তিনি কাশীনাথ তর্কপঞ্চাননের (যিনি গত

হয়েছিলেন) জায়গায় নিয়োগ করা হোক — এমন প্রস্তাব পাঠিয়েছিলেন কর্তৃপক্ষের কাছে; সেই মানুষটি হয়তো বিদ্যাসাগরকে এ ব্যাপারে অনেকটা সাহায্য ও সহযোগিতা করেছিলেন। কারণ সেই প্রস্তাবে ছিল— "...If Council be pleased to appoint Tarasankar to the Librarian's post, I shall derive great assistance from him." [আসলে অনেক সময়ই লাইব্রেরিয়ানদের নীরব কর্মকাণ্ড অগোচরেই থেকে যায়। তাঁদের কাজের স্বীকৃতি গোচরে আসতে অনেক সময় পেরিয়ে যায়, সময়কালে স্বীকৃতি তাই অধরাই থেকে যায়। এ বড়ো আফশোসের ব্যাপার!]

লাইব্রেরিতে জমে থাকা বই অনবরত ব্যবহার না হলে যে ধূলো-ময়লা জমে জমে নষ্ট হতে পারে, পোকায় কাটতে পারে — এ ব্যাপারটা লেখক বিদ্যাসাগরের দৃষ্টি এড়িয়ে যাওয়া সম্ভব ছিল না। তিনি নিজেই অসংখ্য বইয়ের লেখক-প্রকাশক-বিক্রেতা। আর প্রকাশিত বই যত বেশি সংখ্যক মানুষের হাতে পৌঁছবে, পাঠকের প্রয়োজনে ব্যবহৃত হবে, ততই লেখকের গুরুত্ব বাড়বে— লেখককূলও উৎসাহিত হবেন — এমনটি আর কেউ তাঁর মতো করে ভেবে দেখেননি। বিকল্প আয়ের/রাস্তার সন্ধান করেননি। সে বিকল্প যত ছোট আকারেই হোক না কেন — বইগুলো যে পাঠকের জন্যই তৈরি হয়েছে। পুরোপুরি অধ্যক্ষের দায়িত্ব নেওয়ার আগেই যখন তিনি Asistant Secretary হিসেবে দায়িত্ব নিয়েছেন তখন থেকেই এমন ভাবনা হয়তো তাঁকে এই কাজে উৎসাহ জুগিয়েছে বলা যায়। যদিও পরিকল্পনাটির কথা এডুকেশন কাউন্সিলও চিন্তা করে আসছিলেন। কিন্তু খুঁটিনাটি তথ্য জুগিয়ে তার পূর্ণাঙ্গ রূপ দিয়ে বিদ্যাসাগর সে পরিকল্পনার বিস্তার ঘটিয়েছেন। ১৮৫১ সালে ১৩ জানুয়ারিতে লেখা তাঁর চিঠি থেকে জানতে পারছি কাউন্সিলের সিদ্ধান্তকে বাস্তবায়িত করার সাথে সাথে নিজের ভাবনা মিশিয়ে সেটাকে আরও জোরদার করেছেন—

"Letter No. 678, dated 13 January, 1851 from Eshwarchandra Sharma, to F.F.C. Hayes, Officiating Secretary to the Council of Education :

"I have the honour to state that by orders of the Council, dated 13 March 1850, Book prizes are to be substituted instead of money prizes heretofore given to the best students of the Grammar Department. Since of the books selected for prizes are Shishupalabadha and Kiratarjunia of which there are 200 copies each in the College Library, I therefore, beg leave to propose that 4 copies of each of the above works be taken from the Library to award to the prize students. The Library can also very conveniently spare 26 copies of Mugdhabodha and 21 copies of Amarakosha. The price of all these books amount to Rupees 79-8-0. Should the Council be pleased to adopt the proposal, Rupees 70-8-0 only will be required for the purchase of other books selected for prizes.

I further beg leave to state that by the award of the examiner of the English Department, prizes are to be given to six students. I have selected the prize books and their price amounts to Rupees 57-8-0. I beg permission of the Council to request the Government Book Agent to have these books purchased and placed the same to the account of the book allowance sanctioned for this department."

[Files for letter sent, 1849-51, Vol. 6 Sanskrit College.]

চিঠিটা পড়লেই বোঝা যায় খুঁটিনাটি তথ্য দিয়ে তিনি কীভাবে বিষয়টি তুলে ধরেছেন। এর সাথে আরেকটি চিঠিকেও তুলে ধরতে হয়, তবেই বোঝা যাবে কিভাবে তিনি বিষয়টার পেছনে লেগে থাকতেন। ৪ মার্চ ১৮৫১ সালে লেখা সে চিঠি এরকম ঃ

"Letter No. 690, dated 4 March 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.F.C. Hayes, officiating secretary to the Council of Education.

"The usual allowance for the Prize Books of the Junior classes is CO's Rs. 150 but as the Library Books worth CO's Rs. 79-8-0 has been distributed agreeably to the order of the Council No. III, dated 25th January last, I have the honour to request the favour of your remitting the balance Rs. 70-80-0, the amount of the remaining portion of the Prize Books purchased from Booksellers."

[Files for letters sent, 1849-51. Vol. 6, Sanskrit College.]

এই ব্যবস্থাপনায় সরাসরি টাকার বদলে পুরস্কার হিসেবে বই বিতরণের মাধ্যমে শিক্ষার্থীদের অন্যভাবে উৎসাহিত করা হল। হাতে বই থাকলেই তা পাঠ করার প্রবণতা শিক্ষার্থীর যেমন বাড়বে, তেমনই পরিবারের অন্যান্য সদস্যদের মধ্যেও তা সঞ্চারিত হবে — 'পাঠস্পৃহা বৃদ্ধি' এভাবেই শিক্ষার্থীদের মাধ্যমে সমাজের অন্যস্তরেও — বিশেষ করে শিক্ষিত মানুষের মধ্যে ছড়িয়ে পড়বে — এ বড়ো কম কথা নয়; যেহেতু সে সময় ছাপা বইয়ের সংখ্যা ছিল অপ্রতুল। কাউন্সিলের নির্দিষ্ট করে দেওয়া বইয়ের বাইরে আরও অনেক বইয়ের কথা মনে করিয়ে দিয়েছেন বিদ্যাসাগর। গভর্নমেন্ট বুক এজেন্টের মাধ্যমে বিদেশ থেকে বই আনানো ছাড়াও এদেশে প্রকাশিত বইও যাতে সে তালিকায় ঠাঁই পেতে পারে — সে কথা কি তাঁর মনে উঁকি দিত না? অন্যদিকে এ দেশে প্রকাশিত উদ্বৃত্ত বই বিক্রি করে যে অর্থাগম হবে তা বই কেনাতেই কাজে লাগানো যেতে পারে এমন প্রস্তাবনার মধ্যেও তো নুতনত্ব আছে; যেহেতু লাইব্রেরিতে বই কেনার বরাদ্দ বড়োই কম — এ নিয়েও তাঁর নিজস্ব অনুযোগ তিনি নির্দ্বিধায় জানাতে ভোলেননি। সেকথা পরে আলোচনা করা যাবে। এখন সংস্কৃত কলেজ লাইব্রেরিতে জমে থাকা উদ্বৃত্ত বই বিক্রির ব্যাপারে বিদ্যাসাগর নিজে উদ্যোগী হয়ে কতোটা কী করতে চেয়েছিলেন ও পেরেছিলেন এবং কীভাবে— সেটি বিস্তৃত করা যাক।

দায়িত্ব নিয়ে ঠিক বছর ঘুরতে না ঘুরতেই লাইব্রেরিতে জমে থাকা বই বিক্রি শুরু হতে থাকে। ১৮৫৩ সালের এপ্রিলে তিনি চিঠি লিখছেন ঃ

"Letter No. 860, dated 12 April 1853, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to report, for the information of the Council of Education, that agreeably to the orders, dated 14th January 1852, a number of spare copies of works in the Sanscrit Library have been sold, a list whereof is herewith submitted. The price of the Books disposed of amount to Rupees 1562-4-0 of which Rupees 1378-0-0, I have up to this day been able to realize ..."

[Files for letters sent, 1851-54, Vol.7, Sanskrit College.]

এখানে চিঠির বয়ান থেকে পরিষ্কার যে, বইগুলো বিক্রির জন্য পাঠানো হয়েছে বিভিন্ন জায়গায় ঠিকই, কিন্তু কিছু টাকা (প্রায় ১৮৩ টাকার মতো) তখনও অনাদায়ী থেকে গেছে। বিক্রিতে পাওয়া ১৩৭৮ টাকার সাথে ছাত্র ভর্তির চল্লিশ টাকা যোগ করে মোট টাকা 'ব্যাঙ্ক অফ বেঙ্গল'-এ জমা দিয়েছেন। একই সঙ্গে মনে করিয়ে দিয়েছেন, বই বিক্রির টাকার সদ্ব্যবহার হোক বই কেনাতেই; এদেশের সাথে সাথে বিদেশে প্রকাশিত বইয়ের একটি তালিকাও তৈরি করেছেন সব মিলিয়ে দাম পড়বে ছয়শো টাকা—

"... I beg leave to state that the order of the Council, dated 14th January 1852, have alluded to sanctions that the proceeds of the sale of books will be used for the purchase of Sanscrit works published here, and in Europe. Accordingly I have the honour to submit a list of such works as are absolutely required for the Sanscrit Library of this Institution, and request that you will be so good as to move the Council that they may be pleased to order the purchase of the works mentioned in the list. The cost of the books will amount to about Six hundred Rupees." [Ibid]

এতেও থেমে নেই বিদ্যাসাগর। জানুয়ারী ১৮৫৪ সালে কাউন্সিলকে মনে করিয়ে দিচ্ছেন — বই কেনার জন্য যে ব্যবস্থা অনুমোদিত হয়েছিল, তদনুযায়ী গভঃ বুক এজেন্টের মাধ্যমে চারশো আশি টাকার কিছু বেশি টাকার বই কেনা হয়ে গেছে, পেমেন্টের যেন ব্যবস্থা করা হয় ঃ

"Letter No. 943, dated 31 January, 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to state that it was proposed by me and sanctioned by the Council that the proceeds of the sale of spare copies of Sanscrit works in the Library be used for the purchase of Sanscrit works published here and in Europe (see orders of the Council, dated 14th January 1852). Agreeably to this order I applied to the Government Book Agent to purchase for this Institution certain Sanscrit works part of which he has already purchased amounting in value to Company's Rupees (480-1-9) Four hundred and eighty, one anna and nine pies. I therefore, beg leave to request the favour of your paying the amount above mentioned to the Book Agent out of Rupees 1378-0-0 forwarded to you with my letter No. 860, dated 12th April 1853, being the then realized portion of the proceeds of the sale of Sanscrit works in 1852."

[Files for letters sent, 1851-54. Vol. 7, Sanskrit College.]

একেবারে নিখুঁত হিসাব কষে তিনি এই ব্যবস্থাপনা কাউন্সিলের গোচরে এসেছেন। জুন মাস, ১৮৫৪ সালে আবার তিনি গভঃ বুক এজেন্টকে সরাসরি বলছেন পাওনার জন্য টাকাটি যেন তারা কাউন্সিল অব এডুকেশনের কাছ থেকে বুঝে নেন। এবং এ কথা বলার সময় নিশ্চয়ই তিনি যথাযথভাবে কর্তৃপক্ষকে অবহিত করেই রেখেছেন। দুটি ক্ষেত্রে একবার চিঠিতে তিনি লিখছেন "Purchase for this Institution" এবং পরে 'for the use of this institution.'

[Files for Letters sent 1851-54, Vol. 7 Sanskrit College.]

এইবার এই সংক্রান্ত ব্যাপারে একটা অন্য দিকে পাঠকের দৃষ্টি আকর্ষণ করি। [অবশ্য তার আগে ভূমিকা হিসেবে ব্যক্তিগত একটা অভিজ্ঞতা জানিয়ে রাখি। উত্তরবঙ্গে ছ'টি জেলার মধ্যে (বর্তমানে বেড়েছে আরও) একমাত্র সরকারী শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ে কিছুকাল যাবৎ (প্রায় দশ বছর) কাজ করতে হয়েছিল আমাকে। তো একবার শুনলাম শিক্ষক শিক্ষণের (মানে বি.এড.) সিলেবাস বদল সংক্রান্ত আলোচনা হবে দু'দিন ব্যাপী এবং আলোচনার কেন্দ্র হিসাবে একমাত্র সরকারী কলেজটি বেছে নেওয়া হয়েছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় তাতে অনুমোদনও দিয়েছেন। খুবই আনন্দের ব্যাপার। আলোচনা শুরু হল, সিলেবাস বদল করা হল প্রচুর আলোচনার পরে। রাজ্য, তথা দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়, তথা 'ন্যাশন্যাল কাউন্সিল অব টীচার এডুকেশন (NCTE) বিধি মেনে সবাই একবাক্যে প্রস্তাবিত সিলেবাসের পক্ষে একমত হয়ে বিশ্ববিদ্যালয়ে পেশ করলেন সেটি। তৈরি হয়ে গেল বি. এড. পাঠক্রমের নুতন 'সিলেবাস'; কলেজেও এসে গেল। দেখলাম সিলেবাস আছে, সঙ্গে একটিও টেক্সট বই, এমনকি রেফারেন্স বইয়ের নাম নেই। ছাত্র-ছাত্রীরা যখন পড়াশোনার জন্য অধ্যাপকদের কাছে বইয়ের নাম জানতে চাইল, তাঁদের মাথা হেঁট। লাইব্রেরিতে এসে ছাত্র-ছাত্রীরা যখন সিলেবাস অনুযায়ী বইয়ের খোঁজে হাজির, তখন একটি কথাই আমি বলেছিলাম— 'অধ্যাপকদের বই লিখতে বলো, সিলেবাস ওনারাই বদল করেছেন, বিশ্ববিদ্যালয় অনুমোদন দিয়েছেন বাজারে কোন বই নেই এটা জেনেই। দেখা গেল গোটা উত্তরবঙ্গে বি.এড. কলেজে যাঁরা অধ্যাপনা করেন— তাঁরা পাঠ্যবই রচনার ব্যাপারে আগ্রহী নন। আগে যারা লিখতেন তাঁরা অবসর নিয়ে ফেলেছেন। একথা জানাতে হল এজন্যই যে আগামী শিক্ষাবর্ষে কোন্ বই দরকার বর্তমান বছরেই সে ব্যবস্থা করে রাখা ভালো।]

এখানেও আলোচনায় দেখি— বিদ্যাসাগর একটা আগাম ভাবনা ভেবে তিনি যে কতোটা আধুনিক তার পরিচয় দিয়েছেন। একটি চিঠিতে তিনি গভঃ বুক এজেন্ট মোয়াটকে লিখছেন ঃ

"Letter No. 946, dated 1 February 1854, from Eswarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Government Book Agent :

"I have the honour to request that you will be so good as to indent from England the books mentioned in the accompanying list. I beg leave to inform you that these books will be required on the commencement of the next session."

[Files for Letters sent, 1851-54. Vol. 7, Sanskrit College.]

এখানে এই 'next session' শব্দবন্ধের পরে এমনকি কোন্ বইয়ের কতগুলি করে কপি দরকার হবে তার তালিকা বানিয়ে দিয়েছেন, যে চিঠির তারিখ ১লা ফেব্রুয়ারী ১৮৫৪।

আমরা একটু খুঁটিয়ে দেখলেই বুঝতে পারবো অনেক সময় এডুকেশন কাউন্সিলের সেক্রেটারি এবং গভঃ বুক এজেন্টের দায়িত্বে থেকেছেন একই মানুষ, যেমন— F.J. Mouat। এরকম দুটো চিঠি দেখাই যাদের তারিখ একটাই, মানুষও একই ব্যক্তি, কিন্তু আলাদা আলাদাভাবে তাঁদেরকে বইকেনা, সব বই না পাওয়া এবং পেমেন্টের ব্যাপারে অনুরোধ জানিয়ে, চিঠি দিচ্ছেন বিদ্যাসাগর। প্রথমে গভঃ বুক এজেন্টকে লেখা চিঠি ঃ

"Letter No. 955, dated 10 March 1854, from Eshwarchandra Sharma, Principal of Sanscrit College to F.J. Mouat, Government Book Agent :

"I have the honour to acknowledge the receipt of your letter No. 215, dated the 22nd Ultimo, forwarding for the Library of this Institution certain Sanscrit books amounting in value to Company's Rupees 247-10-0 and beg leave to request that instead of debiting the amount to the book allowance you will be so good as to apply to the secretary to the council of Eduction for the payment of the same.

I further beg leave to state that the first volume of Bopp's Comparative Grammar and the fifth volume of Gaspara Cossessio's Edition of Ramayana have not been received which you will be so good as to procure."

এখানে কোন্ কোন্ বই পাঠানো হয়নি অথবা লাইব্রেরিতে এসে বই পৌঁছায়নি তার কথা সুন্দরভাবে বলা হয়েছে। পরে পেমেন্টের কথা জানাচ্ছেন একই দিনে এডুকেশন কাউন্সিলের সেক্রেটারিকে ঃ

"Letter No. 956, dated 10 March 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to request that you will be so good as to pay to the Government Book Agent, out of the proceeds of the sale of spare copies of Sanscrit Works Company's Rupees 247-14-0 (Two hundred forty seven and fourteen annas) being the amount of the price of certain Sanscrit works purchased by him for the Library of this Institution in accordance with the orders of the Council, dated 14th January 1852."

[Ref. Files for letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

দুটো চিঠিরই তারিখ 10th March 1854 এবং দুজন একই ব্যক্তি— F.J. Mouat. লাইব্রেরির ব্যাপারে কতো খুঁটিনাটি জিনিস তিনি জেনে নিতেন, মনে রাখতেন এবং সে ব্যাপারে উদ্যোগ নিতেন — ভাবলে অবাক না হয়ে পারা যায় না। তিনি এমনকি একটি বিশেষ বই কেনার ব্যাপারেও গভঃ বুক এজেন্টকে অনুরোধ জানিয়ে চিঠি দিয়েছেন। অন্য বইয়ের সঙ্গেও এই বইটিকে যোগ করেও তালিকা তৈরি করা যেত — মনে হয় কোনো বিশেষ কারণে ঐ বইটির তৎক্ষণাৎ প্রয়োজন দেখা দিয়েছিল। দেখতে পাচ্ছি তাই—

"Letter No. 1012, dated 7 November 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanskcrit College, to H. Woodrow, Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing a copy of the Penny Cyclopaedia for the use of this Institution."

[Files for Letter sent, 1854-57, Sanskrit College.]

আবার শুধুমাত্র নতুন একটা বিভাগের জন্য নয়, সব বিভাগের জন্যও একই বই রাখার জন্যেও অনুরোধ জানাতে দেখি বিদ্যাসাগরকে। অকপটে তিনি জানিয়ে দেন যে ঐ বইটি বাংলা ও সংস্কৃত বিভগের জন্য লাইব্রেরিতে এক

কপি করে রাখাই আছে। ধরে নেওয়া যেতে পারে যে ঐ বইটির প্রয়োজন হয়েছিল ইংরেজি বিভাগের জন্য। চিঠিটি এরকম ঃ

"Letter No. 1034, dated 11 December 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to H. Woodrow, Government Book Agent :

"I have the honour to request the favour of your forwarding for the Sanscrit College Library a copy of the Bible in English. One copy of each in Bengali and Sanscrit is already in the Library of this Institution."

[Files for Letter sent, 1854-57, Sanskrit College.]

তাঁর চিঠিতে এটাও দেখতে পাই যে বই ছাড়াও মাত্র দুটি জিনিস কেনার অনুরোধ জানিয়ে চিঠি দিচ্ছেন, কারণ ঐ দুটি ভীষণ রকম দরকার হয়ে পড়েছে। তাড়াতাড়ি যেন ব্যবস্থা গ্রহণ করা হয় ঃ

"Letter No. 1035, dated 21 December 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to H. Woodrow, Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing a Theodolite and a Hadley's Sextant for the use of this Institution. As the instruments are very urgently required, I will feel obliged by your procuring them at your earliest convenience."

এটা বিশেষভাবে বলা হল এ কারণে যে সে সময় কতোটা নিয়ম মেনে কেনাকাটা করতে হতো।

তবু বিদ্যাসাগর চেষ্টার ত্রুটি করেননি। একটাই বই কেনার জন্য অনুরোধ করছেন গভঃ বুক এজেন্টকে জুলাই ১৮৫৫ সালে ঃ

"Letter No. 1079, dated 20 July 1855 from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College to the Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing a copy of Dr. Schmitz's Ancient History for the use of the Sanscrit College.

[Files for Letters sent, 1854-57, Sanskrit College.]

মজার ব্যাপার হচ্ছে Dr. Schmitz's Ancient History বইটি তাঁর কাছে ভীষণ দরকারী হয়ে পড়েছিল অধ্যাপক ও শিক্ষার্থীদের জন্যে, কারণ পরে আরও দুটি লিস্ট পাঠিয়েছিলেন গভঃ বুক এজেন্টকে, যেখানে ঐ বইটিই বার বার উল্লেখ করেছেন অন্য বইয়ের সাথে। যেমন ২৭ জুলাই ১৮৫৫ সালে গভঃ বুক এজেন্টকে যে পাঁচটি বইয়ের লিস্ট পাঠাচ্ছেন তার প্রথমেই রয়েছে নির্দিষ্ট বইটি। আবার ঐ সালের আগস্ট মাসে যে দশটি বইয়ের লিস্ট পাঠাচ্ছেন, তার দ্বিতীয়টি হচ্ছে এই বইটিই। দুবারই কোন কোন নির্দিষ্ট বিভাগের জন্য না পাঠিয়ে সংস্কৃত কলেজ লাইব্রেরির জন্য দরকার — সেটা জানিয়েছেন। যদিও লিস্ট দেখে বুঝতে অসুবিধা হয় না যে, সে সব বই ইংরেজি বিভাগের জন্যই বেশি দরকারী। পরপর দুটি চিঠিই তুলে ধরছি যাতে বুঝতে সুবিধা হয় ঃ

"Letter No. 1081, dated 27 July 1855, from Eshwarchandra Sharma, Principal of Sanscrit

College, to the Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing the books mentioned in the accompanying list for the Sanscrit College Library.

List of Books required for the Sanscrit College Library

| | | |
|---|---|---|
| 1 copy | Schmitz's | Manual of Ancient History. |
| 1 " | Do | History of Rome. |
| 1 " | Smith's | History of Greece. |
| 1 " | | History of Rome (Encyclo : Metropolitana). |
| 1 " | Dicken's | History of England." |

এই লিস্ট ২৭ জুলাই ১৮৫৫ সালের। পরের মাসে ৪ আগস্ট আবার একটা লিস্ট দেখি যার প্রথমে আছে 'Dicken's History of England এবং দ্বিতীয়টি 'Schmitz's Mannual of Ancient History'— পরে আরো আটটি বই রয়েছে।

এবারে একটা বড়ো লিস্ট দেখতে পাই যেখানে মোট বত্রিশটা টাইটেল আছে, কিন্তু মোট বইয়ের সংখ্যা ঊনষাটটি। বইগুলি সাধারণভাবে দেখে মনে হয় সবগুলিই ইংরেজি বিভাগের কথা মনে রেখে তৈরি। জুন ১৮৫৫ সালে সে চিঠি পাঠালেন গভঃ বুক এজেন্টকে।

"Letter No. 1070, dated 23 June 1855, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College to the Government Book Agent :

"I have the honour to request the favour of your purchasing for the Sanscrit College Library the books mentioned in the annexed list.

List of Books required for the Sanscrit College Library

| | |
|---|---|
| 1 copy Meaulay's Essay, 1 Vol. | 1 copy Mackintosh's Works, 3 vols. |
| 1 copy Young's Works, 2 Vols. | 1 copy Cowper's Works, 1 vols. |
| 1 copy Dryden's Works, 1 Vol. | 1 copy Gray's Works, 1 vol. |
| 1 copy Goldsmith's Works, 1 Vol. | 1 copy Spencer's Fairy Queen, 1 vol. |
| 1 copy Chaucer's Canterbury Tales, 1 Vol. | 1 copy Thompson's Poems, 1 vol. |
| 1 copy Burn's Works, 1 Vol. | 1 copy Laughomes Platarch, 2 vol. |
| 1 copy Johnson's Johnson's Poets, 3 Vols. | 1 copy Hazlitt's English Poets, 1 vol. |
| 1 copy Hazlitt's Dramatic Literature 1 Vol. | 1 copy Hazlitt's Comic Writers, 1 vol. |
| 1 copy Marcel on Language, 2 Vols. | 1 copy Michand's Crusades, 3 vols. |
| 1 copy Brougham's Men of Letters, 2 Vols. | 1 copy Gillfellair's Portraits, 1 vol. |

| | |
|---|---|
| 1 copy Gleig's England, 3 vols. | 1 copy Cyclopaedia of Biography,1vol. |
| 1 copy Cyclopaedia of History 1 vol. | 1 copy Greek Literature (Ency Metro), 1 vol. |
| 1 copy Roman Literature 1 vol. | 1 copy Greek Literaure (Ency Metro), 1 vol. |
| 1 copy Miller's Philosophy of History, 4 vols. | 1 copy Sismondis Literature of Europe, 2 vols. |
| 1 copy Locke's Philosophical Works, 2 vols. | 1 copy Life of Lorenzo De Medice, 1 vol. |
| 1 copy Life of Leothe X 2 vols. | 1 copy Irving's Works, 10 vols. |

এই যে এতো বইয়ের লিস্ট তৈরি করা, পাঠানো— কখনও গভঃ বুক এজেন্টকে, কখনও কাউন্সিলের সেক্রেটারিকে, কখনও বা ডিরেক্টর অব পাব্লিক ইন্সট্রাকশনকে — জানতে ইচ্ছা হয় সংস্কৃত কলেজের লাইব্রেরিতে জমা থাকা বই বিক্রির টাকা ছাড়া সরকারী বরাদ্দ কত ছিল লাইব্রেরি গ্রান্ট হিসেবে। এতে কি ঐ যে ছোট-বড় লিস্ট দেখতে পাচ্ছি সেগুলোর জন্য কি যথেষ্ট ছিল? ১৮৫৫ সালের ডিসেম্বর মাসে জানতে পারছি একটা তথ্য থেকে যে বুক অ্যালায়েন্স হিসেবে বার্ষিক বরাদ্দ ছিল তিনশো টাকা। এই হিসেব বিদ্যাসাগর ডিরেক্টর অব পাব্লিক ইন্সট্রাকশনকে দিচ্ছেন ঃ

"Letter No. 1005, dated 17 December 1855 ...

The Government grant to the Sanscrit College is Rupees 24,000 per annum. Its present expenditure amounts to Rupees 22,686 as per margin leaving a surplus balance of Rupees 1314 per annum. ..."

এরপর তিনি একে একে খরচ দেখাচ্ছেন মার্জিনে এভাবে ঃ

1. Principal – 3600

...

7 Book Allownce-300 ইত্যাদি।

এছাড়া অন্যভাবে বই রেকমেন্ড করে পাঠিয়ে নির্দেশ দেওয়া হতো বরাদ্দ টাকা থেকে পেমেন্ট দেওয়ার, যেখানে প্রিন্সিপ্যালের কিছুই করার থাকতো না— সে বই তখনই কোন্ কাজ লাগতে পারে তা যাচাই করার। এমন অন্ততঃ দুটি চিঠি দেখাই ঃ

Letter No. 245, dated 12 March 1852 from F.J. Mouat, Government Book Agent, to the Principal of the Sanscrit College :

"I have the honour by direction of the Council of Education, to forward for deposit, the College Library, a copy of Koosomabolly or selections from the Bengali Poetry, Part 1,

compilled by Monendronauth Roy, of the Hindoo College valued Co.s annas 12 which sum has been debited to the Book Allowance Account of that Institution."

এপ্রিলে আবার একই রকমের চিঠি পাঠাচ্ছেন মোয়াট ঃ

"Letter No. 164, dated 22 April 1852, from F. J. Mouat, Government Book Agent to the Principal of the Sanscrit College :

"I have the honour by direction of the Council of Education, to forward for deposit in the College Library, a copy of Bengali Translation of Comb's Constitution of Man, valued Company's Rupees 2/- which sum has been debited to the Book Allowance Account of the Sanscrit College."

২৩শে মার্চ ১৮৫৩ সালে একই মানুষ (মোয়াট) একই ভাবে ঐ একই বইয়ের দ্বিতীয় ভাগ পাঠাচ্ছেন, যার দাম একই, এবং বুক অ্যালায়েন্স থেকেই পেমেন্ট দেওয়া হবে জানাচ্ছেন। এখানেই শেষ নয়, এটা জানা যাচ্ছে যে বরাদ্দ টাকায় বই কিনতে গিয়ে গভঃ বুক এজেন্টকে কমিশন দিতে প্রায় একশো টাকার মত বেরিয়ে যেত — তাহলে পড়ে থাকে মাত্র দুশো টাকা — সেটাও সবসময় খরচ করা যেত না, কারণ বই সরাসরি পাঠিয়ে দেওয়া হত। এ নিয়ে ভীষণ চিন্তায় ছিলেন বিদ্যাসাগর। অথচ ভালোভাবে বিভাগ চালাতে গেলে বই দরকার, ভালো লাইব্রেরি দরকার (যেটি পরে রবীন্দ্রনাথ অনুভব করেছিলেন শান্তিনিকেতনে)। অথচ নিয়মের বাইরে কিছুই করার ছিল না, এদেশীয় লোকের পক্ষে ত, আরোই অসম্ভব। পাঠকের স্মরণে থাকতে পারে এশিয়াটিক সোসাইটিতে দু কপি 'পঞ্চতন্ত্র' বই না পেয়ে এক কপি অন্য জায়গা থেকে কিনে তিনি বিল পাঠিয়েছিলেন। কিন্তু সেক্রেটারি, কাউন্সিল অব এডুকেশনের তরফ থেকে স্পষ্ট নির্দেশ ছিল—

"Letter No. 1232, dated 21 July 1851; from the Secretary to the Council of Education to the Principal of the Sanskrit College :

"I have have the honour by direction of the Council of Education, to intimate to you that in consequence of the receipt of instructions from the Government, all supplies of books intended for the Government Colleges and Schools are to be obtained in future by indent in the usual forms only on the Government Book Agency.

The practice of procuring supplies by direct application to Book Sellers is to be discontinued."

[Letter No. 1232, dated 21 July 1851]

এর মধ্যে একটা কাণ্ড ঘটে গেছে। মহম্মদ মহসীন কলেজের (হুগলী হওয়াই স্বাভাবিক) অফিসিয়েটিং প্রিন্সিপ্যাল সরাসরি লন্ডনের বুক সেলারকে বই কেনার অর্ডার পাঠিয়ে দিয়েছেন। এটা নিয়মে পড়ে কিনা, সে ব্যাপারে কর্তৃপক্ষ মতামত চেয়েছেন বিদ্যাসাগরের কাছেই। তখনই জানা যাচ্ছে বরাদ্দ টাকা থেকে কতোটা বেরিয়ে যায় কমিশন বাবদ। মহম্মদ মহসীন কলেজের উদাহরণটিকে ঢাল করে সমর্থন জানালেন বিদ্যাসাগর। [যদি নিয়মে না থাকে — তাহলে ওখানে যদি সরাসরি কেনার সুযোগ থাকে, সংস্কৃত কলেজকে নয় কেন?] পুরো চিঠিটা এরকম ঃ

"Letter No. 1045, dated 9 August 1856, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"With reference to your endorsement No. 1911, dated 2nd Instant, forwarding for report, copy of a letter to your address from the Officiating Principal of the College of Mahomed Mohsin, relative to the purchase of Library Books by the Principal from the London Book-seller direct instead of through the Book Agent, I have the honour to state that I fully agree in the reasons against the present arrangement as set forth in Mr. Thwayte's letter. In the case of the Sanscrit College Library, the officer arguments apply with greater force. The allowance is only Rs. 300/- per annum, and under the present system there is a loss of nearly a hundred Rupees on account of commissions. The Library thus suffers a loss, which it would not, if the proposition under notice be sanctioned. I have therefore the honour to request, should Mr. Thwayte's proposition meet with your appoval, that the same arrangement may be sanctioned for the Sanscrit College."

[Files for Letter sent, 1854-57, Sanskrit College.]

আবার চেষ্টা করা যাক — এমন আশায় আগের উদাহরণটি ঢাল করে ডিরেক্টর অব পাব্লিক ইন্সট্রাকশন-এর দরবারে মূলত বই কেনার বার্ষিক বরাদ্দ জানিয়ে অনুযোগ, তারপর জানানো সিনিয়র শিক্ষার্থীদের বইয়ের প্রতি আকাঙ্ক্ষা, পাঠস্পৃহা (মূলত ইংরেজি ভাষা ও সাহিত্যের শিক্ষার্থীদের)। সংস্কৃত কলেজে জমে থাকা বই বিক্রি বাবদ পাওয়া টাকায় সরাসরি বই কেনার ব্যাপারে বিদেশী প্রকাশনার কাছে সরাসরি অর্ডার পাঠানো— এতো সব বিষয় নিয়ে অনুমতি চাইলেন ঃ

"Letter No. 1085, dated 26 December 1856, from Eshwarchandra Sharma, Principal of the Sanskrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"The present allowance of Books for this college being only 300 Rupees per annum out of which a percentage is deducted by the Book Agent, a comparratively small addition is annually made to the Library, which is scarcely sufficient to meet the requirements of the Senior students who frequently feel the want to standard English works. To remedy this inconvenience, I have the honour to suggest that the sum of Rupees 1056-8-0 realized from the sale of Sanscrit Books from the Library and now in deposit in the General Treasury as per accompnying receipt from the Sub-Treasurer may be appropriated for the purchase of the necessary books. The above sum would, I believe, suffice to meet all immediate wants. Should you approve of this suggestion, I beg that may be authorized to purchase the books direct instead of through the Book Agent as in that case I think I shall be able to make arrangement for obtaining them at cheaper rates than if they were got through that officer."

[Files for Letter sent, 1854-57, Sanskrit College.]

কিন্তু নিয়মের গেরোয় সে আশা কেমন করে মুখ থুবড়ে পড়েছিল সেটাও দেখে নেওয়া যাক ঃ

"Letter No. 270, dated 31 January 1857 from W. Gordon Young, Director of Public Instruction, to Pundit Eshur Chunder Surma, Principal of the Sancrit College :

"I have the honour to acknowledge the receipt of your letter No. 1085, dated 26th December 1856.

2. As it appears from the receipt forwarded by you that the sum of Rs. 1056-8-0 has been received and credited to the Government in the ordinary way and not held in deposit for the benefit of the Sanscrit College as supposed by you, it is impossible now to sanction your proposal.

3. In furture when any books of the Library are sold, it will be well to obtain sanction of this office to expending the money realized in buying new books at once (seeing that such are required) and not to forward the money, to the General Treasury."

[Files for letters received, 1856-59. Sanskrit College.]

বিদ্যাসাগরের প্রস্তাব কর্তৃপক্ষের কাছে নাকচ হয়ে গেল। তবে ডিরেক্টর তিন নম্বরে একটা রাস্তা দেখিয়েছেন, যেটার কথা ভুললে চলবে না কিন্তু।

আরও একটা 'গেরো' দেখা দিলো— যার কথা না বললেই নয়। অর্ডার দেওয়ার পর সময়মত সেগুলি পাওয়া, বিলগুলি যদি ঐ অর্থবৎসরের মধ্যে জমা না হয়ে পরে জমা হয়— সেগুলি যদি সিভিল অডিটর আটকে দেন, তাহলে বরাদ্দ টাকাও (মানে তিনশো টাকা) আটকে যায়— এককথায় বলা যায় তামাদি হয়ে যায়। এবার যে চিঠিটি তুলে ধরা হল সেখানে দেখতে পাচ্ছি শুধু বই নয়, ম্যাপও কেনার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। যথারীতি সময়মতো কাজটা হয়নি, তাই 'স্পেশাল কেস' হিসেবে অনুমোদন পাওয়ার আশায় ডিরেক্টর অব পাব্লিক ইনস্ট্রাকশনকে আর্জি জানাচ্ছেন বিদ্যাসাগর ঃ

"Letter No. 1095, dated 7 February 1857, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"I have the honour to submit an indent of books and beg to request the favour of your making the amount of their prices debitable to the Book allowances of the Institution for the year 1856.

I beg leave to state that I was under the impression that, in all cases the academical year was reckoned from the 1st of May to the 30th April. But the Secretary to the Book Agency informs me that the Civil Auditor will not pass the bill, if the books were not purchased before the close of the year that is 31st December. The Book alowance of Sanscrit College is very small and if the allowance of the year be forefeited on account of such a mistake, it will be a great loss and inconvenience to the Institution. I have therefore the honour to solicit that you will be pleased to request the Civil Auditor to pass the bill for the books now indented.

Indent of Books for the Sanscrit College Library for the year 1856..."

এরপর সেখানে ১৮টি বইয়ের লিস্ট ছাড়াও পাঁচটি ম্যাপও আছে দেখতে পাই।

[Files for Letter sent, 1854-57, Sanskrit College.]

দেখা যাচ্ছে চিঠির ছত্রে ছত্রে বই কেনার জন্য অল্প বরাদ্দ, তার মধ্যে নিয়মের গেরোয় সেই আর্থিক বছরে টাকাটি তামাদি হয়ে যাওয়ার আশঙ্কায় বিদ্যাসাগর যে উদ্বেগ প্রকাশ করেছেন, একটা প্রতিষ্ঠানের প্রতিটি অংশের সাথে বিশেষ করে সেখানকার লাইব্রেরির সাথে কতোটা আত্মিক যোগ থাকলে তবে এই মনোভাব প্রকাশ পায়— তা ভাবলে আশ্চর্য হতে হয়। পরে এই ব্যাপারটা আবারও আমরা দেখানোর চেষ্টা করবো।

সতর্ক রইলেন তিনি বই কেনার ব্যাপারে; বরাদ্দ টাকার সবটুকুই যেন সদ্ব্যবহার হয়। বোধহয় গভঃ বুক এজেন্ট-এর পক্ষ থেকে সে সময় কমিশন ইত্যাদি ব্যাপারে কিছু ছাড় দেওয়া শুরু হল। ২৪ জুলাই ১৮৫৭ সালে বিদ্যাসাগর ডিরেক্টর অব পাব্লিক ইনস্ট্রাকশনকে চিঠি দিয়ে জানাচ্ছেন যে কথা— তাতে বইগুলো কেনা হয়েছে বলে জানা যাচ্ছে এবং গভঃ বুক এজেন্টের নামও জানতে পারছি। চিঠিটি এরকম ঃ

"Letter No. 1143, dated 28 July 1857, from Eshwarchandra Sharma, Principal of the Sanskrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"With reference to your letter No. 32, dated 9th January last, I have the honour to forward an indent in duplicate of books for the Sanscrit College Library to be purchased out of allowace for the year 1857-58. The books will be obtained from Messers R. C. Lepage & Co. who have engaged to supply them partly from England and prartly from their Calcutta stock.

It will be seen that there is no column in the indents for freight and other charges because the aforesaid firm has promised to supply the books at their English retail prices only, exclusive of charges..."

[Files for Letter sent, 1857-59, Vol. IX, Sanskrit College.]

এতক্ষণ আলোচনায় বই কেনার জন্য বরাদ্দ টাকা, তা থেকে কমিশন ইত্যাদি বাবদ গভঃ বুক এজেন্টের টাকা কেটে নেওয়া নিয়ে আমরা প্রায়শই অনুযোগ জানাতে দেখি বিদ্যাসাগরকে। ঠিক কতোটা কমিশন আর কতোটা অন্যান্য চার্জ-বাবদ টাকা কেটে নেওয়া হতো — সে ব্যাপারে নির্দ্দিষ্ট করে উল্লেখ করা হয়েছে। একটু অন্য প্রসঙ্গ হলেও জানতে ইচ্ছে করে বিদ্যাসাগর নিজের লেখা বই বিক্রির সময় কতোটা কমিশন দিতেন সে সময়। সে ব্যাপারেও তথ্য জানার সুযোগ করে দিয়েছে তাঁর লেখা চিঠিপত্র। ১৮৫৮ সালে জুন মাসে নর্থ-ইষ্ট বেঙ্গল ও আসামের ইন্সপেক্টর অব স্কুল-কে চিঠিতে জানাচ্ছেন যে তাঁর বই বিক্রির 'ভেণ্ডার'কে তিনি 'পনের শতাংশ' পর্যন্ত কমিশন দিয়ে থাকেন, যখন তিনি বিদ্যাসাগরের বইগুলি স্কুলের জন্য নিতে আগ্রহী হন। চিঠিটি এরকম ঃ

"Letter No. 1219, dated 19 June 1858, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W. Robinson, Inspector of Schools, North-East Bengal and Assam :

"With reference to letter No. 1473, dated 14th Instant, from the Director of Public

Instruction, directing me to communicate with you regarding the supply of Vernacular Books at reduced prices to the several Deputy Inspectors in your Division, I have the honour to request that you will be good enough to furnish for my guidance a memorandum of the books required with number of copies of each. You will also oblige me by stating how, and to what stations, the Books are to be sent.

I further beg to be informed of the arrangements which you would propose for remitting the price of the Books in question. A discount of 15 per cent is allowed to Vendors."

[Files for Letters sent, 1857-59, Vol. IX, Sanskrit College.]

এই চিঠির প্রসঙ্গ টেনেই জানতে পারছি যে শুধুমাত্র নর্থ-ইষ্ট বেঙ্গল ও আসাম থেকেই নয়, আরো অনেক জায়গা থেকেই বই কেনার বরাত আসছিলো একই উদ্দেশ্য নিয়ে। এখানে আর একটা বিষয়ের দিকে দৃষ্টি আকর্ষণ করি, ক্যাশ টাকা ছাড়া কোন বই বিক্রি করতে রাজী ছিলেন না বিদ্যাসাগর। এখানে আরো এক একটা জিনিস খুবই পরিষ্কার যে 'ভার্নাকুলার বুক' লেখা ও প্রকাশনার ক্ষেত্রে বিদ্যাসাগরের কাছাকাছি কোনরকম প্রতিদ্বন্দ্বিতা ছিল না— এবং উল্টোদিকে নিয়মের বাইরে যেতে তিনিও রাজী ছিলে না— যত অনুরোধ আসুক না কেন। চিঠিটি পড়লে বোঝা যায় ছত্রে ছত্রে তিনি নিজের বিশ্বাসযোগ্যতার স্বাক্ষর রেখেছেন ঃ

"Letter No. 1230, dated 4 August 1858, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"I have the honour to submit for orders, a copy of a letter to my address, from the Inspector of Schools, North-East Bengal and Assam No. 426, dated 8th Ultimo, requesting me to send up a certain number of the Vernacular books, printed under the recent orders of Government, to the several Deputy Inspectors under him.

2. The rule with me is the sell the aforesaid books on cash ony to all other purchasers except the Calcutta School Book Society. According to Mr. Robinson's proposition they are to be supplied on credit to the Deputy Inspectors; but I cannot agree to it unless I am exonerated from responsibility in cases of loss. Perhaps the safest course would be for the Deputy Inspectors to have their supply from the School Book Society.

3. An urgent application from the Deputy Inspector of Rungpore for a supply of these books in question before me. I beg the favour of an early reply."

[Files for Letters sent, 1857-59, Vol. IX, Sanskrit College.]

এখানে ক্রেডিটে বই পাঠানোয় একটা বাস্তব অসুবিধার কথা বা আশঙ্কার কথা তুলে ধরেছেন '... in case of loss.' তার মানে এসব ঘটনাও তখন ঘটতো! কি অসম্ভব বাস্তববোধের অধিকারী ছিলেন তিনি— তা চিঠিটা পড়লেই বোঝা যায়।

সংস্কৃত কলেজে উদ্বৃত্ত থাকা যে সমস্ত বাংলা ভাষায় লেখা বই বিক্রয় করার সুযোগ ছিলো— সেগুলি বিদ্যাসাগর

নিজে উদ্যোগী হয়ে বিক্রির দায়িত্ব নিয়েছিলেন, এবং তা সম্ভবত বাংলাদেশের মধ্যে বিক্রি হয়েছে। কিন্তু অন্যভাষার বই যে ছিলো, সেগুলো তিনি অন্যভাবে সরকারের অনুমোদন নিয়ে অন্যপ্রদেশেও পাঠিয়েছিলেন — যাতে সেখানকার মানুষের কাজে লাগে, অহেতুক পড়ে থেকে নষ্ট না হয়— এমন ব্যাপার জানতে পারছি যে ১৮৫৭ সালে লেখা চিঠিতে ঃ

"Letter No. 1119, dated 3 may 1857, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to W. Gordon Young, Director of Public Instruction :

"I have the honour to state that there are 300 copies of a Hindi poem name Chutterprokash in the Sanscrit College Library. There is no information before me as to how the books came there but they have been there for years past. The poem treats of the adventures of Raja Chuttersaul of Bundlekund and being in Hindi may perhaps be of use in the educational institution in Behar Districts as well as in the North Western Provinces. I would, therefore, beg to suggest that arrangements may be made for the transfer of the books from our Library where they can never be of any use whatever."

[Files for Letter sent, 1854-57, Sanskrit College.]

বইগুলি যে লাইরেরিতেই পড়ে আছে দীর্ঘদিন—এখবর লাইব্রেরির লোক ছাড়া কারও নজরে তেমনভাবে আসার কথা নয়। কাজেই এখনে লাইব্রেরিয়ানের কৃতীত্বকে একটুও খাটো করা চলে না, তাঁর কাছ থেকে একেবারে বইগুলির সংখ্যা সমেত ডিরেক্টর অব পাব্লিক ইন্সট্রাকশনকে জানিয়ে একটা সুষ্ঠু ব্যবস্থা করার কথা বিদ্যাসাগর ভেবেছেন। তাঁর চিঠিতে এটাও পরিষ্কার যে, সংস্কৃত কলেজে অধ্যক্ষের দায়িত্বে আসার আগে থেকেই বইগুলি জমে আছে, এগুলিরও যথাযথ ব্যবহার হওয়া দরকার। অবশেষে ডিরেক্টরের অনুমোদন সাপেক্ষে বিদ্যাসাগর বিহার ডিভিশনের ইন্সপেক্টর অব স্কুলস্-কে চিঠি দিয়ে বইগুলি যাতে তাঁর নির্দেশমতো ঠিক ঠিক জায়গায় পৌছায়, ব্যবহার হয়—যেমনটি তিনি মনে করবেন— এমন আশা প্রকাশ করেছেন। এই চিঠির সঙ্গে পঞ্চাশটি কপি পাঠিয়ে দিয়ে লিখলেন যে, আরও তিনশো কপি তিনি পাঠাতে চান যেগুলি কলেজ-লাইব্রেরিতে রাখাই আছে। প্রথমে ডিরেক্টরকে জানিয়েছিলেন তিনশো কপির কথা, পাঠানোর সময় নিশ্চয় খোঁজা-খুঁজিতে সংখ্যা বেড়েছে বলেই মনে হয়। চিঠিটি এরকম ঃ

"Letter No. 1223, dated 13 July 1858, from Eshwarchandra Sharma, Principal of the Sancrit College, to A. S. Harrtson, Inspector of Schools, Behar Division :

"As directed by the Director of Public Instruction, I have the honour to acquaint you that I have forwarded by Dawk Baugy, fifty copies of a Hindee work, the Chatterprokash for distribution in such manner as may seem proper to you and to request that you will be good enough to state whether you would require any more copies of that work, as in that case I shall be glad to send them to you as early as practicable.

There are 300 copies of the above work in the Sanscrit College Library, and they may be made over to you without inconvenience. The work is of no use in the Sanscrit College."

[Files for Letter sent, 1857-59, Vol. IX, Sanskrit College.]

প্রসঙ্গান্তরে যাবার আগে এই বিশেষ বিষয়টি নিয়ে আলোচনা করতেই হয়— তা হল লাইব্রেরিতে বইয়ের গরমিল প্রসঙ্গ। কোন পাঠক লাইব্রেরি থেকে বই ব্যবহার করতে করতে ফেরত না দিয়ে চলে গেছেন কিনা। এসব ক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হত, সংস্কৃত কলেজের প্রশাসক/প্রিন্সিপ্যালই বা কি করতেন, বিধি কিছু ছিলো কি না। এ ব্যাপারেও বিদ্যাসাগরের চিঠিপত্রে সন্ধান করার চেষ্টা করেছি। অন্ততঃ একটা চিঠি থেকে এ ব্যাপারে যে তথ্য পাচ্ছি সেটা গোচরে আনা হল ঃ

"Letter No. 700, dated 22 March, 1851, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F.F.C. Hayes, Officiating Secretary to the Council of Education :

"Agreeably to the instructions of the Council of Education contained in their Order No. VII, dated 12th February 1851, I have the honour to forward the accompanying statement from which it will be seen that except the two last mentioned, which are obsolete, all other claims should be discharged and I beg leave to state that if the council be pleased to authorize me, I shall be happy to pay over the money to the proper claimants.

The sum due to the account of Umeshchandra Sharma amouting to Rupees 2-2-1 ought to be retained and carried to the general account, as he took from the College Library 2 books of the value of Rupees 3-8-0 and never returned them."

[Files for Letter sent, 1849-51, Vol. 6, Sanskrit College.]

এই সংক্রান্ত ব্যাপারে অনেক পরে কর্মজীবনের শেষে অর্থাৎ সংস্কৃত কলেজের প্রিন্সিপ্যালের দায়িত্ব থেকে চলে যাবার মাত্র কয়েক মাস আগে একটা চিঠি থেকে জানতে পারা যায় যে সরকারি কলেজ লাইব্রেরিয়ানকে 'বণ্ড' জমা করার কথা ভাবা হয়েছিল কাজে যোগদানের আগে, যেটা এখন সরকারী প্রতিষ্ঠানের 'ক্যাশিয়ার'কে করতে হয়। ডিরেক্টর অব পাব্লিক ইনস্ট্রাকশনের সার্কুলার উল্লেখ করি, বিষয়টা আরও ভালোভাবে জানা যাবে ঃ

"Circular No. 1038, dated 24 April 1858, from Gordon Young, Director of Public Instruction, to Pundit Eshwar Chander Sharmah, Principal of the Sanskrit College :

"I have the honour to request that when reporting as usual in your Yearly Report upon the "State of the Library you will oblize me by stating what bond agreement or secruity has been taken from the Librarian of your college, to ensure the proper and honest performance of his duty; and also whether the Rules under which the Library is managed are satisfactory and sufficient for the prevention of any loss of Books or other misfeasance."

[Files for Letters received 1856-59, Sanskrit College.]

**বই সিলেকশন বা রিজেকশন ঃ**

এবারে আসি সমসাময়িক কালে / বিভিন্ন সময়ে বিভিন্ন মানুষের লেখা বই পঠন-পাঠনের যোগ্য বিবেচনা করা

এবং লাইব্রেরির সংগ্রহে রাখা অথবা বাতিল করা নিয়ে আলোচনায়। এ ব্যাপারে তৎকালীন প্রশাসকগণ যে বিদ্যাসাগরের মতামতকে ভীষণ গুরুত্ব দিতেন — তা বইগুলি বিদ্যাসাগরকে পাঠানো থেকেই বোঝা যায়। ব্যস্ত সময় থেকেই সময় বের করে তিনি এই ব্যাপারটি অত্যন্ত দক্ষ এবং নিরপেক্ষভাবে তাঁর মতামত উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দিতেন। যেমন ১৮৫৪ সালে মার্চ মাসে কাউন্সিল অব এডুকেশনের সেক্রেটারিকে নিজস্ব মতামত সমেত একটি বই সম্পর্কে প্রশংসা করে লাইব্রেরিতে রাখাই শুধু নয়, তা প্রাইজ-বই হিসেবেও বিবেচনার কথা জানিয়েছেন বিদ্যাসাগর ঃ

"Letter No. 960, dated 18 March 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanskrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education :

"I have the honour to acknowlege the receipt of your letter No. 273, dated 31st January last, forwarding for report as to the suitableness or otherwise for introduction into the Libraries of the Colleges and Schools under the control of the Council, the Bengali Drama styled Bhanumatichittabilas, written by Baboo Hurochandra Ghose after the manner of Shakespeare's Merchant of Venice, and beg leave to state that the work is written in an idiomatic and very clear style and appears to be fit for introduction into the Libraries of Colleges and Schools under the control of the Council. It may also be given in prizes to the students of Bengali classes as proposed by the Principal of the Hooghly College.

The original letter of the Principal, Hooghly College, and the copy of the Drama which accompanied your communication are returned herewith."

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

বইটি কিন্তু হুগলী কলেজের প্রিন্সিপ্যালের কাছ থেকে পাঠানো হয়েছিল মতামত জানার জন্য — চিঠির শেষটায় তাও লেখা আছে। ১৮৫৮ সালে জুলাই মাসে তেমনই একটা বই সম্পর্কে মূল্যায়ন করতে গিয়ে বিদ্যাসাগর জানাচ্ছেন অকপটে— বইটি উচ্চমানের হলেও স্কুলের অনুপযোগী, লাইব্রেরিতে রাখা উচিত। অর্থাৎ বিভিন্ন বয়সের পাঠকের মনস্তত্ব নিয়েও তিনি ভেবেছেন, মূল্যায়ণের সময় এই দিকটা অবহেলা করেননি ঃ

"Letter No. 1224, dated 22 July 1858, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College to W. Gordon young, Director of Public Instruction :

"With reference to your endorsement No. 1506, dated 18th Ultimo, forwarding for report, copy of a letter to your address from the Junior Secretary to the Government of Bengal, together with a work on the origin and progress of the Religions and Institutes of India, etc., I have the honour to observe that the work has been very ably executed, shews great erudition on the author and is certainly very valuable for antiquarian researches; but the subject is of such a nature as, I am afraid, would scarcely make it a suitable Class Book in the Government Colleges and Schools. It is however desirable that every College and School Library should have a copy or two in each.

The Book is returned as requested.”

[Files for Letter sent, 1857-59, Vol. IX, Sanskrit College.]

এবারে দেখাই ক্লাস-বুক বা লাইব্রেরির সংগ্রহ হিসাবে তিনি যে বইগুলিকে নাকচ করে দিয়েছেন, একই সঙ্গে কেন তিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন— সেটা জানাতেও দ্বিধা করেননি। মন্তব্য থেকেই বোঝা যায় যে, এগুলো তাঁকে করতে হয়েছে এবং নিখুঁতভাবেই করতে হয়েছে। যেমন ১৮৫৪ সালের মার্চ মাসে একটা চিঠিতে তিনি কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারিকে জানাচ্ছেন ঃ

“Letter No. 957, dated 11 March 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, of F.J. Mouat, Secretary to the Council of Education :

With reference to your letter No. 153, dated 19th January last, I have the honour to state, for the information of the Council, that the Bengali Dictionary by Baboo Uditchandra Addy does not appear to be such as to deserve the patronage of the Council. The work abounds with errors of a serious description. Wrong and inaccurate meanings are often given. The page 26 which taken as random for particular examination contains no less than sixteen wrong meanings. Besides, obsolete Sanscrit words which have not the remotest chance of being adopted in Bengali, and whose Sanscrit synonymes are in common used in the language are introduced while those already adopted are omitted. In fact, instead of being a help to the student of Bengali, the new Dictionary will misguide him often.

The copy of the Dictionary and the compiler’s application in original which accompanied your communication are returned herewith.”

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

বোধহয় দ্বিতীয়বারের জন্য অনুরোধ করা হয়েছিল বইটির রেকমেন্ডেশনের ব্যাপারে। সেজন্য আরও খুঁটিয়ে দেখার পর এমনকি কোন্ পাতায় কী ধরণের গোলমাল আছে সেসব উল্লেখ করে দ্বিতীয়বারের জন্য নাকচ করে দিয়েছেন বিদ্যাসাগর। বইটি কাউসিলের সেক্রেটারি মোয়াটকে প্রথমবার যেভাবে নাকচ করার কথা জানিয়েছিলেন, পরেরবার সেক্রেটারি বদল হলেও তাঁর মতামত বদল হয়নি দেখা যাচ্ছে। কতোটা দক্ষতার সঙ্গে বিদ্যাসাগর এই কাজটিও করতেন তা ভাবলে আশ্চর্য হতে হয়। জুলাই ১৮৫৪ সালে লেখা চিঠিটি দেখলেই বোঝা যাবে তাঁর দক্ষতার নমুনা ঃ

“Letter No. 992, dated 3 July 1854, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to H. Woodrow, Secretary to the Council of Education :

“With reference to your letter No. 1006, dated 23rd May last, I have the honour to state, for the information of the Council of Education, that the Anglo-Bengali Dictionary by Babu Uditnaraon Auddy does not appear to be fit for adoption in the Colleges and Schools under the control. The page 456 taken at random has been specially examined and found to contain

several serious errors, both of omission and commission.

The copy of the Dictionary which accompanied your letter is returned herewith.”

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

দেখা যাচ্ছে প্রথমবার জানিয়েছিলেন ২৬নং পাতায় ভুল আছে, পরের বার ৪৫৬নং পাতায় আরেকটি ভুল দেখিয়ে দ্বিতীয়বারের জন্য বইটি নাকচ করে দিয়েছেন। তৎকালীন প্রশাসকরা জানতেন বই মূল্যায়ণের ব্যাপারে বিদ্যাসাগরের দক্ষতা কতোটা নিরপেক্ষ এবং নির্ভরযোগ্য; বাংলা ব্যাকরণ সংক্রান্ত ব্যাপার হলে তো কথাই নেই। ১৮৫৩ সালের জুন মাসে কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারি মোয়াটকে বিদ্যাসাগর দ্বিধাহীনভাবে জানাচ্ছেন— যে বইটির মূল্যায়ণ করতে বলা হয়েছে, তার ভুলগুলি অতীব গুরুতর, তাই ফেরত পাঠানো হচ্ছে ঃ

“Letter No. 876, dated 15 June 1853, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit Collge, to F.J. Mouat, Secretary to the Council of Education :

“With reference to your communication No. 979, dated 9th instant, I have the honour to report, for the information of the council, that the Bengali Grammar by Bhagaban Chandra Pundit, is, in my opinion, an indifferent treatise on the subject. Parts of the work I read abound with erors of a serious nature.

The book and the original letter are returned herewith.”

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

ঠিক একইভাবে ১৮৫৩ সালের অক্টোবর মাসে একটি চিঠিতে বিদ্যাসাগর ‘অদ্ভুত রামায়ণ’ নামে একটি বই স্কুল-কলেজের ক্লাস-বই হিসেবে বাতিল করে দিয়েছেন এবং কারণটিও যথাযথভাবে জানিয়ে দিতে দ্বিধা বোধ করেননি। কাউন্সিল অব এডুকেশন সেক্রেটারিকে জানাচ্ছেন তিনি ঃ

“Letter No. 914, dated 25 October 1853, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Secretary to the Council of Education.

“With reference to your letter No. 1716, dated 3rd Instant, I have the honour to report, for the information of the Council, that Baboo Harimohan Sen’s Bengali Poetical Work “Adbhuta Ramayan” is not in my opinion, fit to be introduced as a class book into the Colleges and Schools under them. The subject of the Adbhuta Ramayan is a mythological one and its merits as a poetical work are not such as to entitled it to be adopted as a class-book.

Baboo Harimohan’s letters in original, and a copy of the Adbhuta Ramayan which accompanied your letter are returned herewith.”

[Files for Letter sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

এবার একটু অন্যদিকে দৃষ্টি ফেরানো যাক। বই রিভিয়্যু থেকে প্রশাসকদের রিপোর্ট — দেখানো যেতে পারে যেখানে বিদ্যাসাগর রচিত বইয়ের গ্রহণযোগ্যতা ঠিক কতোটা ছিল, তার খানিকটা আন্দাজ পাওয়া যাবে। এই রিপোর্ট

১৮৫৭ সালের অক্টোবর মাসের, যেখান থেকে পাচ্ছি "Officiating Director of Public Instruction, E. Roer, Inspector of Schools, South-West Bengal Stated :

"I hear that many of the inhabitants of Midnapore object to the class-books introduced into the schools, especially to Keith's and Shamachurn's Bengali Grammars, which they consider but little adapted for the use of schools. Instead of them, they wish to substitute Pundit Eshwar Chundra's "Introduction to Sanskrit Grammar", by which they anticipate the students to acquire an elementary knowledge of Sanscrit, the necessary foundation of a thorough acquaintance with the Vernacular, as well as a correct knowledge of the Grammar of their owr language. The conclusiveness of the argument may be partly admitted, and if there be an easy and at the same time comprehensive Grammar of the Bengali language for the lower classes of a school, I think Eshwarchandra's Introduction might with advantage be studied in the higher classes."

[Report of the Director of Public Instruction in the Lower Provinces, for the Half year ending October 1857, P-5).

ঠিক কী চোখে দেখতেন বিদ্যাসাগরকে তৎকালীন প্রশাসকগণ — তা দেখানোর আগে আবার কতকগুলো বইয়ের মূল্যায়ণ সম্পর্কে আলোচনা করে নেওয়া যাক। যেমন এই পুস্তিকাটি মূল্যায়ণ করতে গিয়ে খুঁটিয়ে দেখে বাতিল করে ১৮৫৪ সালে মে মাসে লিখছেন বিদ্যাসাগর এডুকেশন কাউসিলের সেক্রেটারিকে ঃ

"With reference to you letter No. 910, dated 10th Instant, requesting me to report upon the merits of a pamphlet therein enclosed entitled "Bharmanirnaya", I have the honour to state that on an examination, the pamphlet does not appear to me to be fit for introduction as a class-book into the Colleges and Schools under the control of the Council of Education.

The original letter of the author with the pamphlet which accompanied your communication are returned herewith."

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

অন্য চিত্রও আছে—এ প্রসঙ্গে সেটাও দেখা যেতে পারে। সংস্কৃত কলেজের ছাত্রদের 'প্রাইজ বুক' হিসেবে একটা বইকে তিনি বাতিল করলেও ইংরেজি মাধ্যম স্কুল-কলেজে সেটি পুরস্কার হিসেবে দেওয়া যেতে পারে— এমন মতামত জানাতে দেখি বিদ্যাসাগরকে। এদেশীয় সাহিত্যের পরিচয় ইংরেজি মাধ্যম পড়ুয়াদের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে দেশের সাহিত্য-সংস্কৃতির প্রসার ঘটুক-এমনটাই বোধহয় বিদ্যাসাগরকে ভাবিত করেছে, সেটাও জানা যাচ্ছে। বইটির অন্য একটি বিশেষত্ব তিনি নিজেই উল্লেখ করেছেন— "the illustated and ornamented Edition" বলে, যে দৃষ্টান্ত সে সময় খুব বেশি ঘটতো না অন্য বই প্রকাশনার ক্ষেত্রে। বইটি হল 'শকুন্তলা'— যা তাঁর লেখা থেকে জানা যাচ্ছে— 'Professor William's translation of Sankuntala'। চিঠিটি এরকম ঃ

"Letter No. 1103, dated 16 Febuary 1857, from Eshwarchandra Sharma, Principal of Sanscrit College, to W. Gordown Young, Director of Public Instruction :

"With reference to the copy of correspondence forwarded under your endorsement No. 224, dated 27th Ultimo, I have the honour to observe that Professor William's translation of the Sakuntala does not appear to me to be a suitable prize book of this College but it may be used as such in English Schools and Colleges where the students have not the opportunity to study the work in Sanscrit. It may perhaps be thought desirable that there should be a copy the illustrated and ornamented Edition in all the Libraries.

The Books forwarded with your communication are herewith returned."

[Files for Letters sent, 1854-57, Sanskrit College.]

আসলে এই বইটিই কেনার অনুরোধ জানিয়েছিলেন বিদ্যাসাগর বহু আগে ১৮৫৩ সালে ঃ

"Letter No. 907, dated 30 September 1853, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to F. J. Mouat, Book Agent :

"I have the honour to request that you will be good as to purchase for the use of this Institution, a New Edition of the Sakuntala, by Mr. Williams of the Hailebay College, offered for sale by Messrs. R. C. Lepage & Co."

[Files for Letters sent, 1851-54, Vol. 7, Sanskrit College.]

আবার ১৮৫৬ সালের জুলাই মাসে পাঠানো আর একটা বইয়ের মূল্যায়ণ করতে তিনি দেরী করেছেন বলে মার্জনা চেয়ে নিচ্ছেন 'অফিসিয়েটিং ডিরেক্টর অব পাব্লিক ইন্সট্রাকশনের' কাছে। বইটিকে খুঁটিয়ে পড়তে গিয়ে মনে হয় বেশি সময় লেগেছে সে কথা চিঠি থেকেই পরিষ্কার। যে উদ্দেশ্য নিয়ে বইটি লেখা তা যে সফল এবং তিনি নির্বাচনের পক্ষে, এমন মতামত সমেত চিঠি পাঠিয়েছেন ঃ

"Letter No. 1170, dated 29 October, 1857, from Eshwarchandra Sharma, Principal of the Sanscrit College, to H. Woodrow, Officiating Director of Public Instruction :

"In acknowledging the receipt of your office letter No. 1657, dated 14th July 1856, I beg to apologize for the delay which has taken place, through oversight in reporting upon the work entitled "An Introduction to the Art of Teaching" therewith forwarded.

I have perused the above book with attention and am glad to say that it will well serve the purpose for which it has been compiled.

The copy of the book forwrded with the letter under reference is herewith returned."

[Files for letter sent, 1857-59, Vol. IX, Sanskrit College.]

Vidyasagar wanted to see an educated society, especially the women education. He left no stone unturned for the spread of girls' education in society. Vidyasagar as a teacher and as an educationist wanted to eradicate illiteracy from our soil, particularly from among the

women who were mostly neglected in almost all spheres of life. But this dream of Vidyasagar is yet to be fulfilled, because crores of people in our country and the women in particular are still illiterates and living below poverty lines. Needless to say, poverty and illiteracy are very closely interrelated factors. Man's inborn potentials can hardly be developed without his/ her educational development. Education and knowledge base help to increase our work capacity. So, development of human resources can be ensured only through man's educational development-here literacy and formal education needs to be given particular emphasis-which is not only linked with his/her own development but equally with societal benefit. In fact, knowledge is the most powerful factor by which all things are done by man. As a brilliant scholar Viydyasagar realised this truth and painstakingly tried for the spread of education among the people in general and that of female child in particular, because during the time of Vidyasagar women education in India hardly received any importance; excepting a very few, women remained illiterates and ignorant. So, quite naturally, they lagged far behind the process of social development effectively without any dignity and status of their own. Vidyasagar wanted a society with educated mother who can not only play most effective role in educating their children but can equally play their part in the process of development of society. It is true that our nation has taken a very commendable initiative in making the Right to Education a Fundamental Right, but still many things remain to be done in the process of eradication of illiteracy. Therefore, when our nation will be able to eradicate illiteracy from our soil and especially when every woman will be educated and economically self-sufficient, only then the dreams of Pandit Iswar Chandra Vidyasagar will be fulfilled; and perhaps that will be real tribute to this teacher and great social reformer.

To conclude, the history of India will always remember Iswar Chandra Vidyasagar for his fundamental contribution for the reformation in our educational system and the most significant role he played in other fields of social reforms. He immensely contributed to Bengal Renaissance as a most important figure. Vidyasagar fought a tough battle against the Hindu orthodox and conservative society to liberate the Indian women from the grip of oppression and social injustice and thus became a champion of social reform. So, the Indian women will remember Iswar Chandra Vidyasagar with due regard for his contribution to women empowerment and therefore, for the status and dignity they enjoy today.

**References:**

1. Mitra, Subal Chandra. Isvar Chandra Vidyasagar: a story of his life and work. Sarat Chandra Mitra, New Bengal Press; 1902: Calcutta.

# আন্তঃসাংস্কৃতিক প্রেক্ষাপটে বিদ্যাসাগরের কথাগ্রন্থের মূলানুগত ও মৌলিক স্বরূপ

**ড. রবিন ঘোষ***

বিদ্যাসাগরের দ্বি-শত জন্মবর্ষ উদ্‌যাপনে আমিও এগিয়ে এসেছি। কিন্তু বিদ্যাসাগরের মতো মহান ব্যক্তিত্বরা শুধুমাত্র শতবর্ষ বা সার্ধশতবর্ষ বা দ্বিশত জন্মবর্ষ উদযাপনের মাধ্যমেই বেশি চর্চিত হন। আমার অভিমত এঁদের রচনা সর্বদাই যুগোপযোগী। বিদ্যাসাগর তাঁর সাহিত্য রচনায় বিভিন্ন দিক তুলে ধরেছেন। আমি তাঁর অনুবাদ সাহিত্যের একটি বিশেষ দিক উল্লেখ করবো। আমরা জানি বিদ্যাসাগর হিন্দি, ইংরেজি ও সংস্কৃত ভাষা সাহিত্যের বিবিধ গ্রন্থ থেকে অনুবাদ করেছেন। এই অনবাদ যে শুধুমাত্র হুবহু বঙ্গীকরণ নয়, তা কীভাবে বঙ্গীকরণে অভিযোজিত হয়ে আত্তীকরণ করেছেন সেটিই আমার আলোচ্য বিষয়। অনুবাদ নয়, বরং আত্তীকরণের উপর বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। কতটা আত্তীকরণ করা হয়েছে বা বঙ্গীকরণের ধরণটা কেমন তা বিশেষভাবে লক্ষ্যণীয়। বিদ্যাসাগরের কিছু অনালোচিত গ্রন্থকেই আমি আলোচনার আকর গ্রন্থ হিসেবে বেছে নিয়েছি।

সময়ক্রমানুযায়ী বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থটি রচনা করেন উনিশ শতকের মধ্যগগনে। গ্রন্থটির প্রকাশকাল ১৮৪৮ খ্রিস্টাব্দ। লক্ষণীয় 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থটির বন্ধনীর মধ্যে দ্বিতীয় ভাগ লিখিত। অর্থাৎ বিদ্যাসাগর যে মূলগ্রন্থ থেকে এই গ্রন্থটি রচনা করেছেন সেটি হল মর্শম্যানের (John Clark Marshman) 'History of Bengal' গ্রন্থ। এই গ্রন্থটি মোট উনিশটি অধ্যায়ে বা পর্বে রচিত। এই গ্রন্থের একাদশ থেকে ঊনবিংশ অধ্যায় অবলম্বনে বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' (দ্বিতীয় ভাগ) রচনা করেছেন। লক্ষণীয় দ্বিতীয় ভাগ লেখাটি। মার্শম্যানের মূলগ্রন্থের প্রায় দ্বিতীয়ার্ধ অবলম্বনে বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থটি রচনা করেন। তাই দ্বিতীয় ভাগ অংশটি লিখিত। বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' (দ্বিতীয় ভাগ) গ্রন্থের বিজ্ঞাপন অংশে বলেছেন "বাঙ্গালার ইতিহাসের দ্বিতীয় ভাগ, শ্রীযুক্ত মার্শম্যান সাহেবের রচিত ইঙ্গরেজী গ্রন্থের শেষ নয় অধ্যায় অবলম্বনপূর্বক সঙ্কলিত, ঐ গ্রন্থের অবিকল অনুবাদ নহে। ...এই পুস্তকে, অতি দুরাচার নবাব সিরাজউদ্দৌলার সিংহাসনারোহণ অবধি, চিরস্মরণীয় লর্ড উইলিয়াম বেণ্টিক মহোদয়ের অধিকার সমাপ্তি পর্যন্ত বৃত্তান্ত বর্ণিত আছে।"[১] প্রসঙ্গত উল্লেখ্য মার্শম্যান সাহেব নিজের লেখা 'History of Bengal' বঙ্গানুবাদ করেন বঙ্গদেশের পুরাবৃত্ত নামক গ্রন্থে।

মার্শম্যান তাঁর 'History of Bengal' গ্রন্থের একাদশ অধ্যায়ে সিরাজউদ্দৌলার প্রসঙ্গ এনেছেন। উল্লেখ্য ১৭৫৬ ও ১৭৫৭ সালের ঘটনা বিবৃত্তি আছে। "1756, seraj ood-dowlah ascends the throne. He plunders his aunts, His first communication with the English at Calcutta, His foolish and crull conduct disgusts his nobles. He marches against his cousin sokut jung, of purneah, Mr. Drake the Governor of Calcutta, refuses his demands - He marches against Calcutta, capture of

* বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ) গরুবাথান সরকারি কলেজ, কালিম্পং।

Calcutta - the Back Hole, Seraj ood-dowlah returns to Moorshedabad - marches against sokut Jung, who is defeded and slain, ... 1757. Colonel Clive and Admiral Watson, come up from modras and take Calcutta." (P-137)

বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থের প্রথম অধ্যায়ে বা পর্বে সিরাজউদ্দৌলা বিষয়ক আলোচনা করেছেন। তিনি হুবহু অনুবাদ করেননি মূলগ্রন্থ থেকে কোনো অংশে বিয়োজন করেছেন, আবার কোনো অংশে প্রয়োজনানুযায়ী সংযোজনও করেছেন। রাজবল্লভের ধন-সম্পত্তি বেহাত হওয়ায় প্রসঙ্গটি বিদ্যাসাগর সংযোজন করেছেন। "রাজবল্লভের সম্পত্তি এইরূপে হস্তবহির্ভূত হওয়াতে, সিরাজউদ্দৌলা সাতিশয় অসন্তুষ্ট হইয়াছিলেন, এক্ষণে সিংহাসনারূঢ় হইয়া, কৃষ্ণদাসকে আমার হস্তে সমর্পণ করিতে হইবেক, এই দাওয়া করিয়া কলিকাতার দূত প্রেরণ করিলেন[১/পৃ-১১৮৬]।" আমরা লক্ষ করব বিদ্যাসাগর মূলগ্রন্থ থেকে এখানে অনুবাদে পরিবর্তন করেছেন। সিরাজউদ্দৌলার মনে অসন্তুষ্টির কারণ রাজবল্লভের সম্পত্তি বেহাত হয়ে যাওয়া। তাছাড়া বিদ্যাসাগরের এই গ্রন্থের এই অধ্যায়ের আরেকটি অংশ লক্ষ করব যেটি বিদ্যাসাগরের সংযোজন অংশ। 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থের প্রথম অধ্যায়ের শেষাংশে উল্লিখিত "নবাবের সেনাপতি মাণিকচাঁদ, কলিকাতা হইতে অকস্মাৎ তথায় উপস্থিত হইয়া, ক্লাইভকে আক্রমণ করিলেন। ঐ সময়ে, নবাবের সৈন্যেরা যদি প্রকৃতিরূপে কার্য সম্পাদন করিত, তাহা হইলে, ইংরেজরা নিঃসন্দেহ পরাজিত হইতেন, যাহা হউক, ক্লাইভ, অতি ত্বরায় কামান আনাইয়া, শত্রুপক্ষের উপর গোলা চালাইতে আরম্ভ করিলেন[১/P-1192]।" এখানে বিদ্যাসাগর সেনাপতি মাণিকচাঁদের কলকাতা থেকে হঠাৎ ক্লাইভকে আক্রমণ করার বিষয়টি ও সৈন্যদের তৎপরতা থাকলে তখনই ইংরেজরা পরাজিত হওয়ার প্রসঙ্গটি সংযোজন করেছেন। বিদ্যাসাগর সিরাজউদ্দৌলাকে বলেছেন 'অতি দুরাচার নবাব'। এই অধ্যায়ে বিদ্যাসাগর মূলগ্রন্থ থেকে এইভাবে অনুবাদে পরিবর্তন ঘটিয়েছেন।

আমরা লক্ষ করবো মার্শম্যানের 'History of Bengal' গ্রন্থের দ্বাদশ অধ্যায়টি বা পর্বটি। এই অধ্যায়ের বা পর্বের একটি অংশ উল্লেখ্য। "Clive knew well that Nabob would not make peace, unless he was frightened into it, two days after the retaking of Calcutta, therefore he sent ships and troops up to Hooghly, which was them wealthy place, of great trade, and captured it[2/P-149]." বিদ্যাসাগর তাঁর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ের শুরুতে মূলগ্রন্থ থেকে অনুবাদে পরিবর্তন ঘটিয়েছেন। "সিরাজউদ্দৌলা পঁহুছিবামাত্র, ক্লাইভ সন্ধি প্রার্থনায় তাঁহার নিকট দূত প্রেরণ করিলেন। নবাবের সহিত দূতদিগের অনেকবার সাক্ষাৎ ও কথোপকথন হইল[১/পৃ-১১৯২]। বিদ্যাসাগর তাঁর অধ্যায়ে ক্লাইভের বিচক্ষণতার কথা বলেছেন। ক্লাইভের অভিমত ছিল মুর্শিদাবাদের শেঠদের কাছে গিয়ে, নবাবের সঙ্গে ইংরেজদের সন্ধি করানো। এই সন্ধি হয়েছিল ও ইংরেজরা অধিকার ফিরে পেয়েছিল। কলকাতায় দুর্গ প্রতিষ্ঠা ও টাকশাল নির্মাণের অনুমতি পেয়েছিল। এই অধ্যায়েরই শেষ অনুচ্ছেদটি লক্ষ করব। নবাবের মৃতদেহ টুকরো টুকরো করে দিয়েছিল। হুসেনের রক্তপাত ও সিরাজউদ্দৌলার অসততার প্রসঙ্গ এনেছেন। উল্লেখ্য "অনন্তর, মীরনের আজ্ঞাবহেরা নবাবের মৃতদেহ খণ্ড খণ্ড করিল। ... আঠারো মাস পূর্বে সিরাজউদ্দৌলা যে স্থানে হুসেনকুলি খাঁর প্রাণবধ করিয়াছিলেন ... তিনি হুসেনের শোণিতপাত করিয়াছিলেন, ঠিক সেই স্থানে, তাঁহার খণ্ডিত কলেবর হইতে কতিপয় রুধিরবিন্দু নিপতিত হয়[১/পৃ-১২০০]।" বিদ্যাসাগর মূলগ্রন্থ মার্শম্যানের 'History of Bengal' থেকে অনুবাদে অনেকখানি সরে গিয়ে সংযোজন করেছেন।

মার্শম্যান তাঁর 'History of Bengal' গ্রন্থের ত্রয়োদশ অধ্যায়ে বা পর্বে মীরজাফর প্রসঙ্গ এনেছেন। "The authority of Merrjaffer was acknowledged at once throughout the three provinces. But it was very soon perceived that he had no talent for business, and that he was weak cruel. His first wish was to plunder the Hindoo officers of government who had amassed wealth under the former viceroys. He cast his eyes upon Rajak Roy Doorlub, the prince minister, who not only possessed great property, but had an army of his own, consisting of six thousand men."(2/P-162-163) বিদ্যাসাগর বাঙ্গালার ইতিহাস গ্রন্থের তৃতীয় অধ্যায়ে মীরজাফরের প্রসঙ্গ বলেছেন, কিন্তু অতিরিক্ত কিছু অংশ সংযোজনও করেছেন। সেই সংযোজনটি ছিল রাজা রামনারায়ণ প্রসঙ্গ।

রাজা রামনারায়ণ সরকার আধিকারিক ছিলেন। কিন্তু নবাবের দূরভিসন্ধি ছিল তাঁর পদকে বরখাস্ত করে নিজের ভাইকে স্থলাভিষিক্ত করা। বিদ্যাসাগর এই অংশটি সংযোজন করেছেন। গ্রন্থের তৃতীয় অধ্যায়ের তৃতীয় অনুচ্ছেদে উল্লিখিত "রাজা রামনারায়ণ, বহুকাল অবধি বিহারের ডেপুটি গবর্ণর ছিলেন। নবাব মনস্থ করিলেন, তাঁহাকে পদচ্যুত করিয়া, তদীয় সমুদয় সম্পত্তি অপহরণ করিবেন ও আপন ভ্রাতাকে গবর্ণরী পদ দিবেন। ক্লাইভের মতে মীরজাফরের ভ্রাতা মীরজাফর অপেক্ষাও নির্বোধ ছিলেন। নবাব মেদিনীপুরের গবর্ণর রাজা রাম সিংহের ভ্রাতাকে কারাগারে রুদ্ধ করিলেন, তাহাতে রাম সিংহও তাঁহার প্রতি ভগ্নস্নেহ হইলেন(১/পৃ-১২০০-১২০১)।" বিদ্যাসাগর এই অংশটি সংযোজন করেছেন। এখানে বিদ্যাসাগর কিছু সরকারি আধিকারিকদের বদলির প্রসঙ্গে এনেছেন সুশাসনের জন্য। মার্শম্যানের 'History of Bengal' গ্রন্থে মীরজাফরের রাজত্ব, রাজা রাজদুর্লভের কৌশল বিবৃত আছে, যে অংশটি বিদ্যাসাগরও হুবহু অনুবাদ করেছেন। বিদ্যাসাগর এই অধ্যায়ের শেষের দিকে একটি প্রসঙ্গ যুক্ত করেছেন; বান্সিটার্ট সাহেবের প্রসঙ্গ। যে মুহূর্তে নবাবের ইচ্ছার বিরুদ্ধভাব দেখেন তখন বান্সিটার্ট সাহেব কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েন। মীরকাশিম তখন বেঁকে বসেন, নবাবের পক্ষাবলম্বন করার কথা জানান। প্রসঙ্গত উল্লেখ্য, "বান্সিটার্ট সাহেব, নবাবের অনিচ্ছা দেখিয়া দোলায়মান চিত্ত হইলেন। মীরকাশিম এই বলিয়া ভয় দেখাইলেন, আমি সম্রাটের পক্ষে যাইব। তিনি স্পষ্ট বুঝিয়াছিলেন, এত কাণ্ড করিয়া কখনই মুরশিদাবাদে নিরাপদে থাকিতে পারিবেন না। তখন, বান্সিটার্ট সাহেব, দৃঢ়তা সহকারে কার্য করা আবশ্যক বিবেচনা করিয়া ইংলন্ডীয় সৈন্যদিগকে রাজভবন অধিকার করিতে আদেশ দিলেন(১/পৃ-১০২৬-২৭)।"

বিদ্যাসাগর এখানে মার্শম্যানকে অনুসরণ করেননি। এখানে বান্সিটার্ট সাহেবের দৃঢ়তার প্রসঙ্গ এনেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, বিদ্যাসাগর নিজেও দৃঢ় চরিত্রের মানুষ ছিলেন।

মার্শম্যানের 'History of Bengal' গ্রন্থের চতুর্দশ অধ্যায়টি লক্ষ করবো। অধ্যায়ের প্রথম অনুচ্ছেদটির কিয়দংশ উল্লেখ্য, "Meer cossim became the soobadar of Bengal and Behar by the election of the English, on the 4th of March, 1760. In gratitude for this service, he made over to the company the district of Burdwan, and he gave the members of council at Calcutta twenty lakhs of Rupees(2/P-175)." মার্শম্যান বলেছেন ইংরেজরা মীরকাসিমকে ১৭৬০ সালের ৪ মার্চ বাংলা ও বিহারের সুবাদর করেছিল। তিনি তখন খুশি হয়ে কুড়ি লক্ষ টাকা উপঢৌকন দিয়েছিলেন কলকাতার সদস্য কাউন্সিলারদেরকে। বিদ্যাসাগর এই প্রসঙ্গটি রেখেছেন প্রায় হুবহু। বিদ্যাসাগর যে অংশটি সংযোজন করেছেন সেটি হল মীরকাশিমের বৈশিষ্ট্য ও তাঁর প্রত্যুৎপন্নমতিত্ব। আমরা লক্ষ করব বিদ্যাসাগর চতুর্থ অধ্যায়ের দ্বিতীয় অনুচ্ছেদে উল্লেখ করেছেন, "মীরকাসিম অতিশয় বুদ্ধিশালী ও ক্ষমতাপন্ন ছিলেন। তিনি সিংহাসনে অধিরূঢ় হইয়া ইংরেজদিগকে এবং মীরজাফরের

ও নিজের সৈন্যও কর্মচারীদিগকে যত টাকা দিতে হইবেক, প্রথমত তাহার হিসাব প্রস্তুত করিলেন, তৎপরে সেই সকল পরিশোধ করিবার উপায় দেখিতে লাগিলেন[১/পৃ-১২০৭]।” বিদ্যাসাগর মীরকাসিমের বুদ্ধিদীপ্ত চিন্তা ও প্রখর দূরদর্শিতার গুণগান করেছেন আয়-ব্যয়ের উৎস অনুসন্ধান করার কারণে। এগুলি উনিশ শতকের পাঠকের কাছে ছিল অত্যন্ত উপাদেয় রচনা। বিদ্যাসাগর তাঁর গ্রন্থের চতুর্থ অধ্যায়ের শেষেও কিছু অংশে সংযোজন করেছেন। যে অংশটি মূলগ্রন্থ মার্শম্যানের ‘History of Bengal’ গ্রন্থে নেই অথচ বিদ্যাসাগর ঐসময় প্রাসঙ্গিক মনে করেছেন তাই সংযুক্ত করেছেন। মীরজাফর আবার যখন বাংলার সিংহাসন দখল করে তখন সম্রাটের ইংরেজদের টাকা দেবার মতো পরিস্থিতি ছিল না। তিনি বয়সের ভারে দুর্বল হয়ে গিয়েছিলেন। উল্লেখ্য “মীরজাফর, দ্বিতীয়বার বাঙ্গালার সিংহাসনে আরূঢ় হইয়া দেখিলেন, ইংরেজিদিগকে যত টাকা দিবার অঙ্গীকার করিয়াছেন, তাহার পরিশোধ করা অসাধ্য। তৎকালে তিনি অত্যন্ত বৃদ্ধ হইয়াছিলেন। তাঁহার রোগ ক্রমে বদ্ধমূল হইয়া আসিয়াছিল[১/পৃ-১২১৩]।” বিদ্যাসাগর এই অধ্যায়ের শেষে এই সংযোজন অংশটুকুই অতিরিক্ত লিখেছেন। গ্রন্থটির অনুবাদের বিচিত্রতা এখানেই।

মার্শম্যান তাঁর ‘History of Bengal’ গ্রন্থের পঞ্চদশ অধ্যায়ে মীরকাসিম প্রসঙ্গ এনেছেন। মীরকাসিম ও উজিরের যুদ্ধ প্রসঙ্গও উল্লেখ্য। “When the court of Directors heard of the disorders, which had arism from the evil conduct of their servants in India, of tho war with Meer Cossim and the vizier, and of the massacre at patha, they became very much alarmed[2/P-188-89].” এখানে মার্শম্যান পাটনায় যুদ্ধের কথা বলেছেন। ক্লাইভকে আবার ভারতে আসার অনুরোধ জানান। সামগ্রিক ব্যাপারে ডিরেক্টর অত্যন্ত চিন্তিত ছিলেন। বিদ্যাসাগর তাঁর গ্রন্থের পঞ্চম অধ্যায়ের প্রথম অনুচ্ছেদে হুবহু অনুবাদ করেছেন বলা যায়। কিন্তু ঠিক পরের অনুচ্ছেদেই একটু সংযোজন করেছেন। যেখানে ডিরেক্টর প্রসঙ্গ এবং বাংলার গভর্ণর ও সেনাপতির পদে নিয়োগের বিষয়টি উল্লেখ করা হয়েছে। বিদ্যাসাগর তাঁর গ্রন্থের পঞ্চম অধ্যায়ের দ্বিতীয় অনুচ্ছেদে উল্লিখিত “...ডিরেক্টররা তাঁহাকে, কার্যনির্বাহ বিষয়ে সম্পূর্ণ ক্ষমতা দিয়া, বাঙ্গালার গভর্ণর ও প্রধান সেনাপতির পদে নিযুক্ত করিলেন; কহিয়া দিলেন, ভারতবর্ষীয় কর্মচারীদিগের নিজ নিজ বাণিজ্য দ্বারাই এত অনর্থ ঘটিতেছে, অতএব তাহা অবশ্য রহিত করিতে হইবেক, আট বৎসরের মধ্যে তাঁহাদের কর্মচারীরা, উপর্যুপরি কয়েক নবাবকে সিংহাসনে বসাইয়া, দুই কোটির অধিক টাকা উপঢৌকন লইয়াছিলেন[১/পৃ-১২১৪]।” বিদ্যাসাগর এই সংযোজন অংশে ডিরেক্টরের হাতে পূর্ণ ক্ষমতার কথা বলেছেন। দেশের কর্মচারীদের নিজেদের ব্যবসার জন্য ধন-সম্পদ নষ্ট হচ্ছে। সমাজের কলুষিত দিক উপঢৌকন নেওয়ায় বিষয়টিও এখানে উল্লেখ্য। ঊনবিংশ শতাব্দীর পাঠকবর্গের কথা মাথায় রেখেই বিদ্যাসাগর তাঁর অনুবাদে এইরূপ পরিবর্তন করেছেন তা বলাই বাহুল্য। বিদ্যাসাগর তাঁর গ্রন্থের পঞ্চম অধ্যায়ের শেষের দিকে দুর্ভিক্ষের কথা বলেছেন। দরিদ্র মানুষের কষ্ট যন্ত্রণা অনুভব করেছেন। যা বিদ্যাসাগরের এই অধ্যায়ে সংযোজন বলা যায়। উল্লিখিত অংশটি এইরকম “১৭৭০ খৃঃ অব্দে ঘোরতর দুর্ভিক্ষ হওয়াতে দেশ শূন্য হইয়া গিয়াছিল। উক্ত দুর্ঘটনার সময়, দরিদ্র লোকেরা যে কি পর্যন্ত ক্লেশ ভোগ করিয়াছিল, তাহা বর্ণনা করা যায় না। এইমাত্র কহিলে এক প্রকার বোধগম্য হইতে পারিবেক যে, ঐ দুর্ভিক্ষ দেশের প্রায় তৃতীয় অংশ লোক কালগ্রাসে পতিত হয়[১/পৃ-১২১৯]।” বিদ্যাসাগর তাঁর বাঙ্গালার ইতিহাস গ্রন্থের পঞ্চম অধ্যায়ের কিছু জায়গায় হুবহু অনুবাদ করেছেন যে দুটি অনুচ্ছেদের সংযোজন করেছেন সেই দুটি অনুচ্ছেদ উপরে আলোচিত হল। ঐ অংশগুলি অনুবাদে পরিবর্তন বা সংযোজন করা হয়েছে মূলত ও মুখ্যত ঊনবিংশ শতাব্দীর পাঠকবর্গ তথা সমাজের দিকে লক্ষ রেখেই তা বলাই বাহুল্য।

মার্শম্যান তাঁর ‘History of Bengal’ গ্রন্থের ষোড়শ অধ্যায়ে বা পর্বে কার্টিয়ার সাহেব ও ওয়ারেন হেস্টিংস

সাহেবের প্রসঙ্গ এনেছেন। এই ষোলতম অধ্যায় বা পর্বের প্রথম অনুচ্ছেদে উল্লিখিত "Mr Cartier resigned the Government in 1772, and was succeeded by one of the greatest men ever employed by the company in India, Mr. Warren Hastings, He came out in the civil service in 1749, at the age of eighteen, and immediately began to study the languages and the politics o the country with great diligence[2/P-201]." মার্শম্যান ষোড়শ অধ্যায়ে বা পর্বে কার্টিয়ার সাহেব গভর্নর পদে পদত্যাগ করেন এবং ওয়ারেন হেস্টিংস স্থলাভিষিক্ত হয় এই বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে বর্ণনা করেছেন। ১৭৪৯ খ্রিস্টাব্দে হেস্টিংস রাজশাসনে নিযুক্ত হন। হেস্টিংস সাহেব এদেশে এসে এদেশের ভাষা ও রাজনীতি শিখে রপ্ত করেন। বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থের ষষ্ঠ অধ্যায়ে অনুবাদে কিছু পরিবর্তন করেছেন। যদিও অধিকাংশ অংশই হুবহু অনুবাদ করেছেন। পরিবর্তন সংযোজন অংশগুলি হল দেওয়ানী ও ফৌজদারি বিষয়ক। কীভাবে দেওয়ানী ও ফৌজদারী বিষয়ে নিয়ম পরিবর্তন প্রয়োজন হল? উল্লিখিত অংশ "...রাজস্বকর্মের নিয়ম পরিবর্তিত হওয়াতে, দেশের দেওয়ানী ও ফৌজদারী কর্মেও নিয়ম পরিবর্তন আবশ্যক হইল। প্রত্যেক প্রদেশে, এক ফৌজদারী ও এক দেওয়ানী, দুই বিচারালয় সংস্থাপিত হইল। ফৌজদারী আদালতে কালেক্টর সাহেব, কাজী, মুফতি, এই কয়জন একত্র হইয়া বিচার করিতেন[১/পৃ-১২২০]।" এখানে লক্ষ করব বিদ্যাসাগর মার্শম্যানের গ্রন্থ থেকে একটু সরে গিয়েছেন। এই অংশটি বিদ্যাসাগরের অভিনব সংযোজন। উনবিংশ শতাব্দীর তৎকালীন সমাজ ও পাঠকবর্গের দিকে লক্ষ রেখেই অনুবাদে এই পরিবর্তন তা যে-কোনো সহৃদয়-রসিক-পাঠক মাত্রই বুঝবেন তা বলাই বাহুল্য।

মার্শম্যান তাঁর 'History of Bengal' গ্রন্থের সপ্তদশ অধ্যায় বা পর্বে জমিদার, ইজারা, খাজনা বিষয়ক কিছু ব্যাখ্যা ও বর্ণনা দিয়েছেন। তাঁর পর্বে উল্লিখিত 'The lands had been let in farm for five years from 1772, with the understanding that the rents should be grdually increased. But it was seen, in the first year, that the zemindars had contracted for more than they would or could pay, The revenue fell greatly into arrears upon the whole five years, Government had been obliged to remit a crore and eighteen lakhs, and yet there remined a balance due from the farmer, of another hundred and twenty lakhs, the greater part of which there was no chance of recovering[2/P-216-17]." মার্শম্যান এখানে যে বর্ণনা দিয়েছেন তা তৎকালীন বাংলার কৃষকের তথা রাজস্ব দাতাদের প্রসঙ্গ ও কাউন্সিলার প্রসঙ্গ এনেছেন। ইজারা দেওয়ার নিয়ম থেকে ডিরেক্টরদের বিষয়ের নানা বিষয় লিপিবদ্ধ করেছেন। বিদ্যাসাগর তাঁর বাঙ্গালার ইতিহাস গ্রন্থের সপ্তম অধ্যায়ে অধিকাংশ অংশ মার্শম্যানের গ্রন্থের হুবহু অনুবাদ করেছেন। অনুবাদের সময় একটি বিশেষ অংশ এই অধ্যায়ের সংযোজন করেছেন। সংযোজন অংশে তৎকালীন সমাজের লোকজনের ব্যবহার রুচি নিয়ে কিছু কথা বলেন এবং এশিয়াটিক সোসাইটির প্রসঙ্গ এই অংশে সংযুক্ত করেন।

মার্শম্যান তাঁর 'History of Bengal' গ্রন্থের অষ্টাদশ অধ্যায়ে বা পর্বে হেস্টিংস তাঁর ক্ষমতা মেকফর্সনের হাতে দিয়েছিলেন তা উল্লেখ করেছেন। লর্ড কর্ণওয়ালিস সাহেবের ব্যক্তিত্ব ও অসাধারণ বুদ্ধিমত্তার প্রশংসা করেছেন মার্শম্যান এই অধ্যায়ে। তাঁর অষ্টাদশ অধ্যায় বা পর্বে উল্লেখ্য "Mr. Hasting left the Government in the hands of Sir Maepherson, but as soon as the Directors heard that he was coming home they appointed Lord Cornwallis to united office of Governor General and commander in chief. He was a man of very ancient and nobel family of great wealth, and of splendid talents[2/P-233]."

বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থের অষ্টম অধ্যায়ের অনুবাদে মার্শম্যানকেই অনুসরণ করেছেন পুরোপুরি, কিন্তু একটি ক্ষেত্রে অনুবাদে কিছু পরিবর্তন করেছেন। সেই অংশটি উল্লেখ্য। লর্ড ওয়েলেসলির রাজত্বকালে রাজস্ব বৃদ্ধির বিষয় ও ঋণের পরিমাণও বেড়ে গিয়েছিল। বিদ্যাসাগর তাঁর গ্রন্থের অষ্টম অধ্যায়ে এভাবে উল্লেখ করেছেন ঃ

"লর্ড ওয়েলেসলি এই মহারাজ্যের প্রায় তৃতীয়াংশ বৃদ্ধি করেন এবং রাজস্ববৃদ্ধি করিয়া, পনের কোটি চল্লিশ লক্ষ টাকা স্থিত করেন। কিন্তু তিনি নিয়ত সংগ্রামে লিপ্ত থাকাতে, রাজস্ব বৃদ্ধির সঙ্গে সঙ্গে ঋণেরও বিলক্ষণ বৃদ্ধি হইয়াছিল। ডিরেক্টররা, তাঁহার এরূপ যুদ্ধবিষয়ক অনুরাগ দর্শনে, যৎপরোনাস্তি অসন্তোষ প্রকাশ করিলেন এবং যাহাতে শান্তিসংস্থাপনপূর্বক রাজশাসন সম্পন্ন হয়, এমন কোনও উপায় অবলম্বন করিবার নিমিত্ত, সবিশেষ ব্যগ্র হইলেন[১/পৃ-১২৩৮]।" বিদ্যাসাগর তাঁর গ্রন্থের অষ্টম অধ্যায়ে উপরোক্ত অংশটি সংযোজন করেছেন।

মার্শম্যান তাঁর 'History of Bengal' গ্রন্থটি মোট উনিশটি অধ্যায়ে বা পর্বে ভাগ করেছেন। শেষ অধ্যায়ে অর্থাৎ উনিশতম পর্বে মার্শম্যান লর্ড হেস্টিংস সরকারের ভার গ্রহণ এবং নেপালীরা ভারতবর্ষে এসে ভূখণ্ড অধিকার করেছে এই বিষয়গুলি বর্ণনা করেছেন। উল্লেখ্য "Lord Hastings, on assuming the Government, found that the Nepaulese had been gradully making encroachments on the English territories. The family had obtained the sovereignty in Nepaul, by conquest, in the course of the last century, had gradually increased its dominions and various disputs had occurred in the time of Lord Minto[2/P-248-49]." লর্ড মিন্টোর সময় নানা বিবাদ ঝামেলার সম্মুখীন হতে হয়। লর্ড হেস্টিংস সরকার আসার পর নানান দিকের ভালো মন্দ ব্যাখ্যা করেছেন। বিদ্যাসাগর তাঁর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থের নবম অধ্যায়ে অর্থাৎ শেষ অধ্যায়ে মুলগ্রন্থের হুবহু অনুবাদ করেছেন। যে অংশটি বিদ্যাসাগর সংযোজন করেছেন সেই অংশটি উল্লেখ করবো। বিদ্যাসাগর উল্লেখ করেছেন ইংরেজরা যখন মুসলিম শাসন থেকে ক্ষমতা হস্তান্তর করল সে বিষয়ে কিছু বর্ণনা ঃ "ইংরেজরা যখন মুসলমানদের হস্ত হইতে রাজশাসনের ভারগ্রহণ করেন, তখন এই ব্যাপার প্রচলিত ছিল, এবং তাঁহারাও নিজে এ পর্যন্ত প্রচলিত রাখিয়াছিলেন। কিন্তু বিচক্ষণ লর্ড কর্ণওয়ালিস বাহাদুর এই ব্যাপারকে দেশের বিশেষ ক্ষতিকর বোধ করিয়া, ১৭৮৮ সালে, একবার রহিত করেন, এবং দেশের মধ্যে যেখানে পরমিটঘর ছিল, সমুদর উঠাইয়া দেন[১/পৃ-১২৪৬]।" বিদ্যাসাগর গ্রন্থের শেষ অধ্যায়ের শেষ পর্বে মূল গ্রন্থ থেকে কিছুটা পরিবর্তন করে অনুবাদ করেছেন।

বিদ্যাসাগর 'বাঙ্গালার ইতিহাস' গ্রন্থটি মার্শম্যানের 'History of Bengal' গ্রন্থ অবলম্বনে যে অংশগুলি অতিরিক্ত সংযোজন করেছেন তা উদ্ধৃতিসহ যথাসাধ্য আলোচনা করার চেষ্টা করলাম। ঊনবিংশ শতাব্দীর প্রেক্ষাপটে তৎকালীন পাঠকদের দিকে লক্ষ রেখে অনুবাদে কিছু পরিবর্তন করেছেন তা যে কোনো সহৃদয়-রসিক-পাঠক মাত্রই বুঝবেন তা বলাই বাহুল্য।

বিদ্যাসাগর 'জীবনচরিত' নামক যে গ্রন্থটি রচনা করেছিলেন তার প্রকাশকাল ছিল উনবিংশ শতাব্দীর প্রায় মধ্যলগ্ন অর্থাৎ ১৮৪৯ খ্রিস্টাব্দ। আমার গবেষণার 'অন্যান্য অনূদিত গ্রন্থ' নামক পঞ্চম অধ্যায়ে বিদ্যাসাগর 'জীবনচরিত' নামক যে গ্রন্থটি রচনা করেছেন সেই গ্রন্থটির ওপর আলোকপাত করেছি। রবার্ট উইলিয়াম চেম্বার্স বহু বিখ্যাত সুখ্যাতিসম্পন্ন-সুপ্রসিদ্ধ ব্যক্তিত্বের জীবন-বৃত্তান্ত সমগ্র সংকলন প্রকাশ করেছিলেন। বিদ্যাসাগর সেইসময় তাঁর 'জীবনচরিত' গ্রন্থ রচনার দুটি কারণ উল্লেখ করেন। 'জীবনচরিত' গ্রন্থটির বিজ্ঞাপন অংশে বিদ্যাসাগরের বক্তব্য 'জীবনচরিত' পাঠে দ্বিবিধ মহোপকার লাভ হয়। প্রথমতঃ কোন কোন মহাত্মারা অভিপ্রেত সম্পাদনে কৃতকার্য্য হইবার

নিমিত্ত যেরূপ অক্লিষ্ট পরিশ্রম, অবিচলিত উৎসাহ, মহীয়সী সহিষ্ণুতা ও দৃঢ়তর অধ্যবসায় প্রদর্শন করিয়াছেন এবং কেহ বহুতর দুর্বিষহ নিগ্রহ ও দারিদ্র্যনিবন্দন অশেষ ক্লেশ ভোগ করিয়াও যে ব্যবস্থায় হইতে বিচলিত হয়েন নাই, তৎসমুদায় আলোচনা করিলেন এক কালে সহস্র উপদেশের ফল প্রাপ্ত হওয়া যায়। দ্বিতীয়তঃ আনুষঙ্গিক তত্তদ্দেশের তৎকালীন রীতি, নীতি, ইতিহাস ও আচার পরিজ্ঞান হয়। যে বিষয়ের অনুশীলনে এতাদৃশ মহার্থ লাভ সম্পন্ন হইতে পারে তাহাকে অবশ্যই শিক্ষা কার্য্যের এক প্রধান অঙ্গ বলিয়া অঙ্গীকার করিতে হইবেক[১/পৃ-১১১০]।" বিদ্যাসাগর 'জীবনচরিত' গ্রন্থ রচনার এই দুটি উদ্দেশ্য বলেছেন। তাই বিদ্যাসাগর উইলিয়াম অ্যান্ড রবার্ট চেম্বার্সের 'Biographies' অবলম্বনে 'জীবনচরিত' গ্রন্থের রচনায় অবতীর্ণ হন। গ্রন্থটির বিজ্ঞাপন অংশে বিদ্যাসাগরের একটি বক্তব্য উল্লেখ্যনীয়। "বাঙ্গালায় ইঙ্গরেজির অবিকল অনুবাদ করা অত্যন্ত দুরূহ কর্ম, ভাষাদ্বয়ের রীতি ও রচনা প্রণালী পরস্পর নিতান্ত বিপরীত, এই নিমিত্ত, অনুবাদক অত্যন্ত সাবধান ও যত্নবান হইলেও অনুবাদিত গ্রন্থে রীতিবৈলক্ষণ্য, অর্থ প্রতীতির ব্যতিক্রম ও মূলার্থের বৈকল্য ঘটিয়া থাকে[১/পৃ-১১১০]।" বিদ্যাসাগর তাঁর 'জীবনচরিত' গ্রন্থে মোট নয় জন ব্যক্তিত্বের কৃতিত্ব বর্ণনা করেন, নিকলাস কোপর্নিকস, গ্যালিলিয়, স্যর আইজাক নিউটন, স্যর উইলিয়ম হর্শেল, গ্রোশ্যস, লিনিয়স, বলন্টিন জামিরে ডুবাল, তামস জেঙ্কিস ও স্যর উইলিয়ম জোন্স।

উইলিয়াম অ্যান্ড রবার্ট চেম্বার্সের 'Biographies' গ্রন্থে প্রায় শতাধিক সুপ্রসিদ্ধ মনীষীর খ্যাতি কৃতিত্ব বর্ণনা করা হয়েছে। বিদ্যাসাগর সেখান থেকে মাত্র নজন ব্যক্তিত্বের কৃতিত্ব অনুবাদ করেছেন। প্রথমেই নিকলাস কোপর্নিকসের প্রসঙ্গ এনেছেন এবং শেষে স্যর উইলিয়াম জোন্সের প্রসঙ্গ দিয়ে শেষ করেছেন। উইলিয়াম অ্যান্ড রবার্ট চেম্বার্সের 'Biographies' গ্রন্থে বিভিন্ন ক্রমানুযায়ী থাকা ব্যক্তিত্বের প্রসঙ্গ বিদ্যাসাগর নির্বাচিত কয়েকজন ব্যক্তিত্বের খ্যাতি বিবৃত করেছেন। এখানে আমরা লক্ষ করবো বিদ্যাসাগর প্রায় হুবহু জীবনীগুলির অনুবাদই করেছেন। কিন্তু লক্ষণীয় বিদ্যাসাগর যেসব ব্যক্তিত্বের জীবন কৃতিত্ব অনুবাদ করেছেন তাঁরা অধিকাংশই বিজ্ঞানমনস্ক তথা বিজ্ঞানী। তাই পদার্থবিদ্যা ও অন্যান্য বিদ্যা সংক্রান্ত কিছু শব্দের ব্যুৎপত্তিগত অর্থ গ্রন্থটির শেষে ক্রমানুসারে বিদ্যাসাগর করে দিয়েছেন। বাংলা অক্ষর ক্রমানুসারে বিদ্যাসাগর ইংরেজি শব্দগুলির অনুবাদ করে যে ব্যুৎপত্তি অর্থ করেছেন তার কিছু নমুনা তালিকা দিলাম।

- "অস্থিত পাটিগাণিত (Arithmetic of Infinites) - একপ্রকার অঙ্কশাস্ত্র।
- উপকূল (Coast) - বেলাভূমি, সমুদ্রসন্নিহিত ভূভাগ।
- ঔপনিবেশিক (Colonial) - উপনিবেশ, কোনও দূরদেশে কৃষি কর্ম ও বাস করিবার নিমিত্ত জন্মভূমি হইতে যে সকল লোক লইয়া যাওয়া যায়, তৎসম্বন্ধীয় ঔপনিবেশিক।
- কক্ষ (Orbit) - গ্রহের পরিভ্রমণ পথ।
- গণিত (Mathematics) - পরিমাণ ও অঙ্কবিষয়ক শাস্ত্র।
- চরণাবরণ (Stocking) - মোজা।
- ছায়াপথ (Milky Way) - নভোমণ্ডলে দৃশ্যমান জ্যোতির্ময় তিরশ্চীন পথ।
- জ্যোতির্বিদ্যা (Astronomy) - গ্রহ, নক্ষত্র, ধূমকেতু প্রভৃতি দিব্য পদার্থের স্বরূপ সঞ্চার, পরিভ্রমণকাল, গ্রহণ, শৃঙ্খলা, অন্তর ও তৎসংক্রান্ত সমস্ত ঘটনা নিরূপক শাস্ত্র।
- টঙ্কবিজ্ঞান (Numismatics) - টঙ্ক মুদ্রা, টাকা, নানাদেশীয় ও নানাকালীন টঙ্ক পরিজ্ঞানার্থক বিদ্যা।

- তুলামান (Libration) - তুলাদণ্ডে পরিমাণকরণ। চন্দ্রের তুলামান শব্দে চন্দ্রমণ্ডলবৃত্তিপরীবর্ত। এই পরীবর্ত দ্বারা চন্দ্রমণ্ডলের প্রান্ত সন্নিহিত কোনও কোনও অংশের পর্যায়ক্রমে আবির্ভাব ও তিরোভাব হয়।
- দূরবীক্ষণ (Telescope) - দূরবীক্ষণ। দূরস্থিত বস্তুদর্শয়ার্থ নলাকার যন্ত্র, দূরবীণ।
- ধাতুবিদ্যা (Mineralogy) - ধাতু ভূগর্ভে স্বয়মুৎপন্ন নির্জীব পদার্থ যেমন স্বর্ণ প্রস্তর, পারদ, লবণ, অঙ্গার প্রভৃতি এতদ্বিষয়ক বিদ্যা।
- নীহারিকা (Nebulae) - নীহার কুজ্ঝটিকা। যে সকল নক্ষত্র চক্ষুর গোচর নয়, দূরবীক্ষণ দ্বারা অবলোকন করিলে কুজ্ঝটিকাবৎ প্রতীয়মান হয়, তৎসমুদায়ের নাম নীহারিকা।
- পদার্থবিদ্যা (Natural Philosophy) - বিশ্বান্তর্গত সমস্ত পদার্থের তত্ত্বনির্ণায়ক শাস্ত্র।
- বন্ধুর (Rough) - উচ্চ নীচ।
- মনোবিজ্ঞান (Metaphysics) - মন বুদ্ধি প্রভৃতি নির্ণায়ক শাস্ত্র।
- রঙ্গভূমি (Theatre) - যেখানে নাটকের অভিনয় হয়।
- বিধানশাস্ত্র (Law) - ব্যবস্থাশাস্ত্র।
- শঙ্কু (Index) - ঘড়ির কাঁটা।
- স্থিতিস্থাপক (Elasticity) - আকুঞ্চন, প্রসারণ, অভিঘাতাদি করিলেও বস্তু সকল যে নৈসর্গিকগুণ প্রভাবে পুনর্বার পূর্বভাব প্রাপ্ত হয়[১/পৃ-১১৪৮-৫১]।”

বিদ্যাসাগরের অনূদিত গ্রন্থের কালানুক্রমানুসারে পরবর্তী গ্রন্থ ‘বোধোদয়’। গ্রন্থটির প্রকাশকাল ঊনবিংশ শতাব্দীর মধ্যলগ্ন অর্থাৎ ১৮৫১ সাল। যদিও গ্রন্থটিকে অনূদিত গ্রন্থ বলা যায় কিনা তা আলোচনা সাপেক্ষ। বিদ্যাসাগর ‘বোধোদয়’ গ্রন্থের বিজ্ঞাপন অংশে বলেছেন “বোধোদয় নানা ইঙ্গরেজী পুস্তক হইতে সঙ্কলিত হইল, পুস্তকবিশেষের অনুবাদ নহে। যে কয়টি বিষয় লিখিত হইল, বোধ করি, তৎপাঠে অমলূক কল্পিত গল্পের পাঠ অপেক্ষা অধিকতর উপকার দর্শিবার সম্ভাবনা[১/পৃ-১১৫২]।” আমরা লক্ষ করবো William and Robert Chambers-এর ‘The Rudiments of Knowledge’ গ্রন্থের বেশিরভাগ অংশ অবলম্বনেই বোধোদয় গ্রন্থটি বিদ্যাসাগর রচনা করেছেন। বিদ্যাসাগর কিছু ছোটো অনুচ্ছেদে ও কিছু বড়ো অনুচ্ছেদে শিরোনাম দিয়ে রচনাগুলি লিখেছেন। আমরা লক্ষ করবো William and Robert Chambers রচিত ‘The Rudiments of Knowledge’ গ্রন্থে ‘Of God and the works of creation’; Of Animated Creature’; ‘Of Mankind’ শিরোনাম দিয়ে লিখিত। বিদ্যাসাগর ‘পদার্থ’, ‘ঈশ্বর’, ‘চেতন’ পদার্থ শিরোনামে তিনটি অংশ লিখেছেন। বলা যায়, প্রথম শিরোনাম পদার্থ নামে রচনাটি লিখিত সেটি মূলগ্রন্থ থেকে আলাদা। বিদ্যাসাগর এখানে শিশুপাঠ্য গ্রন্থ হিসেবে বর্ণনা দিয়েছেন। “আমরা ইতস্ততঃ যে সকল বস্তু দেখিতে পাই, সে সমুদয়কে পদার্থ বলে। পদার্থ ত্রিবিধ, চেতন, অচেতন, উদ্ভিদ[১/পৃ-১১৫৪]।” বিদ্যাসাগর মূলত শিশুদের মনে শিক্ষাদানের জন্য এই গ্রন্থ রচনা করেছেন। মূলগ্রন্থে একটি শিরোনামে লিখিত ‘Of God and the works of creation’ অংশে উল্লিখিত “All the things which we see are called objects. Objects are of three kinds[৫/পৃ-৫].” বিদ্যাসাগর তাঁর ‘বোধোদয়’ গ্রন্থে ঈশ্বরের প্রসঙ্গ অন্যভাবে ব্যাখ্যা করেছেন। ঈশ্বর যে সবকিছুর সৃষ্টিকর্তা, ঈশ্বর সম্পর্কে নানান পৌরাণিক ও ভাব গম্ভীর বিষয়কে সরলভাবে ব্যাখ্যা করেছেন। ‘চেতন পদার্থ’ নামক শিরোনামে ও ‘মানবজাতি’ শিরোনামে বিদ্যাসাগরের রচনাদ্বয় মূলগ্রন্থ থেকে হুবহু অনুবাদ বলা যায়। মূলগ্রন্থের শিরেনাম দুটি হল যথাক্রমে ‘Of Animated Creature’ ও ‘Of Mankind’। এরপর মূলগ্রন্থে ‘The Country

Process of Husbandry-Vegetation' শিরোনামে একটি রচনা আছে। বিদ্যাসাগর পাঁচট ইন্দ্রিয়ের কথা বলেছেন। ইন্দ্রিয় ঃ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক শিরোনামে রচনাংশগুলি লিখিত। বিদ্যাসাগর কিছু নতুন সংযোজন করেছেন, যার মধ্যে এই ইন্দ্রিয়গুলিকে সরলভাবে ব্যাখ্যা করেছেন। তাছাড়া আমরা লক্ষ করবো মূলগ্রন্থে 'Speaking - Language'; 'Size and Measurement of Objects' শিরোনামে লিখিত। বিদ্যাসাগর 'ভাষা', 'বস্তুর আকার ও পরিমাণ' শিরোনামে অনুবাদ করেছেন। W. and R. Chambers তাঁর 'The Rudiments of Knowledge' গ্রন্থে 'Social Arrangements' শিরোনামে লিখিত রচনাংশটি গ্রন্থের শেষ রচনা। বিদ্যাসাগর শিল্প-বাণিজ্য-সমাজ নামক শিরোনামে রচনাংশটি গ্রন্থের শেষে রেখেছেন। বিদ্যাসাগর এই রচনাটিকে সংযোজন করেছেন। উল্লেখ্য, গ্রন্থের শেষ অনুচ্ছেদে উল্লিখিত, "সমাজে ভাল মন্দ নানাবিধ লোক বাস করে। একদিকে, জ্ঞানী ও ধার্মিক লোকেরা সুশিক্ষা ও সৎ পরামর্শ দ্বারা সকলকেই সৎপথে লইয়া যাইবার চেষ্টা করেন এবং দরিদ্র ও বিপন্ন ব্যক্তির সাহায্য করিয়া সমাজের সুখবর্ধন করেন[১/পৃ-১১৮৩]।" বিদ্যাসাগর সরলভাবে শিশুপাঠ্য গ্রন্থ হিসেবে, বিশেষ করে শিশুর বোধগম্য হিসেবে ব্যাখ্যা করেছেন। তিনি গ্রন্থটির শেষে কিছু দুরূহ শব্দের অর্থ বলেছেন অক্ষর ক্রমানসারে। কয়েকটি নমুনা লক্ষণীয়। 'অণুবীক্ষণ-চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র বস্তু সকল যে যন্ত্র দ্বারা দেখিত পাওয়া যায়, তলাই-কোনও ধাতু গলাইয়া অন্য কোনও ধাতুনির্মিত পাত্র প্রভৃতিতে মাখাইয়া দেওয়া, সাধারণত রঙ্গ ও দস্তা গলাইয়া কলাই করা হইয়া থাকে[১/পৃ-১১৮৩]।" বিদ্যাসাগর মূলগ্রন্থ থেকে 'বোধোদয়' গ্রন্থে বেশিরভাগ অংশ হুবহু অনুবাদ করেছেন। উনবিংশ শতাব্দীর পাঠকবর্গের দিকে লক্ষ রেখেই শিশুপাঠ্য বই হিসেবে 'বোধোদয়' গ্রন্থের কিঞ্চিৎ অনুবাদে পরিবর্তন করেছিলেন তা যে-কোনো সহৃদয়-রসিক-পাঠক মাত্রই বুঝবেন।

বিদ্যাসাগরের পরবর্তী অনূদিত গ্রন্থ 'কথামালা' কালানুক্রমানুসারে গ্রন্থটির প্রকাশকাল ১৮৫৬ খ্রিস্টাব্দ। গ্রীসের বাসিন্দা ঈশপের ফেবলস্ নামক গ্রন্থ থেকে বিদ্যাসাগর 'কথামালা' গ্রন্থটি রচনা করেন। গ্রন্থটি রচনার মূল কারণ ও অনুপ্রেরণার কথা গ্রন্থটির বিজ্ঞাপন অংশে বিদ্যাসাগর বলেছেন। উল্লেখ্য, "রাজা বিক্রমাদিত্যের পাঁচ শত বৎসর পূর্ব্বে, গ্রীসদেশে ঈশপ্ নামে এক পণ্ডিত ছিলেন। তিনি, কতকগুলি নীতিগর্ভ গল্পের রচনা করিয়া, আপন নাম চিরস্মরণীয় করিয়া গিয়াছেন। ...গল্পগুলি অতি মনোহর, পাঠ করিলে, বিলক্ষণ কৌতুক জন্মে, এবং আনুষঙ্গিক সদুপদেশ লাভ হয়। এই নিমিত্ত শিক্ষাকর্ম্মাধ্যক্ষ শ্রীযুক্ত উইলিয়াম গর্ডন ইয়ঙ্ মহোদয়ের অভিপ্রায় অনুসারে, আমি ঐ সকল গল্পের অনুবাদে প্রবৃত্ত হই[১/পৃ-১০৩৩]।" বিদ্যাসাগর 'কথামালা' গ্রন্থে মোট চুয়াত্তরটি গল্পের অনুবাদ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, রেভরেন্ড টমাস সাহেব বা জেমস সাহেবও কিছু ঈশপের গল্পের ইংরেজি অনুবাদ করেছেন। সেই গল্পগুলি বাদ দেওয়া হয়েছে। বিদ্যাসাগর রচিত 'কথামালা' গ্রন্থে ঈশপের গল্পের বঙ্গানুবাদ এর আগে আর কেউ করেননি। আমরা Aesop's Fables-র মোট আঠানব্বইটি গল্প মুদ্রিত আকারে পাই। এর মধ্যে মোট চুয়াত্তরটি গল্পের বঙ্গানুবাদ বিদ্যাসাগর 'কথামালা' গ্রন্থে করেছেন। আমরা লক্ষ করবো ঈশপ্ ফেবলস্ গ্রন্থের 'Introduction' অংশে 'The life and Fables of Aesop'-এর কিছু বর্ণনা দিয়েছেন। আমরা বিদ্যাসাগরের গ্রন্থ 'কথামালা' আলোচনার মাধ্যমে অনুবাদের মৌলিকত্ব বা গ্রন্থটি কতটা মূলানুগত তা যথাসাধ্য চর্চা করার চেষ্টা করবো।

আমরা লক্ষ করবো মূলগ্রন্থ Aesop's Fables-র প্রথম বিখ্যাত গল্প 'The fox and the grapes' যেটি বিদ্যাসাগর অনুবাদ করেননি। বিদ্যাসাগরের প্রথম গল্প 'বাঘ ও বক'। শেষ গল্পটি হল 'ঈগল ও শৃগালী'। ইংরেজি ও বাংলা উভয় গল্পের শেষে Moral বা নীতিকথা লক্ষ করা যায়। বিদ্যাসাগর রচিত গল্পগুলির মধ্যে কিছু পার্থক্য

লক্ষ্যণীয়। মূলগ্রন্থ থেকে বিদ্যাসাগর গল্পের হুবহু অনুবাদ করলেও নীতিকথাগুলির প্রকাশভঙ্গিতে তথা অনুবাদে পরিবর্তন লক্ষ করা যায়। 'বাঘ ও বক' শিরোনামে যে গল্পটি রচনা করেছেন তার নীতিকথাটি লক্ষণীয় "অসতের সহিত ভাল ব্যবহার করা ভাল নয়(১/পৃ-১০৩৪)।" বিদ্যাসাগর বঙ্গানুবাদে শিশুপাঠ্য সরল কাহিনি গল্পের মাধ্যমে এবং অতি সরল নীতিকথার মাধ্যমে শিশুশিক্ষার অগ্রসরই ছিল তাঁর লক্ষ। মূলগ্রন্থ থেকে নীতিকথার প্রকাশভঙ্গিতে যে আরো কত গল্পের অনুবাদে পার্থক্য দেখা যায় তা লক্ষ করবো। 'দাঁড়কাক ও ময়ূরপুচ্ছ' গল্পের শেষে নীতিকথাটি লক্ষণীয় "যাহার যে অবস্থা সে যদি তাহাতেই সন্তুষ্ট থাকে, তাহা হইলে তাহাকে কাহারও নিকট অপদস্থ ও অপমানিত হইতে হয় না(১/পৃ-১০৩৪)।" আমরা লক্ষ করবো ছোটো গল্পের মাধ্যমে নীতিশিক্ষা দিয়ে শিশুদের শিক্ষা চেতনার বিকাশ ঘটানোই ছিল বিদ্যাসাগরের 'কথামালা' গ্রন্থ রচনার উদ্দেশ্য।

Aesop's Fables-এর Fable xviii সংখ্যক গল্পটির শিরোনাম 'The Country man and the Snake'। এই গল্পের নীতিকথাটি লক্ষণীয় "Those who return evil for good, may expect their neighbor's pity to be work out at last(3/ P-18)." বিদ্যাসাগর গল্পটির বঙ্গানুবাদ করেছেন 'সর্প ও কৃষক'। গল্পের বিষয়বস্তু একই, কিন্তু নীতিকথার উল্লেখ মূলগ্রন্থে থাকলেও বিদ্যাসাগর অনূদিত গল্পে নেই তা লক্ষণীয়।

Aesop's Fabes-এ উল্লিখিত চব্বিশ সংখ্যক গল্প 'The Dog and the Shadow'-র নীতিকথাটি হল "... The common fate of those who hazard a real blessing for some visionary good(3/P-23)." বিদ্যাসাগর 'কথামালা' গ্রন্থের ছয় সংখ্যক গল্পের শিরোনাম 'কুকুর ও প্রতিবিম্ব' গল্পটি মূলগ্রন্থ থেকে হুবহু অনুবাদ করেছেন। কিন্তু নীতিবাক্যটি মূলগ্রন্থ থেকে একটু অন্যরকম। নীতিবাক্যটি এইরকম "যাহারা লোভের বশীভূত হইয়া, কল্পিত লাভের প্রত্যাশায় ধাবমান হয়, তাহাদের এই দশাই ঘটে(১/পৃ-১২৩৮)।" বিদ্যাসাগর গল্পগুলির মধ্যে ব্যাখ্যা-বর্ণনা করেছেন হুবহু মূলগ্রন্থের অবলম্বনে। নীতিকথার অনুবাদে ভাষা ও প্রকাশভঙ্গি পরিবর্তন করেছেন। বিদ্যাসাগর কিছু গল্পের নাম পরিবর্তন করেছেন। 'The Mouse and the frog' গল্পটির শিরোনাম বঙ্গানুবাদ করা হয়েছে 'সিংহ ও ইঁদুর'। লক্ষ করবো গল্পের ধরণ আলাদা হলেও মূল নীতিকথাটি প্রায় একই। মূলগ্রন্থের নীতিকথাটি হল "Inconsiderate and ill-matched alliances generally end in ruin; and the man who compasses the destruction of his neighbor is often caught in his own snare(3/P-24)." বাংলা 'সিংহ ও ইঁদুর' গল্পের নীতিকথাটিও লক্ষণীয় "যে যত ক্ষুদ্র প্রাণী হউক না কেন, উপকৃত হইলে কখনও না কখনও প্রত্যুপকার করিতে পারে(১/পৃ-১০৩৭)।" বিদ্যাসাগর উনবিংশ-শতাব্দীর তৎকালীন সমাজ-পাঠকবর্গ তথা শিশুপাঠ্য কাহিনি গল্প হিসেবে Aesop's Fables গ্রন্থটির কিছু গল্প অনুবাদ করেন। বিদ্যাসাগর বিভিন্ন গল্পে ও নীতিকথায়, এমনকি গল্পের শিরোনামে মূলগ্রন্থ থেকে অনুবাদে পরিবর্তন করেছেন সেই আনুবাদিক পরিবর্তন পাঠকবর্গের কাছে যথেষ্ট উপাদেয়।

Aesop's Fables-এ উল্লিখিত 'The Fox and the Lion' গল্পের কাহিনি ও নীতিবাক্যটির সঙ্গে বিদ্যাসাগর অনূদিত 'সিংহ, গর্দভ ও শৃগালের শিকার' গল্পের কাহিনি ও নীতিকথার কোনো মিল নেই। এই মিল ও অমিল বিষয়টি যেমন লক্ষণীয়, তেমনই এর কারণটিও তাৎপর্যপূর্ণ। বিদ্যাসাগর উনবিংশ-শতাব্দীর প্রেক্ষাপটে তথা সময়কালে শিশুপাঠ্য সরল কাহিনি গল্পের মাধ্যমে শিশুশিক্ষা মূলক 'কথামালা' গ্রন্থের রচনা করেন। 'কুকুর, কুক্কুট ও শৃগাল' গল্পের নীতিকথাটি উল্লেখ্য "পরের মন্দ চেষ্টায় ফাঁদ পাতিলে আপনাকেই সেই ফাঁদে পড়িতে হয়(১/পৃ-১০৩৮)।" অত্যন্ত সরল

ভাষায় ও প্রকাশভঙ্গিতে বিদ্যাসাগর অনুবাদ করেছেন। যা মূলগ্রন্থ থেকে অনেকাংশেই সরল ও শিশুদের বোধগম্য। মূলগ্রন্থ থেকে বিদ্যাসাগর সব গল্প অনুবাদ করেননি। যেমন Aesop's Fables-এ উল্লিখিত "The Country mouse and the town mouse" গল্পটি বিদ্যাসাগর অনুবাদ করেননি ঠিকই, আবার কিছু গল্পের মূল গ্রন্থের নাম থেকে অনুবাদে পরিবর্তন করে দিয়েছেন। 'The Bear and the fox' গল্পটি বিদ্যাসাগর 'দুই পথিক ও ভাল্লুক' নামে। আমরা লক্ষ করবো বিদ্যাসাগরের 'কচ্ছপ ও ঈগল পক্ষী' গল্পটির দিকে। গল্পটির কাহিনি মূল গল্পের মতোই। কিন্তু নীতিকথাটি লক্ষণীয়। "অহঙ্কার করিলেই পড়িতে হয়, নাহস্কারাৎ পরো রিপু(১/পৃ-১০৪০)।" বিদ্যাসাগর গল্পগুলি অধিকাংশই মূল গ্রন্থের অবলম্বনে, রচিত, কিন্তু নীতিকথাটি যেন চাণক্য শ্লোকের বঙ্গানুবাদ। উল্লেখ্য শ্লোকটি হল—

"অতি দর্পে হতা লঙ্কা অতি মানে চ কৌরবাঃ।
অতি দানে বলির্বদ্ধঃ সর্বমত্যন্তং গর্হিতং(৪/পৃ-৯)।।"

শ্লোকটির বঙ্গানুবাদ হল অত্যন্ত অহংকারে রাবণ লঙ্কা হারায়, অত্যধিক অভিমানে কৌরব ধ্বংস হয়, অতিরিক্ত দানে রাজা বলি মারা যান, তাই অতিরিক্ত কোনো কিছু ভালো না।

বিদ্যাসাগরের আরেকটি 'কথামালা'র গল্প উল্লেখ্য। 'কাক ও জলের কলসী' শিরোনামে গল্পটির মূল কাহিনি মূলগ্রন্থের অনুরূপ, নীতিকথাটিও তাই। নীতিকথাটি লক্ষণীয়— 'বলে যাহা সম্পন্ন না হয়, কৌশলে তাহা সম্পন্ন হইতে পাবে(১/পৃ-১০৪১)।" বিদ্যাসাগর প্রায় প্রতিটি গল্পের কাহিনি মূলগ্রন্থাবলম্বনে হলেও নীতিকথাটি বেশিরভাগ বহুল প্রচলিত বাক্য থেকে নেওয়া। সংস্কৃত 'বুদ্ধির্যস্য, বলং তস্য' অর্থাৎ বুদ্ধি যার বল তার, নীতিকথার অনুরূপ লেখা বিদ্যাসাগর রচিত গল্পটির নীতিবাক্যটি।

বিদ্যাসাগর মূলগ্রন্থ থেকে কিছু গল্প অনুবাদ করেছেন যেগুলির কাহিনি হুবহু এক কিন্তু গল্পের নীতিকথাটি কিছুটা সময়োপযোগী ও পাঠকবর্গের দিকে লক্ষ রেখে পরিবর্তন করেছেন। 'দুই পথিক ও ভালুক' শিরোনাম গল্পের কাহিনি মূলগ্রন্থের মতোই অনুবাদ করেছেন তিনি, কিন্তু নীতিকথাটি পরিবর্তন করেছেন। পরিবর্তনটিও অত্যন্ত যুক্তিপূর্ণ। বিদ্যাসাগর নীতিবাক্যটি চাণক্য রচিত একটি শ্লোক অবলম্বনে রচনা করেছেন। শ্লোকটি উল্লেখ্য—

"উৎসবে ব্যসনে চৈব দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে।
রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ(৪/পৃ-১৭)।।"

শ্লোকটির বঙ্গানুবাদ হল উৎসব-অনুষ্ঠানে, দুর্ভিক্ষে, বিপদের সময়, রাজার বিচার স্থানে, শ্মশানে যিনি পাশে থাকেন তিনিই বন্ধু। বিদ্যাসাগর বিভিন্ন সংস্কৃত শ্লোকের বিশেষ করে চাণক্য শ্লোকের অংশ নীতিবাক্যে তুলে ধরেছেন তা লক্ষণীয়।

বিদ্যাসাগর মূলগ্রন্থ থেকে বিষয়বস্তু ও কাহিনি অংশ নিয়ে 'কথামালা' গ্রন্থ রচনা করলেও গল্পগুলির উপস্থাপন ও কাহিনি বর্ণনায় অনেকাংশ সমকালীনতা, পাঠকবর্গের মানসিকতা ও শিশুপাঠ্য মনোভাবকে গুরুত্ব দিয়েছেন। আমরা লক্ষ করবো 'কথামালা' গ্রন্থের শেষ গল্পটি অর্থাৎ চুয়াত্তর সংখ্যক 'ঈগল ও শৃগালী' গল্পটি। গল্পটির কাহিনি গল্প মূলগ্রন্থেরই অনুবাদ। কিন্তু নীতিকথাটি যেন প্রায় চাণক্য শ্লোকের অনুবাদ বলা যায়। শ্লোকটি উল্লেখ্য—

"অলসস্য কুতো বিদ্যা, অবিদ্যস্য কুতো ধনম্।

অধনস্য কুতো মিত্রম্, অমিত্রস্য কুতো সুখম্(৪/পৃ-৯)।”

অর্থাৎ অলস ব্যক্তির বিদ্যা হয় না, বিদ্যাহীনদের ধন হয় না, ধনহীনদের বন্ধু হয় না, এবং বন্ধুহীনদের সুখ হয় না। বিদ্যাসাগর 'ঈগল ও শৃগালী' ছোটোগল্পের মাধ্যমে পরিশ্রম ছাড়া কোনো কাজে সফলতা আসে না, তা বুঝিয়ে দিলেন। তিনি শিশুদের মনোভাবকে তথা শিশুমনকে গুরুত্ব দিয়ে এই গ্রন্থ রচনা করেছেন। অনুবাদের ক্ষেত্রে গ্রন্থটিতে প্রয়োজনানুযায়ী পরিবর্তন করেছেন।

আমরা লক্ষ করবো Aesop's Fables গ্রন্থের ভূমিকায় একটি অংশ 'This method of translation - wholly without excuse, if applied to a genuine classic - will, perhaps, be deemed admissible for a popular volume of Aesopean Fables ... A greater liberty has been taken with those venerable deductions which are usually appended in set form to the Fable, under the title of Morals or Applications; and in this an essential departure has been made from the common plan of the English Fabulists, who have generally smothered the original Fable under an overpowering wight of their own commentary(3/P-xix).”

আমরা যথাসাধ্য আলোচনা করে বলতে পারি বিদ্যাসাগর গ্রন্থটির গল্পগুলি অনুবাদ করেননি, বরং বলা ভালো গল্পগুলি অবলম্বনে রচনা করেছেন। গল্পগুলির উপস্থাপন, বুনট, কাহিনি বর্ণনা ও নীতিকথা লেখার ভঙ্গিমা অনেকটা সমকালীনতা, পাঠকবর্গের মানসিকতা ও শিশুপাঠ্য মনোভাবকে গুরুত্ব দিয়ে বিদ্যাসাগর 'কথামালা' গ্রন্থটি রচনা করেছেন তা যে-কোনো সহৃদয়-রসিক-পাঠক মাত্রই বুঝবেন তা বলাই বাহুল্য।

**উৎস পরিচয় ও অনুষঙ্গ**

১। গোপাল হালদার ও সত্যেন্দ্রনাথ সেন (সম্পাদিত)। বিদাসাগর রচনা সংগ্রহ। কলকাতা ঃ পশ্চিমবঙ্গ নিরক্ষরতা দূরীকরণ সমিতি, ১৩৭৯।

২। John Clark Marsman. History of Bengal. Calcutta : Mr. P.S. D'rozario's Tank Square, 1857. Ninth Edition.

৩। Thomas James. Aesop's Fables. London : John Murry, 1848.

৪। জিতেন্দ্র পাঠক। চাণক্য শ্লোকাঞ্জলী। দিল্লী ঃ মহামায়া পাবলিশার্স, ১৯৯৩।

৫। Willium and Robert Chambers. The Rudiments of Knowledge. London : W. S. Orr and Company, 1838.

# Vidyasagar: Emancipation of women and Contemporary social customs in colonial Bengal

**Dr. Goutam Patra***

**Abstract: This paper looks at Vidyasagar's untiring effort for social emancipation of women while also discussing his campaign against Kulin Brahmin polygamy, child marriage and prostitution - some of the social evils that plagued in the society of nineteenth century Bengal. Vidyasagar's diligent effort for the legalisation of widow marriage ultimately got success in 1856 as the British colonial administrators drafted widow marriage into law and Vidyasagar made the laws into effect when he first time arranged marriage of his son Narayan Chandra with a new widow Kalimati devi despite several oppositions from various corner of society. The opposition to his programme came from none other than Bankimchandra Chattopadhyay, arguably the greatest Bengali novelist till date. Statistically speaking, not many widows married under the Hindu Widow's Remarriage Act, making the Act, almost a dead letter. However, there has been a long-term impact of Vidyasagar's movement on Bengal's social and intellectual life for eradication of many social customs,is discussed in this paper giving an emphasis on women'emancipation.**

**Key Words: Kulin, baboos, Bahubibaha, pronoy, Shastra. Balyabibah. Abala, grihalakshmi**

## Introdution:

Indian society witnessed many deep rooted social evils such as 'Kulin' system, Child marriage, polygamy, 'sati' system and all these evils were correlated with each other and created a chain of social stigma. Kulin Brahmin polygamy got its root when parents wanted to become a Kulin in society arranging marriage of their child daughter with a Kulin Brahmin ten times older than her. After the death of this aged Kulin the child was regarded as a widow even at the age of five to six. The Hindu orthodox society also discovered a way to get rid of this problem introducing Sati system- a murder like event in society. During his lifetime, Vidyasagar campaigned against Kulin Brahmin polygamy, child marriage and prostitution. He also argued strongly in favour of women's education. It was his concern for Bengal's widows that largely defined his life, work and achievement for succeeding generations. His almost crusade-like effort to have widow marriage legalized in 1856, proved to be the most divisive act of his career, generating a large body of writings and petitions from various religious and ideological quarters, both for and against widow marriage (Ghose, 1973:

*Asst. Professor (Stage-2) ,W.B.E.S, Govt. College of Education, Banipur

239-78). Vidyasagar diligently engaged with criticism levelled against his project (Vidyasagar, 2012: 57-206), he presented detailed re-readings of the Shastra or Hindu religious scriptures(Parashar Samhita) not merely to refute conventional wisdom against widow marriage but also to find support for it. Polygamy, child marriage, ascetic widowhood and prostitution as well as denial of education to women are now widely believed to be the major issues affecting the lives of women in nineteenth-century Bengal (see Anisuzzaman 2000, Chakrabarti, 1998 & Murshid, 1984).

**Nature and gravity of Social customs:** Child marriage often leading to untimely widowhood almost became the norm in the society. Prominent Bengali intellectuals of the time such as Bankimchandra Chattopadhyay (1838-1894) and Vidyasagar himself were married to minors by their parents. Bankimchandra was married to a 5-year old when he was 11. Vidyasagar was 14 when he was married to an 8-year old girl (Chowdhury 1997: 280). The Kulin Brahmin polygamy also led to many social ills. The Kulins, who happened to be the highest sect of Brahmins, were especially notorious for being as peppered with much wit and humour. However, it goes without saying that no such luxury was afforded to the wives of the baboos concerned. As for the widows, by the time of Vidyasagar, they were saved from their husband's funeral pyres, thanks to Rammohon Roy's heroic efforts resulting in a 1829 legislation against widow immolation, but they were still destined to a life of unimaginable hardship. Tanika Sarkar's powerful phrase, often reveal the cruel treatment to the widows by their families (Sarkar, 2008: 83).

They were also put on a stringent diet aimed at robbing them of their youth, beauty and sexual urges. Considered a threat to the 'sacred' institution called the family, many widows were also subjected to unwanted pregnancies that were often followed by abortions. Committing suicide to escape such infamy had a tacit social approval. It was quite usual for a good number of widows to work in brothels which provided them with income and even some measure of prestige that were so crudely denied to them by their immediate families and society at large.

**Agonies of child marriage and widowhood :** It was not difficult for Vidyasagar to see the interconnections between these various socio-religious practices which he called 'deshachar' or the customs of a country, held them responsible for curtailing women's space both inside and outside home. According to Vidyasagar's biographers, much of the stimulus for his movement for women's emancipation also came from his first-hand experience of the agonies of child marriage and widowhood (see Ghose, 1973 & Mitra, 1902, rpt. 2008). He was said to have been appalled at meeting the girl child whom the elderly Vedanta scholar Sambhuchandra Vachaspati of Sanskrit College, Kolkata, had married to run his household, almost a few months before his death.

Even renowned writers such as Bankimchandra could not refrain from poking fun at Vidyasagar in his celebrated novel 'Bishabriksha' (tr. Poison Tree) (1873):

"A renowned pundit of Kolkata, Isvar Vidyasagar by name, has published a book on widow

marriage. If he, who arranges marriages for the widows, is called a pundit, who can we call a fool?" (translation) (Chattopadhyay, 1360: 279).

And we know that in his tract on 'Bahubibaha', i.e. multiple marriages, Bankimchandra had supported polygamy for the sake of maintaining patrilineality (Chattopadhyay, 1361: 314-19). This was on top of his glorification of the practice of sati and linking it to national regeneration in Kamalakanter Daptar:

"When I think that only some time back our women could die like this, then new hope rises up in me, then I have faith that we, too, have the seeds of greatness within us. Women of Bengal: You are the true jewels of this country" (quoted in Sarkar 2011: 395).

At the core of the Bengali opposition to widow marriage was the fear of losing control over women's sexuality. In fact, the "assumption of innate and uncontrollable feminine sexuality ... was embedded in Hindu cultural traditions (Bandyopadhyay, 2011: 162). Henceforth, child marriage, which often resulted in widowhood, became an institutionalised form of regulating women's reproductive system. For Vidyasagar, the attainment of 'pronoy' in marriage was impossible between minors who were married to each other, often without their consent. In such marriages, the child-bride was coerced into embracing motherhood despite being mentally unprepared either to bear children or to look after them. In his two subsequent tracts on widow marriage, both published in 1855, Vidyasagar shifted his focus away from 'pronoy' to emphasise the sexual need of the widow, a bold subject to tackle in his day. He singled out deshachar as the mother of all ills. Knowing that he would not be able to bypass the Shastra, Vidyasagar blamed 'deshachar' alone for producing a skewed reading of the Shastra. Widows, he pointed out, were routinely subjected to various temptations of the body and often sexually exploited. As a result, unwanted pregnancies, abortions and prostitution were taking place with an alarming regularity.

However, far from portraying widows as deceitful, as Bankimchandra did, or wicked and hence prone to sexual lapses, Vidyasagar conjured up their abala existence, essentially a state of being in which one is denied access to speech. The widow in question, according to Vidyasagar, was forced to remain abala, literally meaning "without strength", "no speech", "not spoken", or simply "dumb", denoting a permanent state of silenced subalternity.

However, while referring to the speechless state of the widow, Vidyasagar, the male reformer, did not necessarily refer to the suppressed energies resident within her, but to the hapless state she was in. Vidyasagar's decided focus their status as grihalakshmi, i.e. the goddess of home, and to ask them to consider domesticity as quintessentially Indian. Vidyasagar's various programmes ultimately resulted in "a fairly limited and controlled emancipation of wives within a framework of more companionate conjugality" (Sarkar, 1997: 229). Women were seen, and the necessity of granting them considerable freedom considered, in the context of marriage and domesticity, and not necessarily outside it. The opposition encountered by Vidyasagar during his lifetime both from the Bengali middleclass

as well as prominent figures such as Bankimchandra speaks volumes about middleclass tendencies in (often) retarding a social movement it helped start and advance. The eventual split within the Bengali middleclass regarding widow marriage, thanks to its vacillation between progress and conservatism, did not allow Vidyasagar's efforts to be fully realised.

Vidyasagar's project for Bengal's widows also had a gaping hole in it. It left Muslim women entirely out of its consideration. This was something Bankimchandra was the first to note inadvertently while criticising Muslim men for their Koran-sanctioned polygamy, and Vidyasagar's apparent reluctance in acknowledging that in his 'one-sided' criticism of Kulin.

**Patriarchal ideologies and the lives of women:** In nineteenth-century colonial Bengal, various patriarchal ideologies governing the lives of women were gradually challenged, despite stern social disapprobation, by the likes of Raja Rammohan Roy (1772-1833), Ishvar Chandra Vidyasagar (1820-1891) and the radical Young Bengal. Thanks to these pioneers, the nineteenth-century is now generally regarded as the time when a number of reform movements geared toward the emancipation of women were undertaken.

**১.২ গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য :**

কোন গবেষণাকর্ম উদ্দেশ্য ছাড়া একটি নির্দিষ্ট লক্ষ্যে এগিয়ে যেতে পারে না। উদ্দেশ্য ছাড়া গবেষক কর্মের সাবলীল গতি হারিয়ে ফেলে। প্রতিটি গবেষণা কর্মের অন্তর্নিহিত প্রশ্নের উত্তর সন্ধানের মাঝেই গবেষণার সফলতা ও ব্যর্থতা নির্ভর করে।

সাধারণভাবে মানুষ তাদের জীবনের গল্প, কাহিনী বা স্বপ্নকে ক্যামেরা লেন্সে বাস্তবের মতো চলমান দেখে তা বিশ্বাস করতে চায়। ধর্ম, জাতি, শ্রেণী নির্বিশেষে দর্শক আলোকচিত্রে দৃশ্যমান বাস্তবতার প্রেমে পড়ে, চরিত্রদের মতো ভাবতে চায়, এমন কি জীবনও সাজাতে চায়। তাই ক্যামেরার লেন্সে উঠে আসে মানুষের সমাজ বাস্তবতার একটি প্রতিরূপ। আলোকচিত্র শৈল্পিক বা বাণিজ্যিক যে ধারায় ধারণ করা হোক না কেনো তা অভিজ্ঞতা এবং অনুসন্ধানের মাধ্যমে বাংলাদেশের প্রেক্ষাপটে কিভাবে ফটোগ্রাফি বা ফটো সাংবাদিকতার আগমন ঘটলো তার একটি তুলনামূলক চরিত্রের ধারণা দেওয়ার চেষ্টা করেছি। এমতাবস্থায়, বাংলাদেশে ফটোগ্রাফি বা ফটো সাংবাদিকতা কিভাবে জনগণকে সঠিক ও যথার্থ পারিপার্শ্বিক বাস্তবতা অনুধাবনে ভূমিকা রাখে বা রেখেছে তার একটি ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরা এই গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য। এক্ষেত্রে আমরা ব্যক্তিগত অভিজ্ঞতা, নির্বাচিত তথ্য ও মতামত পর্যবেক্ষণ, তাত্ত্বিক পাঠ ও বিশ্লেষণ করে আমাদের গবেষণা কর্মটির লক্ষ্য ও উদ্দেশ্য নিরূপণ করি, যা নিম্নে দেওয়া হলো—

১। বাংলাদেশের আলোকচিত্রের উদ্ভব ও বিকাশের ঐতিহাসিক প্রেক্ষাপট ও কারণ বিশ্লেষণ।

২। বাংলাদেশের আলোকচিত্রে সমসাময়িক বিশ্ব আলোকচিত্রের আর্থ সামাজিক ও রাজনৈতিক প্রভাব এবং মূল্যায়ণ বিচার।

৩। বাংলাদেশের ফটোগ্রাফি ও ফটো-সাংবাদিকতা 'বাংলাদেশ ফটোজার্নালিস্ট অ্যাসোসিয়েশন' (বিপিজেএ) এবং 'বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটি' (বিপিএস) নামক প্রধান প্রতিষ্ঠান দুটির প্রভাব যাচাই।

৪। বাংলাদেশের সমকালীন বাস্তবতায় আলোকচিত্র শিল্পের সংকট ও সম্ভাবনার চিত্র।

৫। বাংলাদেশের প্রেক্ষপটে এনালগ এবং ডিজিটাল ফটোগ্রাফির তুলনামূলক চিত্র অন্বেষণ।

**১.৩ গবেষণার গুরুত্ব :**

বাংলাদেশের প্রেক্ষাপটে ফটোগ্রাফি বা আলোকচিত্র-শিল্পের উল্লেখযোগ্য ক্ষেত্র লক্ষণীয়। তথ্য প্রযুক্তির উন্নয়নসহ আনুষঙ্গিক নানারকম অগ্রগতির সাথে সাথে এই ক্ষেত্রটিতেও এসেছে নানারকম পরিবর্তন। যদিও পরিবর্তন মানেই বিবর্তন নয়। বিবর্তন মানে এমন পরিবর্তন যেটা কোন বিষয়বস্তুর উন্নত সংস্করণের মাধ্যমে সুচিত হয়। এক্ষেত্রে বিভিন্ন রকম তথ্য পাওয়া যায় যদিও সেগুলো একত্রিত বা সুষ্ঠুভাবে সন্নিবেশিত নয়। সুতরাং ছড়ানো ছিটানো তথ্যগুলোর সুষ্ঠু বিন্যাস করা গবেষণাটি পরিচালনার লক্ষ্য যাতে এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য পাওয়া সম্ভব হয়। উনবিংশ শতকে সাহিত্যকে যেমন সমাজের দর্পণ হিসেবে মনে করা হতো, তেমনি আজকের পৃথিবীর কোন দেশ, জাতি কিংবা আর্থ-সামাজিক বাস্তবতা বুঝতে গেলে ফটোগ্রাফি দর্শন প্রয়োজন। একটি জাতি বা দেশের ফটোগ্রাফি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সেই জাতি বা সমাজের একটির প্রতিচ্ছবি থাকে। আমরা জানি, গত শতকের সাম্রাজ্যবাদ, পুঁজিবাদ আর উপনিবেশিক ব্যবস্থা থেকে মুক্তিলাভের জন্য যে ফটো সাংবাদিকতার বিকাশ ঘটেছে, তার আপাত আবেদন গত শতাব্দীতেই শেষের দিকে এসে হারিয়ে যায়। কিন্তু শোষণ, যুদ্ধ আর নিপীড়নের কালো থাবা এখনো পৃথিবীর বুকে চলমান। বর্তমান পৃথিবীর দিকে তাকালে আমরা দেখতে পাই ঔপনিবেশিক সাম্রাজ্যবাদ এখন নতুন আদলে ধরা দিচ্ছে। একসময়কার নির্যাতিত তৃতীয় বিশ্বের অনেক দেশ অর্থনৈতিকভাবে সাবলীল হয়ে এখন নিজেরাই সামাজিক, অর্থনৈতিকভাবে আগ্রাসী হয়ে উঠছে। আক্রমণ করছে অন্য দেশকে। দেশে দেশে সন্ত্রাসবাদ, জঙ্গিবাদের বিরুদ্ধে যুদ্ধ কিংবা পরিকল্পিত গৃহযুদ্ধের কারণে দেশান্তরী হচ্ছে লাখ লাখ মানুষ। উপকূলীয় শহরগুলোতে সমুদ্র সৈকত ভরে যাচ্ছে সন্ত্রাস, গণহত্যা আর যুদ্ধের হাত থেকে পালিয়ে আসা মানুষে। এখনো তৃতীয় বিশ্বসহ পৃথিবীর অনেক রাষ্ট্র, জাতি সাম্রাজ্যবাদীদের ছোবল থেকে মুক্ত নয়। মধ্যপ্রাচ্য সহ পৃথিবীর নানা অংশে যুদ্ধ, গণহত্যা, জাতিতাত্ত্বিক নির্যাতন চলছেই। বাংলাদেশ সহ তথা বিশ্বের মানুষের মুক্তি সংগ্রামের হাতিয়ার হিসেবে ফটোগ্রাফির প্রয়োজনীয়তা তুলে ধরতে এই গবেষণার গুরুত্ব অপরিসীম।

**১.৪ গবেষণা পদ্ধতি :**

আলোচ্য প্রবন্ধটি একটি পর্যবেক্ষণমূলক কাজ। বর্তমান গবেষণা প্রবন্ধটিতে গুণগত 'আধেয় বিশ্লেষণ পদ্ধতি' অনুসরণ করায় এই গবেষণাকর্মটি বর্ণনামূলক (ন্যারেটিভ অ্যানালাইসিস)। গুণগত আধেয় বিশ্লেষণ পদ্ধতি একজন গবেষক তখনই ব্যবহার করে থাকেন যখন তার টেক্সট আধেয় (কন্টেন্ট)-র অন্তর্নিহিত অর্থের প্রয়োজন হয়। গণমাধ্যম গবেষণার ক্ষেত্রে অনুসৃত বিভিন্ন পদ্ধতির মধ্যে 'আধেয় পরিচিতি' এবং 'আধেয় বিশ্লেষণ' অন্যতম। উইমার ও ডমিনিক তাঁদের 'ম্যাস মিডিয়া রিসার্চ : অ্যান ইনট্রোডাকশান' গ্রন্থে গণমাধ্যম গবেষণার ক্ষেত্রে আধেয়-বিশ্লেষণ পদ্ধতিকে জনপ্রিয় কৌশল হিসেবে উল্লেখ করেন। তাঁরা আরো বলেন, 'আধেয় বিশ্লেষণ হচ্ছে এমন একটি পদ্ধতি যেখানে বিষয়ের ভিতরে থাকা চরিত্রগুলোকে চিহ্নিতকরণের মাধ্যমে নিয়মতান্ত্রিক ও বস্তু নিরপেক্ষ উপায়ে পর্যালোচনা করা হয়' (উইমার ও ডমিনিক, ২০০৩, ১৪১)।

এরই প্রেক্ষিতে 'আলোকচিত্রের ক্রমবিবর্তন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক বর্তমান গবেষণায় নির্বাচিত গ্রন্থ, জার্নাল, সাক্ষাৎকার, আধেয়তে থাকা দৃশ্য ও অদৃশ্য বার্তাকে চিহ্নিত করে নিয়মতান্ত্রিকভাবে পর্যালোচনা করতে সক্ষম এই 'আধেয় বিশ্লেষণ' পদ্ধতি। দেশি-বিদেশি গবেষক, লেখক, একাডেমিশিয়ান এবং ফটোগ্রাফদের বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত, ইউটিউব, ভিডিও, তথ্যচিত্রে সাক্ষাৎকার, আলোচনা এবং বিবৃতির আধেয় বিশ্লেষণ করা হয়েছে বর্তমান

গবেষণায়। এক্ষেত্রে আধেয়তে থাকা বক্তব্যের 'ব্যাখ্যামূলক আধেয় বিশ্লেষণ' পদ্ধতির মাধ্যমে উপযুক্ত গবেষণা প্রশ্নের উত্তর খোঁজা হয়েছে।

'আলোকচিত্রের ক্রবিবর্তন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক কোন উল্লেখযোগ্য গবেষণা পূর্বে না হওয়ায় এবং ভবিষ্যদ্বাণী করার জন্য পূর্ববর্তী পর্যাপ্ত তথ্য না থাকায় এই গবেষণায় কোন অনুমতি সিদ্ধান্ত (Hypothesis) দাঁড় করানো সম্ভব হয়নি বরং কতকগুলো গবেষণা প্রশ্নের (Research questions) মাধ্যমে আলোকচিত্র দর্শন ও বিশ্লেষণ, নির্বাচিত গ্রন্থ, পত্রিকা, জার্নাল, ফিচার, ইন্টারনেট এর আধেয় বিশ্লেষণ, সাক্ষাৎকার পাঠ, ফোকাস গ্রুপ আলোচনা আর নিবিড় পর্যক্ষণের মাধ্যমে তথ্য অনুসন্ধান ও বিশ্লেষণ করা হয়েছে।

বর্তমান গবেষণাটির চরিত্র একদিকে বর্ণনামূলক, অনুসন্ধানমূলক এবং একই সাথে আধেয়বিশ্লেষণ মূলক। 'আলোকচিত্রের ক্রমবিবর্তন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক গবেষণায় ব্যবহৃত পদ্ধতিগুলো নিম্নরূপ :

**১। তথ্য সংগ্রহ কৌশল :**

ক. ফটোগ্রাফি বিষয়ক তত্ত্ব, ইতিহাস, ফটোগ্রাফি দর্শন ও পাঠ।

খ. ফোকাস গ্রুপ আলোচনা পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ।

গ. ফটোগ্রাফি বিষয়ক লিখিত তথ্য উপাত্ত (বই, পত্রিকা, জার্নাল, গবেষণা) সংগ্রহ (literature suvey) এবং পর্যালোচনা। এক্ষেত্রে লিখিত মন্তব্য ও বক্তব্যের 'ব্যাখ্যামূলক আধেয় বিশ্লেষণ পদ্ধতি' (Interpretative Content Analysis) প্রয়োগের মাধ্যমে উপর্যুক্ত গবেষণা প্রশ্নের উত্তর খোঁজা হয়েছে।

ঘ. 'বাংলাদেশ ফটোজার্নালিস্ট অ্যাসোয়িশন' (বিপিজেএ) এবং 'বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটি' (বিপিএস) বা তৎপ্রকার সংগঠন সমূহের কার্যক্রম বিষয়ে যথার্থ পাঠ ও অনুসন্ধান পূর্বক তথ্য যাচাই ও সম্ভাবনার দিক পর্যবেক্ষণ করা হয়েছে।

ঙ. নিবিড় পর্যবেক্ষণ পদ্ধতি ব্যবহার করে তথ্য সংগ্রহ।

চ. সাক্ষাৎকার পদ্ধতির মাধ্যমে তথ্য সংগ্রহ। এক্ষেত্রে দেশি-বিদেশি ফটোগ্রাফার, গবেষক, লেখক, একাডেমিশিয়ানদের বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত, ইউটিউব, ভিডিও, তথ্যচিত্র সাক্ষাৎকার, আলোচনা এবং বিবৃতির পাঠ বিশ্লেষণ করা হয়েছে। গণমাধ্যমে সম্পৃক্ত বিশেষজ্ঞের নিবিড় সাক্ষাৎকার গ্রহণ করে প্রাপ্ত তথ্য সমূহকে 'মান নির্ধারক আধেয় বিশ্লেষণ' (Normative Content Analysis) পদ্ধতি প্রয়োগ করে বিশ্লেষণ করা হয়েছে।

**২। গবেষণা এলাকা বর্ণনা :**

বাংলাদেশের ফটোগ্রাফির ক্রমবিবর্তন নিয়ে এই গবেষণা করা হয়েছে। পরবর্তীতে গবেষণার জন্য উদ্দেশ্যমূলকভাবে বই, পত্রিকা, জার্নাল, গবেষণা, প্রকাশিত এবং প্রচারিত সাক্ষাৎকারকে সমগ্রক হিসেবে নির্বাচন করা হয়েছে এবং সেখান থেকে নমুনায়ন বাছাই করা হয়েছে। সাক্ষাৎকার নেবার ক্ষেরেও উদ্দেশ্যমূলকভাবে ব্যক্তিকে সমগ্রক হিসেবে নির্বাচন করা হয়েছে এবং সেখান থেকে নমুনায়ন বাছাই করা হয়েছে।

**৩। নমুনায়ন :**

'আলোকচিত্রের ক্রমবির্বতন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক বর্তমান গবেষণায় উদ্দেশ্যমূলকভাবে ফটোগ্রাফার, ফটোগ্রাফি বিষয়ক গবেষক ও সমালোচক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাধারণ ফটোগ্রাফি দর্শক, গণমাধ্যমের প্রধান বার্তা সম্পাদক ও ফটোগ্রাফি বিশেষজ্ঞদের উদ্দেশ্যমূলকভাবে নমুনায় হিসেবে বাছাই করে নেওয়া হয়েছে। গবেষণার বস্তুনিষ্ঠতা যাচাইয়ে ফটোগ্রাফি বিষয়ক বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দের সাথে কথা বলে তাদের সাক্ষাৎকার নেওয়া হয়েছে।

**৪। উপাত্ত প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ :**

মাঠ থেকে সংগ্রহীত উপাত্ত প্রথমে যথাযথভাবে সম্পাদন করার পর বিভিন্ন বৈশিষ্ট্যের ভিত্তিতে শ্রেণীবদ্ধ করা হয়। বর্তমান গবেষণাটির চরিত্র এদিকে বর্ণনামূলক এবং একই সাথে অনুসন্ধানমূলক হওয়ায় এই বিষয়ক লিখিত মন্তব্য ও বক্তব্যের 'ব্যাখ্যামূলক আধেয় বিশ্লেষণ' (Interpretative Content Analysis) এবং সাক্ষাৎকার গ্রহণ করে প্রাপ্ত তথ্য সমূহকে 'মান নির্ধারক আধেয় বিশ্লেষণ' (Normative Content Analysis) পদ্ধতি প্রয়োগ করে উপাত্তের গুণাত্মক বিশ্লেষণ করা হয়েছে।

**১.৫ গবেষণার তথ্য সংগ্রহের উপকরণ :**

বর্তমান গবেষণাটির চরিত্র একদিকে বর্ণনামূলক, অনুসন্ধানমূলক এবং একই সাথে আধেয় বিশ্লেষণ মূলক। 'আলোকচিত্রের ক্রমবির্বতন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক কোন উল্লেখযোগ্য গবেষণা পূর্বে না হওয়ায় এবং ভবিষ্যদ্বাণী করার জন্য পূববর্তী পর্যাপ্ত তথ্য না থাকায় এই গবেষণায় কোন অনুমিত সিদ্ধান্ত (Hypothesis) দাঁড় করানো সম্ভব হয়নি বরং কতগুলো গবেষণা প্রশ্নের (Research questions) মাধ্যমে নির্বাচিত গ্রন্থ, পত্রিকা, জার্নাল, ফিচার, ইন্টারনেট এর আধেয় বিশ্লেষণ, সাক্ষাৎকার, ফোকাস গ্রুপ আলোচনা আর নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে অনুসন্ধান করা হয়েছে। 'আলোকচিত্রের ক্রমবির্বতন : প্রেক্ষিত বাংলাদেশ'-এই গবেষণায় তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে যে সমস্ত উপকরণ ব্যবহার করা হয়েছে তা নিম্নরূপ :

১। গবেষণায় তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে দেশি-বিদেশি ফটোগ্রাফার, গবেষক, লেখক, একাডেমিশিয়ান এবং ফটোগ্রাফার ও ফটো সাংবাদিক কর্মীদের গ্রন্থ, জার্নাল এবং বিভিন্ন গবেষণার আধেয় বিশ্লেষণ করা হয়েছে ফলে গবেষণায় টিভি, ইন্টারনেট এবং ইউটিউব ব্যবহার করা হয়েছে।

২। গবেষণায় তথ্য সংগ্রহ করার ক্ষেত্রে দেশি-বিদেশি ফটোগ্রাফার, গবেষক, লেখক, একাডেমিশিয়ান এবং ফটোগ্রাফার ও ফটো সাংবাদিক কর্মীদের বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত, ইউটিউব, ভিডিও, তথ্যচিত্রে সাক্ষাৎকার, আলোচনা এবং বিবৃতির পাঠ বিশ্লেষণ করে তথ্য সংগ্রহ করা হয়েছে। ফলে গবেষণায় পত্র-পত্রিকা, টিভি, ইন্টারনেট এবং ইউটিব ব্যবহার করা হয়েছে।

৩। ব্যক্তিত্ব সাক্ষাৎকার ধারণের জন্য অডিও-ভিডিও রেকর্ডার ব্যবহার করা হয়েছে। সাক্ষাৎকার ধারণের সময় অনেক ক্ষেত্রে সামাজিক যোগাযোগ মাধ্যম ম্যাসেঞ্জার ব্যবহার করা হয়েছে।

৪। গবেষকদ্বয় যেহেতু ফিল্ম, ফটোগ্রাফিসহ অডিও-ভিজুয়াল মাধ্যমের সাথে জড়িত, ফলে গবেষণা কর্মে ক্যামেরা, টেপ রেকর্ডারের মাধ্যমে তথ্য ধারণ করা হয়েছে।

৫। তথ্য প্রযুক্তির সুবিধা নেওয়ার জন্য ইন্টারনেটসহ ল্যাপটপ, প্রিন্টার ব্যবহার করা হয়েছে।

৬। এছাড়া কাগজ, কলম, পেন্সিল, রাবারও তথ্য সংগ্রহে ব্যবহার হচ্ছে।

**১.৬ গবেষণার প্রশ্ন :**

বর্তমান গবেষণাটির চরিত্র একদিকে বর্ণনামূলক, অনুসন্ধানমূলক এবং একই সাথে আধেয়বিশ্লেষণ মূলক। 'আলোকচিত্রের ক্রমবিবর্তন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক কোন উল্লেখযোগ্য গবেষণা না হওয়ায় এবং ভবিষ্যৎবাণী করার জন্য পূববর্তী পর্যাপ্ত তথ্য না থাকায় এই গবেষণায় কোন অনুমিত সিদ্ধান্ত (Hypothesis) দাঁড় করানো সম্ভব হয়নি বরং কতগুলো গবেষণা প্রশ্নের (Research questions) মাধ্যমে নির্বাচিত গ্রন্থ, পত্রিকা, জার্নাল, ফিচার, ইন্টারনেট-এর আধেয় বিশ্লেষণ, সাক্ষাৎকার, ফোকাস গ্রুপ আলোচনা আ নিবিড় পর্যক্ষণের মাধ্যমে অনুসন্ধান করা হয়েছে। 'আলোকচিত্রের ক্রমবিবর্তন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক গবেষণায় যে সব পথগুলো অনুসন্ধান করা হয়েছে, তা নিম্নরূপ :

১। ফটোগ্রাফির উদ্ভব ও বিকাশের ঐতিহাসিক প্রেক্ষাপট ও কারণ বিশ্লেষণ।

২। বাংলাদেশে ফটোগ্রাফি ও ফটোসাংবাদিকতার ক্রমবিবর্তন এর ইতিহাস পর্যালোচনা।

৩। বাংলাদেশের প্রেক্ষাপটে ফটোগ্রাফিতে ডিজিটাল ধারার আগমন ইতিহাস পর্যালোচনা।

**১.৭ গবেষণা সীমাবদ্ধতা :**

১. অর্থ ও লোকবলের অভাবে গবেষণাটির পরিধি কমিয়ে আনা হয়েছে।

২. সময়ের অভাবে বাংলাদেশের সকল জেলার ফটোগ্রাফার এবং দর্শকদের প্রত্যাশা যাচাই করা সম্ভব হয়নি।

৩. আরো বেশি সংখ্যক ফটোগ্রাফার, গবেষক ও দর্শকদের সাক্ষাৎকার নিলে গবেষণাটি সমৃদ্ধ হতো।

৪. 'আলোকচিত্রের ক্রমবির্বতন : প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক বাংলাদেশে পূর্বে গবেষণা না থাকায় তথ্য অনুসন্ধান বেশি সময় লেগেছে এবং তুলনামূলক অবস্থা বিশ্লেষণ করা হয়েছে।

**১.৮ সমন্বিত ফলাফল-প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিশ্লেষণ : আলোকচিত্রের ক্রমবির্বতনের সংক্ষিপ্ত ইতিহাস :**

অনেকেই হয়তো আলোকচিত্রের ইতিহাস সম্পর্কে সম্যক জ্ঞান রাখেন তবুও আমরা আলোকচিত্রের ক্রমবিবর্তনের ইতিহাস অতি সংক্ষেপে পাঠকদের জন্য তুলে ধরছি। ফটোগ্রাফি বা আলোকচিত্র আজ আমাদের রাষ্ট্রীয়, আন্তর্জাতিক, সামাজিক, পারিবারিক দৈনন্দিন জীবনের প্রতিটি ক্ষেত্রে একটি অপরিহার্য অঙ্গ। তবে মজার কথা হলো, ফটোগ্রাফির একক আবিষ্কারক হিসেবে কেউ দাবিদার নন। ফটোগ্রাফির আবিষ্কার প্রায় ১৮৫ বছর আগে। সময়ের সাথে সাথে বিভিন্ন পর্যায়ে এর উন্নতি বা ক্রমবিকাশ ঘটেছে। আর বর্তমানে আধুনিক প্রযুক্তির নিত্যনতুন উদ্ভাবনে সৃষ্টি হচ্ছে অবিশ্বাস্য ও বিস্ময়কর সব ঘটনা।

ভাবতে অবাক লাগে, ক্যামেরা অবস্কিউরা (Camera Obscura) থেকে আজকের কম্পিউটার ভিত্তিক স্যাটেলাইট ট্রান্সমিশন ও ডিজিটাল ফটোগ্রাফি। ১৮২৬ সালে JOSEPH NICEPHORE NIEPCE নামে একজন ফরাসী গবেষক প্রথম কোটেড পিউটার প্লেটে আট ঘণ্টা (৮ ঘণ্টা) এক্সপোজার দিয়ে তাঁর বেডরুমের একটি দৃশ্যের ফটোগ্রাফ করেছেন যা প্রথম ক্যামেরা অবস্কিউরা ফটোগ্রাফ হিসেবে বিশ্বে পরিচিত ও নন্দিত *(Rosenblum, 1997)*।

পাশাপাশি ভাবুন হাজার মাইল দূর থেকে যুদ্ধ ক্ষেত্রে বা কোন ঘটনাস্থল থেকে ফিল্ম ছাড়া তোলা ছবি সেকেন্ডেই পৃথিবীর অন্যপ্রান্তে স্যাটেলাইটের মাধ্যমে কম্পিউটার রিসিভারে পরিস্ফুটিত হয়ে সারা দুনিয়ার প্রচার মাধ্যমে প্রচারিত হয়ে যাচ্ছে। টুইন টাওয়ারের দ্বিতীয় আক্রমণ আমেরিকার লোকের অনেকেই জানার আগেই বিশ্বব্যাপী তা জেনেছে ও লাইভ দেখেছে। Camera Obscura বা Dark Chamber-ই হচ্ছে ক্যামেরা উদ্ভাবনের প্রথম পদক্ষেপ আর আরবের প্রখ্যাত জ্যোতির্বিদ ইবনে আল হাইতাম প্রথম Pin-hole ক্যামেরার উদ্ভাবক হিসেবে দাবীদার *(Rosenblum, 1997)*।




নাইকন ডিএসএলআর ডি-১ ক্যামেরা

*(সূত্র : Pritchard, 2014)*

আজ থেকে ১৭২ বছর আগে অর্থাৎ ১৮৪০ খ্রিস্টাব্দে প্রখ্যাত ইংরেজ জ্যোতির্বিদ ও রসায়নবিদ John Herschel প্রথম Photography কথাটার ব্যবহার করেছিলেন গ্রিক শব্দ 'ফটোজ' অর্থাৎ আলো এবং গ্রাফোজ অর্থাৎ চিত্র বা অঙ্কন থেকে। বাংলায় ফটোগ্রাফি হচ্ছে আলোকচিত্র। William Henry Fox Talbot কে লেখা চিঠিতে Herschel প্রথম ফটোগ্রাফি শব্দটা ব্যবহার করেন। উল্লেখ্য ১৬০০ শতাব্দীর চিত্রশিল্পীর ক্যামেরা অবস্কিউরা বা ডার্ক চেম্বার তাঁদের চিত্রশিল্পের জন্য ব্যবহার করতেন। সত্যিকার অর্থে ফটোগ্রাফি হচ্ছে Optics ও Chemistry-র যৌথ ব্যবহার। ফটোগ্রাফির নেগেটিভ প্রথম আবিষ্কার করেন ব্রিটিশ আবিষ্কারক হেনরী ফক্সট্যাবটল। তিনি ১৮৪১ খ্রিস্টাব্দে ইংল্যান্ডের রয়্যাল সোসাইটিতে এক টুকরো কাগজের ওপর সিলভার ক্লোরাইড (Agcl) মেখে তার উপর আলো ফেলে কোন জিনিসের নেগেটিভ কিভাবে করা যায় তা প্রদর্শন করেছিলেন। এটাই Calotype হিসেবে পেটেন্টড হয়েছিল। নেগেটিভ ও পজেটিভ ঠিকমতো আবিষ্কার হবার প্রাথমিক পর্যায়ে ১৮৩৯-এ Niepce-র পার্টনার Louis Daguerre আবিষ্কার করেছিলেন Daguerreotype (Brocker : 1984)।

এটা হচ্ছে এক ধরনের সিলভার কোটেড প্লেট যাতে কোন ইমেজ বা দৃশ্যকে তৈরি করে ধরে রাখা যায়। ১৮৮৮-তে আমেরিকান ম্যানুফ্যাকচারার জর্জ ইস্টম্যান কোডাক ক্যামেরা বাজারে ছাড়লো যাতে ফিল্ম লোড করা

থাকতো। এই ক্যামেরায় একটা মজার শ্লোগান থাকতো আর তা হলো 'You Press The Button & We Do The Rest' ছবি তুলে কোডাক কোম্পানিকে বা দোকানে ফেরৎ দিলে ওরাই প্রিন্ট করে দিতো *(Rosenblum, 1997)*। যদিও Photography শব্দের উৎপত্তি আমরা ১৮৪০ মতান্তরে ১৮৩৯ বলে মেনে নিয়েছি, তবুও এ তথ্য জানা যায় যে ১৭৭৭ থেকে জার্মান গবেষক C.W. Scheele ফটোগ্রাফি সম্বন্ধে চিন্তা-ভাবনা ও পরীক্ষা-নিরীক্ষা শুরু করেন (Rosenblum, 1997)। Scheele একজন জার্মান কেমিস্ট ছিলেন। তিনিই প্রথম লক্ষ্য করেন যে Agcl রোদে কালো হয়ে যায়। সেটাই প্রথম বিজ্ঞানীরা বা রসায়নবিদরা পর্যবেক্ষণ করেন যে রাসায়নিক দ্রব্যের ওপর আলোর প্রতিক্রিয়া হয়। এরপর ১৮০২ সালে ইংরেজ বিজ্ঞানী Thomas Wedgwood এবং ইংরেজ রসায়নবিদ Sir Humphry Davy কাঁচের ওপর Silver Nitrate লাগিয়ে তাতে অন্য ছবির ছাপ তুলতে সমর্থ হন। পর্যায়ক্রমে তাঁরা কাগজ এমনকি চামড়ার ওপরও ছাপ তুলতে পেরেছিলেন। কিন্তু এ ছাপগুলো দ্রুত কালো হয়ে মিশে যেতো। অর্থাৎ এই ছাপকে তাঁরা স্থায়ীত্ব দিতে পারেননি। এরপর ১২ বছর কেটে যাবার পর ১৮১৪ সালে Joseph Nicephore Niepce অনেক রকম পরীক্ষা-নিরীক্ষা করেন *(Rosenblum, 1997)*।

পরবর্তীতে তিনি ফরাসী চিত্রশিল্পী Louis J.M. Daugerre-র সঙ্গে যোগ দিয়ে যৌথভাবে কাজ শুরু করেন ১৮৩৯ সালে Daguerre আবিষ্কার করেছিলেন Daguerreotype, একই সময়ে ইংল্যান্ডে Henry Fox Talbot আবিষ্কার করেন Calotype। ইতিহাসবিদরা এঁদের দু'জনকেই ক্যামেরার সাহায্যে প্রথম ছবি তোলার কৃতিত্ব দিতে চান। Daguerreotype-এ বেশ ভালো মানের শুধুমাত্র একটা পজেটিভ হতো। কিন্তু Calotype-র কাগজে নেগেটিভ করে তা থেকে যত ইচ্ছে পজেটিভ করা যেতো। উপরন্তু Talbot তাঁর পদ্ধতিতে ছবিকে সাফল্যজনকভাবে স্থায়ী বা Fix করতে পেরেছিলেন সোডিয়াম থায়ো সালফেটের ব্যবহারে। ১৮৮৪ সালে George Eastman প্রবর্তন করেন ক্যামেরায় Roll Film-র ব্যবহার। তাঁরই প্রতিষ্ঠিত কোডাক কোম্পানি ১৮৮৮ থেকে ব্যবসায়িক ভিত্তিতে এটা বাজারে প্রচলন করেন। তাঁরাই সহজে ছবি তোলার জন্য Box Camera তৈরি করেছিলেন। সেই ক্যামেরা ১-রোল (100-EXP) Film-সহ ৫ পাউন্ডে বিক্রি হতো। এখানেও একটা সমস্যা রয়ে গিয়েছিল। Film Load এবং Unload করতে ডার্করুমের প্রয়োজন হতো। এই সমস্যার উত্তরণে ১৮৯১ থেকে কাগজে মোড়া Daylight-Type ফিল্মের প্রচলন শুরু হয় *(Brocker : 1984)*।

**অতি সংক্ষেপে ফটোগ্রাফির উল্লেখযোগ্য মাইলফলকগুলো বর্ণনা করা হল :**

১৮২৬-৮ ঘণ্টা এক্সপোজার দিয়ে প্রথম ছবি (Joseph Nicephore Niepce)।

১৮৩৯- প্রথম ফটোগ্রাফি পোর্ট্রেট।

১৮৩৯- কাগজের ওপর প্রথম সরাসরি পজেটিভ ফটো Daguerreotype।

১৮৪০-ফটোগ্রাফি শব্দের প্রথম ব্যবহার (John Herschel to Fox Talbot)।

১৮৫০-নিউইয়র্কে— 'The Daguesian' নামে ফটোগ্রাফির জার্নালের সূচনা।

১৮৫৬- আকাশে Hot Air Balloon থেকে প্রথম Aerial Photography।

১৮৫৯- Flash gun বা কৃত্রিম আলোর জন্য Magnesium তার ব্যবহার।

১৮৬৫- Magnesium ব্যবহার করে কৃত্রিম আলোর সৃষ্টি।

১৮৮৮- Eastman Kodak প্রথম ফিল্মসহ ক্যামেরা বাজারজাত করে।

১৯৭৫- Eastman Kodak-এর ইঞ্জিনিয়ার স্টিভেন স্যাসন প্রথম ডিজিটাল ক্যামেরা (CCD) আবিষ্কার ও তৈরি করে) (Beawmant : 1964)।

আইজ্যাক নিউটন প্রথম আবিষ্কার করেন আলোর মধ্যেই রয়েছে রঙের অস্তিত্ব। এরপর বৈজ্ঞানিক টমাস ইয়াং আবিষ্কার করেন আলোর পরিভ্রমণ তরঙ্গায়িত এবং প্রতিটি তরঙ্গের রঙ ভিন্ন ভিন্ন। ১৮৫২ সালে জার্মান বৈজ্ঞানিক হার্মান ভন হেলম্ হাতে-কলমে এই আবিষ্কারের বাস্তব রূপ দিলেন। পরবর্তীতে দীর্ঘ গবেষণার পর ১৮৮৮ সালে 'ইয়ং হেল্ম-হোল্জ থিউরি অব কালার ভিশন' প্রকাশ করা হলো (Beawmant : 1964)।

১৮৬১ সালে পৃথিবীর প্রথম রঙিন ছবি তোলা হয়। ঘটনাটি অনেকটা লোকচক্ষুর অন্তরালে ঘটে যায়। কারণ এ ছবি কোন ফটোগ্রাফার তোলেননি, স্কটল্যান্ডের বৈজ্ঞানিক জেমস্ ক্লার্ক ম্যাকসওয়েল তিনটি রঙিন রীবনের ছবি তোলেন। কিন্তু কালোডিয়ান প্লেটের ওপর তিনটি আলাদা আলাদা পজেটিভ ট্রান্সপারেন্সি করেছিলেন। তারপর এই পজেটিভগুলো একত্র করে তিনটি কালার ফিল্টারের সাহায্যে প্রজেক্ট করে ঐতিহাসিক রঙিন ছবিটি তুলেছিলেন *(Beawmant : 1964)*।

১৮৬৯ সালে ফরাসী কবি চার্লস ক্রমস এবং ফরসী পিয়ানোবাদক লুই ডিইকো ডু হাউরন রঙিন ছবির ব্যাপারে যৌথভাবে চিন্তা-ভাবনা শুরু করেন এবং এই প্রচেষ্টার ফল ১৮৭৭ সালে কার্বন প্রসেসের সাহায্যে তিনটি ভিন্ন ভিন্ন রঙের ফিল্টারের সাহয্যে তিনটি এক্সপোজার দিয়ে পরে তা সুপার ইম্পোজ করে প্রায় নিখুঁত রঙিন ছবি পরিস্ফুটন করেন *(Rosenblum, 1997)*।

এভাবেই চলতে থাকে রঙিন ছবি নিয়ে গবেষণা। ক্রমান্বয়ে এলো ডেলাইট টাইপ কালার, টাংস্টেন টাইপ কালার ফিল্ম, রিভার্সাল বা স্লাইড বা ট্রান্সফারেন্সি ফ্লিম। আর আজ ডিজিটাল এক মহাবিস্ময়! এখন ঢাকায় ৫০ মেগা পিক্সেল পর্যন্ত ক্যামেরা পাওয়া যাচ্ছে। এখন এপারচার ও শাটার স্পিডের যেকোনো ভগ্নাংশ ব্যবহার করা যায়। ক্যামেরা তো বটেই মোবাইল ফোনেও এখন ২৪-এর বেশি পিক্সেল ক্যামেরা সংযোজন রয়েছে যার রেজাল্ট নরমাল ক্যামেরার চাইতে কোন অংশে কম নয়। ডাটা ক্যাবল দিয়ে কম্পিউটারে ট্রান্সফার করে তা সহজেই পরিস্ফুটন করা যায়। তবে বিশ্বে এখন ৬০ মেগা পিক্সেল ক্যামেরা ও ২৫ মেগা পিক্সেল মোবাইল পাওয়া যায়। ২০১৪ সালে গুগল প্রথম আবিষ্কার করে চোখের কন্ট্রাক্ট লেন্সে ক্যামেরা। এরপরপরই স্যামসং ২০১৬-তে বাজারে আনে এই ক্যামেরা আর সর্বশেষ সনি আনে আরও আধুনিক কন্ট্রাক্ট লেন্স ক্যামেরা। এর আগে ড্রোন ফটোগ্রাফী আনে এক বৈপ্লবিক পরিবর্তন। প্রযুক্তির উদ্ভাবন ও উন্নয়নে ভবিষ্যতে আমাদের জন্য কি বিস্ময় অপেক্ষা করছে তা দেখার জন্য এখন শুধু অপেক্ষার পালা।

**উপমহাদেশে ফটোগ্রাফির আবির্ভাব :**

১৮৪০ সালে ভারতে ফটোগ্রাফির আবির্ভাব ঘটে। সেটা ছিল একান্তই প্রাথমিক পর্যায়; ১৮৫০ থেকে এটি প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে। ১৮৫০ সালে মাদ্রাজে ফটোগ্রাফি প্রশিক্ষণ শুরু হয়। পরবর্তীতে ১৮৫৫ সালে তা প্রসারিত হয় বোম্বেতে। ১৮৫৬ সালের ২রা জানুয়ারি উপমহাদেশে ফটোগ্রাফির ইতিহাসে একটি বিশেষ দিন। ওইদিন 'ফটোগ্রাফিক সোসাইটি অব বেঙ্গল' প্রতিষ্ঠিত হয় এবং এই প্রতিষ্ঠানের ৩০ শতাংশ সদস্যই বাংলা ভাষার ছিলেন। প্রথম আলোকচিত্র প্রদর্শনী আয়োজিত হয় কলকাতায়। ফটোগ্রাফিক সোসাইটি অব বেঙ্গলের প্রথম প্রেসিডেন্ট ড. এফ জে মাউন্ট কলকাতার সার্ভেয়ার জসিয়া রাউইকে ভারতের ফটোগ্রাফির জনক বলে আখ্যায়িত করেন *(Brocker : 1984)*।

ফটোগ্রাফির যা কিছু উন্নতি আমরা দেখি, তা মূলত কলকাতাকেন্দ্রিক। আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া প্রতিষ্ঠিত হয় ১৮৬১ সালে। এটা শৌখিন ফটোগ্রাফারদের জন্য বিশেষ সুযোগ এনে দেয়। হরি চাঁদ চিন্তামণি, পিসি মুখার্জি, শিব শংকর, মুকুন্দ রাম চাঁদ, লালা দিনোয়াল প্রমুখ এ সময় আলোকচিত্রী হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন *(Beawmant : 1964)*।

১৮৬২ সালে নীল মাধব 'দি বেঙ্গল ফটাগ্রাফার্স' নামে প্রথম প্রাইভেট ফটো স্টুডিও প্রতিষ্ঠা করেন। এরপর ১৮৬৪ সালে প্রতিষ্ঠিত হয় বিখ্যাত ব্রিটিশ ফটো স্টুডিও, যা 'বোড়া অ্যান্ড শেফার্ড'-এর শাখা। এ সময় ফটোগ্রাফি সাধারণের মাঝে জনপ্রিয় হতে থাকে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর সপরিবারে এ স্টুডিওতে এসে পরিবারিক কিছু ছবি তুলেছিলেন।[১]

কলকাতায় ফটোগ্রাফি অনেক দূর এগিয়ে নিয়ে গেলেও ঢাকাতে এর কোনো প্রভাব পড়েনি। ১৮৮৮ সালের আগে পর্যন্ত এখানে ফটোগ্রাফির তৎপরতা প্রায় শূন্যই বলা চলে। ঢাকার নবাব আহসান উল্লাহ ১৮৮৮ সালে জার্মান ফটোগ্রাফার ফ্রিজ ক্যাপকে ঢাকায় নিয়ে আসেন, যিনি কলকাতায় অবস্থান করলেও নবাবের আমন্ত্রণে দীর্ঘদিন ঢাকায় ছিলেন। নবাব আহসান উল্লাহর পৃষ্ঠপোষকতায় তিনি পটুয়াখালীতে একটি স্টুডিও প্রতিষ্ঠা করেন। যেখানে উচ্চ শ্রেণির লোকদের ভিড় লেগেই থাকতো ছবি তোলার জন্য। ফটোগ্রাফি সে সময় অত্যন্ত দুষ্প্রাপ্য ছিল।[২]

মজার কথা হল, ধর্মীয় ভীতি ও কুসংস্কারের জন্য মধ্যবিত্ত ও উচ্চ মধ্যবিত্তরা ছবি তোলা থেকে নিজেদের বিরত রাখতো। এ অঞ্চলে প্রথম যে ব্যক্তিটির নাম ফটোগ্রাফির ক্ষেত্রে শ্রদ্ধার সাথে উচ্চারণ করতে হয়, তিনি হলেন গোলাম কাশেম ড্যাডি। ১৮৮৪ সালে জন্ম এবং ১৯২২ সাল থেকে তিনি নিয়মিত ছবি তোলা শুরু করেন। তিনি ছিলেন এদেশের আলোকচিত্র প্রসারে একজন সুসংগঠক ও শিক্ষক। ডব্লিউ এ খান যদিও কলকাতায় পেশাদার দর্জি হিসেবে সুপরিচিত ছিলেন। কিন্তু তিনি তখনকার মুখ্যমন্ত্রী শেরেবাংলা এ.কে. ফজলুল হকের ব্যক্তিগত ফটোগ্রাফার হিসেবে দীর্ঘদিন কাজ করেন। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর তিনি পাকিস্তানের তথ্য অধিদপ্তরে যোগদান করেন। অনেকেই জানেন না, কবি গোলাম মোস্তফা একজন উঁচুমানের শৌখিন আলোকচিত্রী ছিলেন। তিনি নিজস্ব ৮´´ x ১০´´ ইঞ্চি প্লেট ক্যামেরায় ছবি তুলতেন। ১৯০০ শতকের মধ্যভাগ থেকে কলকাতায় বেশ কিছু ফটো স্টুডিও প্রতিষ্ঠিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য ১৯১০ সালের 'স্টুডিও আরসি দাস অ্যান্ড সন্স'। এরপর এসেছে স্টুডিও অব খাজা আফজাল, খাজা সোলায়মান কাদের, চারু চন্দ্র গুহ, টেকনিক্যাল আর্ট স্টুডিও, টস অ্যান্ড কোম্পানি, স্টুডিও সেন, স্টার স্টুডিও, মিউজিক্যাল মার্ট। এখানে প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, নবাব খাজা আহসান উল্লাহর মৃত্যুর পর ফ্রিজ ক্যাপ তার স্টুডিও বিক্রি করে দেন।[৩]

৫০-এর দশকে একটি স্টুডিও চালানো অনেক কঠিন কাজ ছিল। কারণ সে সময় বিদ্যুৎ ছিল না। এই স্টুডিওকে বলা হতো 'ডে লাইট স্টুডিও'। প্রয়োজন অনুযায়ী টিনের ছাদ সরিয়ে সেই আলো দিয়ে আবার কখনও হারিকেনের আলো দিয়ে কাজ সারা হত। ৬০-এর ধসকে ফটোগ্রাফির ব্যাপক উন্নয়ন শুরু হয়। মাহবুর আলী যিনি ফটো মতি হিসেবে বেশি পরিচিত ছিলেন, তাঁর ওরিয়েন্ট স্টুডিও নামে ১৯৫৪-৫৫ একটি স্টুডিও ছিল নবাবপুরে। উনি সে সময়

১. (www.history of Indian photography), তারিখ : ১৭ই জুলাই ২০১৭ সালে দেখা হয়েছিল।
২. (www.history of Indian photography), তারিখ : ১৮ই জুলাই ২০১৭ সালে দেখা হয়েছিল।
৩. (www.history of Indian photography), তারিখ : ১৮ই জুলাই ২০১৭ সালে দেখা হয়েছিল।

বিভিন্ন পত্রিকায় ছবি সরবরাহ করতেন। সে সময় একটি ছবির দাম থোক ৫ টাকা হিসেবে দেওয়া হতো (মুসা : ১৯৯৩)।

ফটো-সাংবাদিকতার ক্ষেত্রে তদানীন্তন পূর্ব-পাকিস্তানের অবজারভার পত্রিকা অগ্রণী ভূমিকা পালন করে এবং বিশেষ কৃতিত্ব দিতে হয় সে সময়কার অবাজারভারের বার্তা সম্পাদক এবিএম মূসাকে। এবিএম মূসা-ই এ অঞ্চলে ছবি প্রচলন এবং বড় করে ছবি ছাপা শুরু করেন। এ সময় ফটোসাংবাদিক হিসেবে যাদের নাম আমরা পাই— মোজাম্মেল হোসেন, মিজানুর রহমান, মনোয়ার হোসেন, লাল ভাই, কামরুল হুদা, গোলাম মওলা প্রমুখ। মোহাম্মদ আলম একমাত্র ফটোগ্রাফার, যিনি স্বাধীনতাযুদ্ধে একহাতে অস্ত্র, আরেক হাতে ক্যামেরা ধরেছিলেন। দৈনিক পাকিস্তানের চিফ ফটোগ্রাফার গোলাম মওলা ১৯৭০-এর ভয়াবহ ঘূর্ণিঝড়ের ছবি তুলে সংবাদচিত্রে একটি ভিন্ন আঙ্গিক আমাদের কাছে তুলে ধরেন (হোসেন : ২০১৫)।

পাকিস্তান এয়ারফোর্সের টেকনিক্যাল ট্রেনিং স্কুলে প্রশিক্ষণপ্রাপ্ত মনজরুল আলম বেগ ১৯৬০ সালে ঢাকায় বেগার্ট ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন, যা এ অঞ্চলের ফটোগ্রাফি শিক্ষার একমাত্র প্রতিষ্ঠান হিসেবে দীর্ঘদিন বিবেচিত হয়েছে। ফটোগ্রাফি সংক্রান্ত বইও তিনি প্রথম রচনা করেন। উল্লেখ্য, মনজরুল আলম বেগ কোডাক ফটোগ্রাফিক স্কুল, হেটফিল কলেজ অব টেকনোলজি ইত্যাদি প্রতিষ্ঠান থেকে শিক্ষাগ্রহণ এবং সম্পৃক্ত ছিলেন। বেগার্ট ইনস্টিটিউট থেকে অনেক নামকরা আলোকচিত্রী আমরা পেয়েছি (রহমান : ১৯৯৫)।

১৯৭৫-এর ২১ ডিসেম্বর তিনি প্রতিষ্ঠা করেন বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটি বা বিপিএস। সারা দেশের সমস্ত ফটোগ্রাফারদের প্রতিষ্ঠানে রূপান্তরিত হয এবং বিপিএস। বিপিএসের মাধ্যমে অংশ নিয়ে অনেক ফটোগ্রাফারই বিভিন্ন দেশে আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন। কিন্তু মনজরুল আলম বেগের মৃত্যুর পর বেগার্ট ইনস্টিটিউট ও বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটি দুটোই তার ঔজ্জ্বল হারিয়েছে এবং নিভু নিভু পর্যায়ে। ফটোসাংবাদিকদের নিয়ে ১৯৭২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রত্যক্ষ সহযোগিতায় প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ ফটো একাডেমি। কিন্তু কিছুদিন পরই অন্তঃকলহের কারণে এটির কার্যকারিতা আর দেখা যায়নি। এরপর ১৯৮৫ সালে রশিদ তালুকদারকে আহ্বায়ক করে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ ফটোজার্নালিস্ট অ্যাসোসিয়েশন। কিন্তু পরবর্তীতে আলহাজ জহিরুল হক এই প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা সভাপতি হন। এই অ্যাসোসিয়েশন পরবর্তীতে সুকৌশলে রশিদ তালুকদারকে সরিয়ে দিয়ে আলহাজ্ব জহিরুল হককে প্রতিষ্ঠাতা সভাপতি করা হয়। এখনো বিভিন্ন কার্যক্রমের মধ্য দিয়ে টিকে আছে। পরবর্তীতে রাজনৈতিক বিবেচনায় ১৯৯৭ সালে বাংলাদেশ ফটোজার্নালিস্ট ফোরাম প্রতিষ্ঠা করা হয়। কিন্তু এদের কার্যক্রম কিছুদিন পর আর দৃশ্যমান নয় *(হোসেন : ২০১৫)*।

**ডিজিটাল ফটোগ্রাফির আর্বিভাব :**

এনালগ ক্যামেরা যখন মোটামুটিভাবে লেন্স, ফিল্ম এবং অন্যান্য উদ্ভাবনে একটি পর্যায়ে পৌঁছে, তখনি ফটোগ্রাফির আরো উন্নত চিন্তাধারা শুরু হয়। ১৯৫৭ থেকে ১৯৭৫ সাল পর্যন্ত আমরা ফটোগ্রাফিতে বৈপ্লবিক উদ্ভাবন ও উন্নয়ন দেখেছি। ১৯৬১ সালে ইউজিন-এ লালী প্রথম মোজাইক ফটো সেন্সর নিয়ে কাজ শুরু করেন ডিজিটাল ইমেজ গ্রহণের জন্য। ১৯৬৯ সালে জর্জ স্মিথ ও উইলার্ড বয়েড আবিষ্কার করেন সিসিডি (চার্জ কাপল ডিভাইস)

যা ডিজিটাল ক্যামেরায় সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়। ১৯৭২ সালে টেকসাসের একজন কর্মী উইলিজ এডকক ফিল্মবিহীন ক্যামেরা তৈরি করেন। ১৯৭৩ সালে ফেয়ার চাইল্ড প্রথম বাণিজ্যিকভাবে সিসিডি ইমেজার তৈরি করেন। যার সেন্সর ছিল ১০০ x ১০০ পিক্সেল, অর্থাৎ ১০ হাজার পিক্সেল। ১৯৭৫ সালে কোডাকের ইঞ্জিনিয়ার স্টিভেন সেশন ফেয়ার চাইল্ড উদ্ভাবিত সিসিডি ইমেজ সেন্সর দিয়ে কোডাক-এর একটি মুভি ক্যামেরা তৈরি করেন। ১৯৮১ সালে ক্যালগরি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী দল প্রথম ডিজিটাল ক্যামেরা তৈরি করেন। ১৯৯০ সালে কোডাক কোম্পানি ফটো সিডি প্রবর্তন করে। এ বছরই ফটোশপ প্রাথমিকভাবে অ্যাডব ফটোশপ ১.০ প্রবর্তন করে। ১৯৯১ সালে কোডাক নাইকন এফ-৩ (Nikon F-3) ক্যামেরার সাথে ১.৩ মেগা পিক্সেল কোডাক সিসিডি ইমেজ সেন্সর দিয়ে সাংবাদিকদের জন্য ডিজিটাল ক্যামেরা বাজারজাত করে। সে সময় এই ক্যামেরার দাম ছিল ১৩ হাজার ডলার।[৪]



ফটোগ্রাফির আধুনিক প্রযুক্তি ড্রোন ক্যামেরা
সূত্র : আলোকচিত্রের ক্ষেত্রে সর্বশেষ আধুনিক আবিষ্কার।[৫]

১৯৯১ সালে দ্রুত ফুজি, সনি, অ্যাপল এবং আরো অন্যান্য কোম্পানি ডিজিটাল ক্যামেরা বাজারে ছাড়া শুরু করে। ১৯৯৭ সালের পর থেকে ডিজিটাল ক্যামেরাতেই ভিডিও করার সুবিধা সংযোজিত হতে থাকে। পরবর্তীতে ১৯৯৯ সালে নাইকন প্রথমবারের মতো বাজারজাত করে নাইকন ডি-১ (Nikon D-1) ডিএসএলআর (ডিজিটাল সিঙ্গেল লেন্স রিফ্লেক্স) ক্যামেরা। এটা ছিল ২.৭৪ মেগা পিক্সেলের। এরপর পরই ক্যানন ইএসডি-৩ (Canon Esd-3) ৩.২৫ মেগা পিক্সেলের ক্যামেরা বাজারজাত করে এবং যতই নতুন নতুন মডেল আসা শুরু করলো, ততোই ক্যামেরার দাম কমতে থাকলো।

২০০৭ সালে নাইকন বাজারে আনলো নাইকন জি-৩ (Nilon D-3) ফুল ফ্রেম ডিএসএলআর ক্যামেরা, যা কিছুদিন পরই আবার নাইকন ডি-৭০০ (Nikon D-700) হিসেবে বাজারে আসে। মজার ব্যাপার হলো, ২০০৮ সালে নাইকন ডি-৭০০ (Nikon D-700) বাজারে আসে। যা দিয়ে সম্পূর্ণ ভিডিও রেকর্ড করা সম্ভব। এভাবেই ডিজিটাল ক্যামেরায় নিত্যনতুন সুযোগ-সুবিধা সংবলিত মডেল বাজারে আসছে। আমরা জানি না, এরপর আমাদের জন্য কি বিস্ময় অপেক্ষা করছে।

৪. (www.history of Indian photography), তারিখ : ১৯ই জুলাই ২০১৭ সালে দেখা হয়েছিল।
৫. (www.history of Indian photography), তারিখ : ৩ অক্টোবর ২০১৭ সালে দেখা হয়েছিল।

**সমাপনী বক্তব্য :**





সত্যকে উলঙ্গ করে দেবার বাসনা
আমার অনেকদিনের,
ভীরু মন বাধা দেয়।
লিখতে পারি না-আঁকতেও হাত নেই,
আলোকচিত্রেও ধরে রাখতে পারিনা,
অথচ নাকি আলোকচিত্রণ
অনেক সত্য বলে।
(বেগ : ১৯৯১)

প্রসঙ্গক্রমে বলা যায়, ফটোগ্রাফির বিকাশ প্রথমত সাধারণভাবে শুরু হলেও মূলত শৈল্পিক দৃষ্টিকোণ এবং সৃজনশীল ফটোগ্রাফির প্রসারে ঘটেছিল ১৯২০ সাল থেকে। এরপর গড়িয়েছে অনেক বছর। ২০১৭ সালের শেষ প্রান্তে এসে আমরা উপলব্ধি করছি— ক্যামেরা একটি যন্ত্র। যন্ত্রের বৈশিষ্ট্য যান্ত্রিক পদ্ধতির মধ্যে সীমিত। পদ্ধতিগত ক্যামেরা পরিচালনার মধ্যে তেমন উদ্ভাবনী ক্ষমতা কিংবা ক্রিয়েটিভিটি নেই বলা চলে। এরপর অলোর মাপকাঠি। আলোর ধারা রচনার পরিপ্রেক্ষিতে বহুমুখী অনুশীলন। সুখ-দুঃখ, গল্প বলার প্রেক্ষাপটে আলো আঁধারের খেলা। দিন রাতের পার্থক্য। সূক্ষ্ম অনুভূতির যোগ-বিয়োগ পরিচ্ছন্নতার মাত্রাবোধ উপলব্ধি। রঙের তারতম্যে আলোক কারসাজি (মাসুদ : ২০১২)। এরই পথপরিক্রমায় বর্তমান ফটোগ্রাফিতে যোগ হয়েছে মোবাইল ফটোগ্রাফি। পৃথিবীর জনসংখ্যার সম্ভবত ৭০ শতাংশ বর্তমানে একেকজন ফটোগ্রাফার। ভালো-মন্দ যে ছবিই তুলুক না কেন, মোবাইলের বদৌলতে সবাই এখন ফটোগ্রাফার। সবচেয়ে বিস্ময়কর হলো, মোবাইলে এখন বাহ্যিক (External) লেন্স ব্যবহার করে চাঁদের ছাঁচকাটা ছবি তোলা যাচ্ছে। এমনকি এখন এই লেন্স ৩৫ থেকে ৪০ মেগা পিক্সেলে পাওয়া যায়। আমাদের

ফটোগ্রাফির নতুন সংযোজন অপটিক্যাল ক্যামেরা, যা বর্তমান সময়ের বিস্ময়রূপে আমাদের জন্য অপেক্ষারত। এটি হচ্ছে চোখের কনট্রাক্ট লেন্সের মতো, যা চোখে বসানো থাকবে। চোখের পাতা ফেললেই উঠে যাবে কাঙ্ক্ষিত ফটোগ্রাফটি। সূক্ষ্মাতিসূক্ষ্ম স্টোরেজ ব্যবস্থার মাধমে ফটোগ্রাফ সংরক্ষিত হবে এবং পরবর্তী সময়ে প্রয়োজন অনুয়ায়ী ব্যবহার করা যাবে।

গুগল, সম্যাসং-র পথ ধরে এই প্রযুক্তিতে সর্বাধুনিক হচ্ছে সনি কোম্পানির সনি কন্ট্রাক্ট লেন্স ক্যাম যাতে আছে অটো ফোকাস, জুম, এপারচার কন্ট্রোল ও ইমেজ স্টাবিলাইজেশন। চোখের নিয়ন্ত্রিত পলকই হচ্ছে শাটার। আধুনিক ফটোগ্রাফিতে Drone প্রযুক্তিতে ফটোগ্রাফ ব্যবহার জনপ্রিয়তা পেয়েছে। পশ্চিমা দেশগুলোর Drone ফটোগ্রাফির এখন বিপুল চাহিদা। বাংলাদেশেও কম বেশি Drone ফটোগ্রাফি শুরু হয়েছে। জানি না ভবিষ্যতে আমাদের জন্য ফটোগ্রাফি জগতে আর কি বিস্ময় অপেক্ষা করছে!

**তথ্যসূত্র :**

১। বেগ, মজরুল আলম (১৯৯১), আলোকচিত্রণ-সাদা কালো ও রঙিন, বাংলাদেশ ফটোগ্রাফিক সোসাইটি, ঢাকা।

২। মহসীন, এ কে এম (২০১৪), বাংলাদেশ ফটো সাংবাদিকতার সুবিধা অসুবিধা, রূপসী বাংলা আলোকচিত্র প্রদর্শনীর প্রকাশিত স্মরণিকা, পৃষ্ঠা-১০, ফটো জার্নালিস্ট এসোসিয়েশন, ঢাকা।

৩। মুসা, এ.বি. এম (১৯৯৩), বাংলাদেশের ফটো সাংবাদিকতা, প্রতিষ্ঠাবার্ষিকী স্মরণিকা ১৯৯৩, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা।

৪। রহমান, মাসুদ উর (১৯৯৫), ফটোগ্রাফী বিদ্যা, প্রকাশ মুদ্রায়ণ, ঢাকা।

৫। রহমান, মাসুদ উর (২০১২), ফটোগ্রাফী শিক্ষা প্রযুক্তি, জ্যোতি প্রকাশ, ঢাকা।

৬। সেলিম, জাহাঙ্গীর (২০০২), আলোকচিত্রাচার্য মনজরুল আলম বেগ ও সমকালীন আলোকচিত্রের বিবর্তন, পাঠশালা, প্যাপিরাস, ঢাকা।

৭। হোসেন, কাজী রওনাক (২০১৫), ফটোগ্রাফী ও বাংলাদেশ, রূপসী বাংলা আলোকচিত্র প্রদর্শনীর প্রকাশিত স্মরণিকা, পৃষ্ঠা-১৪, ফটো জার্নালিস্ট এসোশিয়েশন, ঢাকা।

৮। Broecker, William L (1984), International Centre of Photography:Encyclopedia of Photography, Crown Publisher, New York.

৯। Newhall, Beawmant (1964), The History of Photography From 1939 to the Present Day, Museum of Modern Art, New York.

১০। Pritchard, Michael (2014), History of Photography in 50 Cameras, Bloomsburg, UK.

১১। Rosenblum, Naomi, (1997), A World History of Photography, Abbeville Press publisher, New York.

১২। www.history of indian photography

১৩। www.evolution of photography

# Bats harbor infectious SARS-Corona Viruses but are not affected by them. Why?

**Kaustav Chakraborty***

**Abstract: : Bats are an ancient and diverse group of ecologically important mammals (the only flying mammal), constituting almost a quarter of all mammalian diversity, play an important role in preservation of ecological balance such as pollinate plants, disperse seeds and destroy insect pests but also act as reservoirs of many infectious viruses, such as Ebola, Marburg, Hendra, Nipah and SARS corona viruses. It is quite obvious that the question comes in our mind is how bats remain asymptomatic or show only mild symptoms when infected with CoVs. Bats anatomically and physiologically, are well adapted to CoVs. Robust immune responses, vigorous flight, longer lifespans of bat make them suitable reservoir host for many viruses. Therefore, this review focuses on the probable answers obtained by the studies or findings of different groups of researchers worldwide on bats that may allow them to harbor CoVs without severe disease.**

**Keywords: Bats, SARS-CoV-2, COVID-19, Bats' immune response, physiological adaptation.**

**Abbreviations: SARS-CoV-2, Severe Acute Respiratory Syndrome Corona Virus-2; CoVs, Corona Viruses; HCoVs, Human Corona Viruses; IFN, Interferon; NK cell, Natural Killer cell; NKG2, Natural Killer cells receptor family; ISG15, Interferon-stimulated gene 15; RNA, Ribonucleic Acid**

## Introduction:

Bats are an ancient and diverse group of ecologically important mammals (the only flying mammal), constituting almost a quarter of all mammalian diversity and expanded to every continent except for Antarctica. Bats belong to the order Chiroptera which comprises of >1300 species [1]. In addition to the important role that bats play in preservation of ecological balance such as pollinate plants, disperse seeds and destroy insect pests; they are also act as reservoirs of many infectious viruses, such as Ebola, Marburg, Hendra, Nipah and SARS Corona viruses [2].

It is quite obvious that the question comes in our mind is how bats remain asymptomatic or show only mild symptoms when infected with CoVs. Therefore, this review focuses on the probable answers obtained by the studies or findings of different groups of researchers

*Assistant Professor (W.B.E.S.), Department of Zoology, S.B.S. Government College, Hili, Dakshin Dinajpur - 733126, West Bengal. Email Id: kaustavc17@gmail.com

worldwide on bats that may allow them to harbor CoVs without severe disease. I speculate about future studies that are critical to identify how bats can harbor multiple strains of CoVs and factors that enable these viruses to "jump" from bats to other mammals. I hope that this review will enable readers to understand the enigma.

**Bats' physiological and anatomical adaptations**

Various studies suggested that bats are well adapted to CoVs anatomically and physiologically. Calisher *et al*., (2006) exposed the fact of mutual adaptation between CoVs and bats [3]. Bats are capable to reduce the pathology triggered by CoVs due to their inactivation of proinflammatory responses and also reduce the immune response to a virus [4,5]. Another important immunological phenomenon such as upregulation of inhibitory natural killer cell receptor NKG2/CD94 suppresses the natural killer cell activity in bats. Besides, low expression level of major histocompatibility complex class I molecules is also noticed [6]. Now-a-days, the researchers assume that studying bats' immune systems will provide new therapeutic targets to fight various human diseases and aging. As bats are capable to mutate or completely eliminate several genes involved in inflammation, so scientists can develop drugs to inhibit these genes in humans and to regulate our immune system more like a bat [5]. Generally, natural killer (NK) cells, which are important immune cells involved in first-line defense against viral infection, are activated by Type I IFNs, the first cytokines produced during a virus infection. A dysregulation in the IFN-NK cell axis in bats could have deleterious immunological effects. ISG15, an extracellular cytokine, has been shown to boost the effector functions of NK cells, which may contribute to control viral replication in bats [2].

Another interesting finding is that bats produce increased level of reactive oxygen species (ROS) due to its high metabolic activity which could suppress CoVs replication as well as affects proofreading by exoribonuclease, these are enzymes that degrades RNA by removing terminal nucleotides [7], thus providing the selection pressure for the emergence of new strains of viruses which are highly pathogenic when introduced into a new host [8].

**Higher recombination rate of CoVs:**

According to Calisher *et al*., (2006) more pathogenic CoV strains might also evolve by recombination which leads to the acquisition of novel proteins for host adaptation [3]. The recombination frequency of coronaviruses is very high [9] that could lead to bats being an important reservoir for coronavirus recombination and virus evolution, much like birds and pigs are for influenza virus. It has been suggested that a recombination event occurred between HCoV-229E-like viruses found in Hipposideros bats and HCoV-NL63-like viruses found in Triaenopsafer bats, where the gene encoding for the spike protein is more closely related to the HCoV-229E virus [10]. Furthermore, most of those recombination events identified in coronaviruses isolated from bats suggest recombination hotspots around the spike gene [11,10]. Widagdo *et al*., (2017) suggested that the tissue tropism in bats may be different than that in other mammalian species and that this may dictate the course of disease and

disease severity [12].

**Robust immune responses of bats:**

A study from University of California claimed that robust immune response of bats to viruses might drive viruses to replicate faster, so that when they jump to mammals with average immune systems, such as humans, the viruses become deadly. This makes bats a unique and suitable reservoir of rapidly reproducing and highly transmissible viruses. While the bats can tolerate viruses like these, when these bat viruses then move into animals that lack a fast-response immune system, the viruses quickly bewilder their new hosts, leading to high fatality rates [13]. Brook *et al*., (2020) pointed out firmly that some bats are able to mount this robust antiviral response, but also balance it with an anti-inflammatory response to avoid the threat of immunopathology. She also suggested that the bats are under unprecedented environmental threats which may add to the threat of zoonosis [14].

Bats' unique capability to put a check on inflammation rapidly is related to antiviral immune response. One of the key weapons of bats' immune systems is the quick release of a signaling molecule called interferon-alpha (IFN-@), which alerts other cells to become ready before a virus invades [13]. It has been evidenced from the *in vitro* studies done by Brook *et al*., (2020) that bats are capable to strongly activate its interferon-alpha gene to flood the body with interferon [14]. She performed experiments on cultured cells from two bats and as a control, single monkey. After exposing to the viruses mimicking Ebola and Marburg, the African green monkey (Vero) cell line (incapable to produce interferon-alpha) was rapidly killed by the viruses but the subset of the rousette bat (an Egyptian fruit bat, a natural host of Marburg virus) cells successfully walled themselves off from viral infection due to interferon early warning. In the Australian black flying fox cells, the immune response was even more promising, with the viral infection slowed considerably over that in the rousette cell line. Furthermore, this interferon response of bat seemed to allow the infections to last longer with no such effect [14].

**Bats possess longer lifespan:**

As the only flying mammal, bats possess higher metabolic rates during flight which is almost double that achieved by similarly sized rodents when running. But to enable flight, bats seem to have developed physiological mechanisms to efficiently wipe up these destructive molecules produced by inflammation of any cause. This side benefit helps bats to have uniquely long lifespans [13]. Plowright *et al*., (2015) opined that this extraordinary, vigorous flight uplifts a bat's metabolic state roughly 15 times above its resting state, sometimes for prolonged periods of nighttime travel. Such physical exertion takes a cost at even the molecular level, triggering the production of harmful chemicals that can damage the DNA that cells need to function and survive. To cope, bats have apparently evolved sophisticated molecular mechanisms to regulate the release of these destructive substances, proofreaded and ligated bits of genetic material back together [15].

**Conclusion:**

It can be concluded from several studies that having a really robust interferon system in bats would help these viruses persist within the host. Bats' unique ability to mount a higher immune response permits the viruses to increase its replication rate without causing damage to its host. Humans lack that antiviral mechanism that is why we face a lot of problem [14]. Ecological and epidemiological studies to identify the strong threats such as habitat destruction, climate change, hunting and other pressures that could enable a coronavirus to spillover from bats are quite necessary [1]. As the human population rises day by day and societal changes occur, human contact with wildlife will also continue to increase. This increases the risk that emerging zoonotic viruses, including coronaviruses, give serious threats to human and animal health. Surveillance combined with scientific studies to better understand zoonotic CoVs and spillover will enable us to be precautioused for the next pandemic.

**References:**


1. Banerjee, A., Kulcsar, K., Misra, V., Frieman, M., Mossman, K. "Bats and Coronaviruses". Viruses. 2019. Vol. 11. P-41-55.
2. Ghosh, P.C. & Chakraborty, K. "Phenotypical and Functional Status of Natural Killer (NK) Cells in COVID-19". EC Pulmonology and Respiratory Medicine. 2020. Vol. 9(12). P-9-15.
3. Calisher, C.H., *et al*. "Bats: Important reservoir hosts of emerging viruses". Clinical Microbiology Reviews. 2006. Vol. 19. P-531-545.
4. Zhang, G., *et al*. "Comparative analysis of bat genomes provides insight into the evolution of flight and immunity". Science. 2013. Vol. 339. P-456-460.
5. Gorbunova, V., *et al*. "The World Goes Bats: Living Longer and Tolerating Viruses". Cell Metabolism. 2020. Vol. 32(1). P-31-43.
6. Pavlovich, S.S., *et al*. "The Egyptian Rousette Genome Reveals Unexpected Features of Bat Antiviral Immunity". Cell. 2018. Vol. 173. P-1098-110 e18.
7. Menachery, V.D., *et al*. "Jumping species-a mechanism for coronavirus persistence and survival". Current Opinion in Virology. 2017. Vol. 23. P-1-7.
8. Chakraborty, K. "COVID-19: Zoonotic Origin, Interspecies Transmission, Virus-Host Interaction and Animals Susceptibility to SARS-CoV-2". EC Pulmonology and Respiratory Medicine. 2020. Vol. 9(9). P-52-60.
9. Baric, R.S., Fu, K., Schaad, M.C., Stohlman, S.A. "Establishing a genetic recombination map for murine coronavirus strain A59 complementation groups". Virology. 1990. Vol. 177. P- 646-656.
10. Tao, Y., Shi, M., Chommanard, C., Queen, K., Zhang, J., Markotter, W., Kuzmin, I.V., Holmes, E.C., Tong, S. "Surveillance of Bat Coronaviruses in Kenya Identifies Relatives of Human Coronaviruses NL63 and 229E and Their Recombination History". Journal of Virology. 2017. Vol. 91.

11. Hu, B., Zeng, L.P., Yang, X.L., Ge, X.Y., *et al*. "Discovery of a rich gene pool of bat SARS-related coronaviruses provides new insights into the origin of SARS coronavirus". PLoS Pathogen. 2017. Vol. 13. P-e1006698.
12. Widagdo, W., Begeman, L., Schipper, D., Run, P.R.V., Cunningham, A.A., Kley, N., Reusken, C.B., Haagmans, B.L., van den Brand, J.M.A. "Tissue Distribution of the MERS-Coronavirus Receptor in Bats". Scientific Reports. 2017. Vol. 7. P-1193.
13. University of California - Berkeley. "Coronavirus outbreak raises question: Why are bat viruses so deadly? Bats' fierce immune systems drive viruses to higher virulence, making them deadlier in humans". In-ScienceDaily. February-10, 2020. <www.sciencedaily.com/releases/2020/02/200210144854.htm>.
14. Brook, C.E., Boots, M., Chandran, K., Dobson, A.P., *et al*. "Accelerated viral dynamics inbat cell lines, with implications for zoonotic emergence". eLife. 2020. Vol. 9. DOI: 10.7554/eLife.48401
15. Plowright, R.K., Eby, P., Hudson, P.J., *et al*. "Ecological dynamics of emerging bat virus spillover". Proceedings of the Royal Society B: Biological Sciences. 2015. Vol. 282. P-20142124.

*MANAN* **Vol. VI, No. 1 & 2, January & July 2019 | ISSN-2348-3849**

*Cover Design Concept :* **Dr. Shyam Sundar Kundu**

*Theme :* **Know thy Great Personality**



‘कन्याप्येवं पालनीया शिक्षणीयाति यत्नतः’।



1) Photos in the front cover top and back cover bottom captured from the "150th birth Anniversary album (1970)" of Iswarchandra Vidyasagar.
2) Photo in the front cover bottom: originally created by Bahadur Chitrakar of Nayagram. Courtesy: Chalchitra Academy. Photo captured from 'Ananda Bazar Patrika' (22.09.2019).
3) Photo in the back cover top sent by Prof. Arup Kr. Das, Govt. College of Art and Craft, Calcutta.

Published by All Bengal State Govt. College Teachers' Association

Price Rs. 200/-